

也安也安也安也安全下へいるというなるとの事

सी नाथना यु छ छित्रना



(গোড়ীয় বৈষ্ণবীয় নিভ্যকুভ্যোপাসনা পদ্ধতি) প্রারে



গ্রীহরিদাস শাস্ত্রী

প্রকাশক শ্রীহরিদাস শাস্ত্রী



মানব চৈতন্ত শিক্ষা সমিতি (রেজি০) শ্রীহরিদাস নিবাস

কালীদহ বৃন্দাবন



প্রথম সংস্করণ ১০০০। সম্বং—২০৩৪ শ্রীশ্রীগোরাদ জয়ন্তী।



্ডক :— শ্রীহরিদাস শাত্রী

contrate on

প্রকাশন সহায়ত। ৪.৫০ সর্ববিধ সুর্ক্তি।





ত্রী শ্রীগদাধরগোরাকৌ বিজয়েতাম I



সিদ্ধ ঐাকৃষ্ণ দাস বাবা বির্তিত

*** भी जाय वाग्र छ छिका**




(পৌড়ীয় বৈষ্ণবীয় নিভাকুত্যোপাসনা প্ৰভি) (প্রার ছন্দে)

প্রীধামবৃন্দাবনস্থ কালিয়দহ নিবাসী স্থায় বৈশেষিক শান্তী-নব্যক্রায়ার্চাধ্য, কাব্য, ব্যাবরণ, সাংখ্য-মীমাংসা-(वनास, ७क, ७क, ७क, रेबस्ववम्बन्छीर्थ-গ্রীহরিদাস শান্ত্রী কর্তৃক लर्च क्षित्र

use men

—ঃ সদ্গ্ৰন্থ প্ৰকাশক :— শ্রীগদাধর গৌরহরি প্রেস ঞ্জীহরিদাস নিবাস कालीम्ह, वृत्तावन।



শ্রীশ্রীগদাধর গোরাঙ্গৌ বিজয়েতাম্

বিজ্ঞপ্তি:-

一:大:-

শ্রীত্রিনাম পরায়ণ পরম মঙ্গলময় শ্রীবৃন্দাবনীয় বৈষ্ণব
বন্দের চির গভীপিত ভঙ্কনীয় পদ্ধতি গ্রন্থ শ্রীসাধনামৃতচন্দ্রিকা
প্রকাশিত হইল। পরস্থে সুখী, ও পরত্থে তৃংখী, শ্রীভগবৎ
থারাধন তংপর শ্রীগোবর্দ্ধন নিবাসী সিদ্ধ শ্রীকৃষ্ণদাস বাবা এই
প্রব্যের রচিইতা। ইনি ১৭৫০ শকান্দায় শ্রীগোপাল গুরু গোস্বামীর
ও শ্রীগোনচন্দ্র গোস্বামীর পদ্ধতি প্রব্যের অনুসরণে সংস্কৃত ভাষায়
শ্রীসাধনামৃতচন্দ্রিকা নামক প্রন্থ প্রণয়ন করেন, যাহা বৈষ্ণব
সমাজে একমাত্র পদ্ধতি প্রত্রুপে সমাল্যত হইয়াছে, উক্ত প্রস্থের বর্ণিত বিষধ সমূহের সহজ মধুর রূপে, আস্বাদনের জন্ম স্থালিত প্রার ছন্দে শ্রন্থানও স্বয়ং করিয়াছেন। প্রস্তুত গ্রন্থ পরহিত ব্রতী শ্রীসিদ্ধবাবার অতুলনীয় অবদান— শ্রীসাধনামৃতচন্দ্রিকা।

শ্রীগোরেশ্বর বৈষ্ণব বৃদ্দ ব্রাহ্মমূহূর্ত হইতে আরম্ভ করিয়।
নক্ত পর্যান্ত জাগবণ শয়নাদি নিখিল অবস্থায় নিরম্ভর শ্রীহরনাম
সংকীতনের সহিত শ্রবণ মননাদি ভক্তাঙ্গের অবলম্বনেই শ্রীকৃষ্ণ
ভজনের উপদেশ প্রদান করিয়াছেন। অষ্টকাল শ্রীনাম কীর্তন
অর্চন মননাদির মুনোরম পরিপাটী যে গ্রন্থে বণিত আছে
তাহাকেই পদ্ধতি গ্রন্থ বলাইয়।

প্রেমভক্তি কাদ্ধিনী সংগ্লাবিতান্তঃ করণ শ্রীশ্রীকৃষ্ণ চৈতক্ত চরণানুগত পার্যন্গণ বিরচিত নিখিল গ্রন্থরতের ভাবধারা বিশুদ্ধ জ্জনপথ নির্দ্ধেশের সহিত রসরাজ মহাভাবমূর্ত্ত শ্রীবিগ্রহের প্রেম সেবা পরিপাটীর দিগ্দের্শনেই বিশুস্ত হইয়াছে। ইহাদের সকলেরই অন্তিমান্তবন্ধ শ্রীশ্রীভগবং প্রেম।


শ্রীভগবং প্রেমের স্বরূপ শ্রীভক্তিরসামূত গ্রন্থে 'সান্দ্রানন্দ বিশেষাত্মা, সম্যক্ মস্থািত স্বাস্তঃ মমত্বাতিশয়াদ্ধিতরূপে স্থাবিস্তৃত ব্যতি আছে।

উক্ত শ্রীভগবং প্রেম নিত্য সিদ্ধ পরিকরগণাপ্রিত হইলে ও শ্রবণ কীর্ত্রনাদি দ্বারা পরিশোধিত সাধক চিত্তেই উহা প্রকটিত হয়। অতএব শ্রীশ্রীগোড়েশ্বর বৈষ্করগণ নববিধ ভক্ত্যুদ্ধ' আচরণের অতিশয় প্রয়োজনীয়তা উপলব্ধি করিয়া থাকেন।

উপনিষহক্ত নিদিধ্যাসনই নববিধ ভক্তাঙ্গের হুন্তু ত শারণ, যাহার অনুষ্ঠানে তৈল ধারাবং অবিচ্ছিন্ন প্রবাহ সম্ভতি দারা অভীপ্ত ধায় বস্তুর নাম, রূপ, গুণ, লীলা প্রভাতর ফুরণ, স্থান্ঠ, আবেশ এবং বাহ্যাভ্যন্তর বিষয়রাগও নিংশেষে নিলুপ্ত হয়, ইহারই জন্ম অন্ত কালিক লীলামতে মনোনিবেশের ব্যবস্থা কক্ষণাময় সজ্জনবৃদ্দ করিয়াছেন।

অষ্ট কালিক লীলাশন্দে শ্রীশ্রীগোর গোবিন্দের নিশান্ত প্রাক্ত:, পূর্বাহ্ন, মধ্যাহ্ন, অপরাহ্ন, প্রদোষ, ও নক্তভেদে দৈনন্দিন লীলা কলাপকেই জানিতে হইবে। অতএব প্রস্তুত গ্রন্থই সাধকের শ্রীশ্রীগোর গোবিন্দের লীলা মন্দাকিনীতে অবগাহনের মনোহর পদ্ধতি।

শ্রীহরিদাসশান্ত্রী



(সিদ্ধ পণ্ডিত বাবা)



ওঁ শ্রীবিষ্ণু পাদ শ্রীল বিনোদ বিহারী গোস্বামী মহাশর







* এত্রীগুরু পরম্পরা * **

প্রীগ্রীরক্ষতৈত্যু মহাপ্রভু 🕴 বীগ্রীরক্ষতৈত্যু মহাপ্রভু জীল গদাধর পণ্ডিত গোস্থামী গ্রী" ন্যুন্নিক মিশ্র শীত বল্লভ মিশ্ৰ ন্ত্রীণ গ্রীমতী ঠাকুর।ণা গ্ৰী'' মধুসূদন গোস্বামী দিন্ধ গ্রীল নিত্যানন্দ দাদ 🖈 গ্রীফর্ণমণি গোস্বামিনী মহাশ্র " बीन वामक्य नाम

মহাশ্র

শ্রীল গদাধর পণ্ডিত গোস্কামী ত্রীণ ভগর্ভ গোস্বামী ন্ত্ৰী" চৈত্ৰ্য গে.স্বামী গ্রী' ভীমানন্দ গোস্বামী শ্রীণ কাণীরাম গোস্বামী গ্রীহেমমণি গোস্বামিনী গ্রীক্রণমণি গোসামিনী গ্রীচিন্তামণি গোস্বামিনী গ্রীল তুর্গানাপ গোস্বামী গ্রী" বিনোদ বিহারী গোসামী প্রীহরিদাস শাস্ত্রী



बी बी लीतान विशु ई शिव

ভাগবত পরম হংল পাদ ব্রীলেজীয়ন্ত দৌরাবিলাদ দাস বাবাজী মহারাজ প্রাসিদ্ধ নাম ভাগিত্বত বিক্রাদ বিহারী গোজামি বেদান্ত বন্ধ জীলে গদাধর পণ্ডিত গোজামির পরস্পরা আচার্যা সন্তার। সম্প্রদার সদা-চার পরস্পরা অনুরোধে জ্রীয়ন্ত বড় লাবারাবারুক্ত দাস পণ্ডিত জী মহারাজের লাহ্নাতে প্রায় ৫৬বং সর বয়সে ভিল্কু লেশ ধারণ করিয়া ছেন। বিদ্যা বিনয়, আচার, অনুরাগ, বৈরাগ, বিরুক্ত, ভজ্ নাদি বল্পপ্রণে বিভূষিত। হদ্য পি পণ্ডিত নাদি বল্পপ্রণ বিভূষিত। হদ্য পি পণ্ডিত জী মহারাজকে বেদান্ত রাভ্র মহাশাল প্রব্রুদ রূপে বরণ করিয়াছেন তথাপি পাণ্ডিত জী মহারাজ ভাঁহারপ্রতি আচার্যা প্রক্র পদবীলগ্রন রূপ মর্য্যাদা স্থানি ব্যবহার কথান ও করেন নাই; কেননা পণ্ডিত জী মহারাজ জীল গদাবের পরি, বারের শিষ্য। "ময্যাদারক্ষণ হয় সার্ব্র ভূষণা বেদান্ত রক্ত মহাশয় আমাদের নিকট

আচার্য্য, গুরুতুল্য সেব্য হইলেও স্থানরক্ষার্থে আদালতি আইন করেন অনুরোধে তাঁহার নিকট স্থীকার পত্র লেখাইয়া লওয়ারূপ মর্য্যাদা হানি অপরাধ করিলাম; তাহা নিজগুণে ক্ষমাকরি-বেন। যদি রুপা পূর্বক ভাগবত নিবাসে বাস করেন তবে আমার জীবনাও পর্যন্ত আমি ওলবক মণ্ডলী জ্রী পণ্ডিত জী মহারাজের তুল্য তাহার প্রতি নিধিরূপে সেবাকরিব। এতদর্থে অনুমোদন পত্র লিখিয়া দিলাম। ইতি সম্বৎ২০০৩ প্রায় মূদি অমাবস্যা।

> जी ह्नामिन्हु भागा-जातकविना द्वापन







🌞 ছক্তিরস্ প্রস্থানাচাষ্ট্য জ্রীরূপ গোস্বামী চরণ 🌞






















আগোরাঙ্গমহাপ্রভুৱ জ্রীকর ভিহ্ন।








প্রাগোরাঙ্গমহাপ্রভুর প্রাতরণ চিঙ্গ।



প্রীনিত্যানন্দপ্রভুৱ প্রীতরণচিহ্ন।







শ্রীনিত্যানন্দপ্রভুৱ শ্রীকরচিহ্ন।



ঐত্যাম্বতপ্রভুৱ ঐাচরণচিষ্ণ।







প্রতিষ্ণতপ্রভুৱ প্রীকরচিহ্ন।




শ্রীকৃষ্ণচন্দ্রের শ্রীতরণচিছ।







ঐাকৃষ্ণচন্দ্রের ঐাকরচিহ্ন।



শ্রীরাধারাণীর শ্রীকর তিহ্ন।



প্রারাধারাণীর প্রাণ্ডরণচিক।

প্রীপ্রাসাধনামৃতচন্দ্রিক।
[প্রথম প্রকাশ]
নিশান্তরত্য
শ্রীশ্রীগোরচন্দ্রায় নম:


অজ্ঞানতিমিরান্ধপ্ত জ্ঞানাঞ্জনশলাক্যা। চক্ষুরুদ্মীলিতং ধেন তলৈ শ্রীগুরুবে নমঃ॥ শ্রীমদ্গুরুপাদামুজে কোটি নমস্বার। এমন করুণাসিন্ধু প্রভু নাহি আর। অজ্ঞানতিমিরে মোর অন্ধৃষ্টি ছিল। জ্ঞানাঞ্জন দিয়া মোর চক্ষু প্রকাশিল্।। জ্ঞান-তমের নাম কহিয়ে কৈতব। धर्मा-वर्थ-काम-भाक-वाष्ट्र। এই नव॥ ইহাতেই অন্ধ দৃষ্টি আছিল আমার। ভাল-মন্দ বস্ত-জ্ঞান না ছিল বিচার॥ রুণা-শুকাকাতে করি রক্ষজানাঞ্জন। দিয়া প্রকাশিল যেঁহো এ মোর নয়ন।। অ্থবা অজ্ঞানতমঃ অবিজার নাম। সে ছানিতে আবরণ কৈল দৃষ্টি জ্ঞান। সুশীতল সাধুসঙ্গ-শলাকাতে করি। শ্রবণাদি-জানাঞ্জন দিল দর। করি।




<u>बीभननभारनकोत्र भंकत्रः वृत्नावन ।</u>

তাতে ছানি দূর করি' নেত্র প্রকাশিল। त्रावाहरकाञ्चल-नीनात्र**ः ए**था**रेन**॥ এমন গ্রীগুরুদেব পতিতপাবন। হরিনামামূত দিয়া তারিল ভুবন॥ যার কুপা হৈতে রাধাক্রফ-কুপা হয়। যাঁর রূপা বিনে কোন স্থানে গতি নয়॥ জয় জয় গুরুদেব-চর্ণকমল। যাঁহার অর্পে নাশে সব অমঞ্ল ॥ এই কুপা কর মোরে করুণাসাগর। তুরা-পাদপদ্মে মন রহু নিরন্তর ॥ জয় জয় গৌরচন্দ্র শচীর নন্দন। জয় নিত্যানন্দতমু অদৈত-জীবন। জর গদাধর-প্রাণনাথ বিশ্বন্তর। জয় গ্রীবাসাদি-ভক্তগণের ঈশ্বর॥ জর জর মহাপ্রভু গ্রীরুঞ্চৈতন্য। কলিযুগপাবনা২তার ধ্যা ধ্যা ॥ ভক্তগণ-সঙ্গে তোমার নদীরা বিহার। নিরস্তর হাদরেতে স্ফুরুক আমার। জয় রাধাক্তঞ্চ গ্রাগোবিন্দ গে।পীনাথ। জয় রাধা-মদনমোহন প্রাণনাথ। জয় রন্দাবনে সুরতরুতলেস্থিতি। কোটি কোটি মনমধ্মধন-মূর্রতি।






জয় রুস্পাবনেশ্বরি! কনকহংসিনি! শ্রীগোবিন্দ মন-সরোবর-বিহারিণি॥ জয় ললিতাদি স্থীগণের জীবন। জয় কীতিদার কীতিবল্লি অনুপম ॥ প্রাণনাথ-সঙ্গে তুমি যে যে লীলা কর। সেই লীলা মোর চিত্তে স্ফুরুকু নিরন্তর ॥ জয় গৌরভক্তগণ-মকর-প্রধান। সভার চরণ প্রতি কোটি পরণাম ॥ যাঁরা ভক্তিরসামৃতসিদ্ধতে বিহরে। মহাকাল-জালভয় প্রাভব করে। পঞ্চবিধা মুক্তিনদী করে অনাদর। অন্য অভিলাষশূন্য সবার অন্তর॥ জয় ভক্তপদরজঃ—সংসারক্তন। জয় ভক্তপদজ্ঞল—ভজ্জনবৰ্দ্ধন॥ জয় ভক্তভুক্তশেষ প্রমমঙ্গল। জয় ভক্ত-নাম ভক্তিপ্রাপ্তির সে বল ॥ জয় ভক্তগণসঙ্গ আনন্দ-তরঙ্গ। ताधात्रक्षनीनात्र**ग-**প্राखित गूर्या जन ॥ জয় জয় ভক্তরুশ, রূপা কর মোরে। শ্রীচরণামুজরজ দেহ মোর শিরে॥ पट्छ ज्न धति गूरे करते। निरवक्त । রাধারুঞ্গীলামূতে ডুবুক্ মোর মন।




श्रीशाविन्मकीय मनित्र, वृन्नावन




व्यक्तिक्षरम, वृत्सावम

পতিতপাবন জয় বৈশ্বব-গোসাঞি। ত্রিভুবনে তোমা বই কেহ মোর নাই॥ মোর শিরে শ্রীচরণ ধরি ক্রপা কর। চিত্তে রাধারুঞ্লীলা করু ঝলমল। নিবেদন করে। মুই সবার চর্বে। এক অভিলাষ সদা হয় মোর মনে॥ গ্রীগোস্বামিপাদ-গ্রন্থের শ্লোকার্থ নিগৃঢ়। বুঝিতে না পারে। যুই ৎতিশর মূঢ়।। সে সব গ্রন্থের শ্লোক একত্র গঁ:থিল। 'সাধনামুতচন্দ্ৰিকা' গ্ৰন্থনাথ হৈল।। তার মধ্যে নিত্যাহ্নিক শ্লোক হয় যত। ভাষা করি **আস্ব**াদিতে হৈল মে:র চিত। আপনারে দেখোঁ যুই অতি সুবালিশ। কুবুদ্ধির সীমা নাহি অধ্যয়নলেশ। তোমা-সবার শ্রীচরণ কেবল ভরসা। তাহা হৈতে মোর পূর্ব হবে সর্ব্ব-আশা। অগতির গতি, সতী মতি দাও তুমি। এ বড় ভর্না চিত্তে করিয়াছি আমি ॥ গ্রীল-গোবর্দ্ধনপদে করি নমস্বার। শ্রীবৈষ্ণব-ক্বত্য অল্পাক্ষরে লিখি সার॥ ত্রীক্রাহ্মযুহর্ষে উঠি' সাধক তরে। নামসংকীর্তনকরে খানন্দ স্তর ।



শ্রীগে পীনাথজীর মন্দির, বৃন্দাবন



শ্রীরঙ্গনাথজীর মন্দির, বুন্দাবন

জয় জয় রাধারুক্ত মদনগোপাল। खीरगांविन्द रागीनाथ वितान त्रमान ॥ युकुन्प युताति शति, जन्न वश्मीधाती । যশোদানন্দন নন্দস্ত গিরিধারী॥ তবে ঐ্রিগুরুচরণে প্রণতি করিয়া। পৃথিবীকে সম্প্রার্থয়ে আনস্দিত হৈয়া। সমূদ্রমেখলে পর্ব্বত-শ্রীস্তনমগুলে ! দেবি বিষ্ণুপত্নি! নমো তুয়া পদতলে॥ মোর পাদস্পর্শ-অপরাধ ক্রমা কর। ক্রফপদে শুদ্ধভক্তি দেহ নিরস্তর ॥১॥ তবে ত বাহিরে যাঞা মূত্রোৎসর্গ করে। পাণি-পাদ ধুঞা দস্তধাবন আচরে॥ রাত্রিবাস পরিহরি' অন্য বস্ত্র পরে। আচমন করি' গৃহে যায় তার পরে॥ সুখাসনে বৈসে পুর্বদিকে মুখ করি'। পুন আচমন করি' ইষ্টমন্ত্র ক্সরি'॥ তবে ত নিশ্চল মনে শ্রীগুরুচরণ। সূর্ণ করিলে হয় আনক্ষে মগন u 'যামলে'তে যে প্রকার শ্রীগুরুস্বরণ। লিখিয়াছে, এই মত চিন্তে বিচক্ষণ # রূপামকরন্দান্বিত শ্রীপাদকমল। শ্বেতাম্বর গৌরক্তি সনাতনবর॥

মঞ্চলদ সুমাল্যভরণ গুণালয়। চিন্তিব ত্রীগুরু, হরি, শুদ্ধভক্তিমর ॥ 'অজ্ঞানতিমিরাস্ক্রস্থ'--এ শ্লোক পড়িয়া। প্রণাম করিবে সাধক অতি নম্র হৈয়া ॥২॥ পাদাজমহসা মহাকুমতিস্তুত্যঃ। নাশকর্তা ব্রজয়েহ-শ্রীবপু সুষম॥ প্রণয়তজনের তাপ সংহার সুকীত্তি। ব্রজেন্দ্রতনয়প্রিয় মধুরমূরতি।। আহ্লাদক সংসারসমুদ্র-সন্তারক। বন্দিব পরমগুরু ভকতি-দায়ক ॥৩॥ শ্রীরাধারজেন্দ্রাত্মজ-ভাবময় তন্তু। রন্দাবন-প্রেমস্খ-কল্পতর্ক জনু॥ শ্রীপরাৎপরগুরু করুণাসাগর। তাঁহার চরণে করে। প্রণতি বিস্তর ॥৪॥ মহামহিমপূজ্য সকলভদ্রকারী। ক্লপাময় কলেবর সত্যব্রতধারী।। ব্রজেন্দ্রন-দেবাপ্রণয়-অমৃত। দান করি' বিশ্বজন করাইল মত।। সুরসবিলাসভূষা তন্তু শোভা করে। বন্দিব শ্রীপরমেষ্ঠিগুরু-পদতলে॥৫॥ এই ক্রমে শুরুবর্গ বন্দনা করয়ে। পুটাগুলি শুরুপদে শরণ প্রার্থয়ে।

তে শ্রীগুরো জগন্নাথ ত্রাণ কর মোরে। দক্ষ হইয়াছি আমি **সংসার অনলে**॥ কালসর্পদংশনেতে তত্ত্ব জর জর। শ্রণ লইনু মুই তুরা পদতল ॥ হে গ্রীগুরো জ্ঞানদাতা দীনজনবন্ধু। নিজানন্দায়তদাতা করুণার সিন্ধু॥ রুন্দাবনে স্থিত জনহিতে অবতার। প্রসীদ হে রাধারুক্তপ্রণয়প্রচার ॥৬॥ তবে গ্রীরুষ্ট্টতন্যপ্রভুর চরণে। প্রণাম করয়ে সাধক আনন্দিত মনে 🛭 আনন্দলীলামৃতময় কলেবর। জাম্বনদকান্তি দিব্যচ্ছবি মনোহর॥ মহাপ্রেমরসদাতা গ্রীচৈতন্যচন্দ্র। তুয়া পদ বন্দো মুঞি অতিশয় মন্দ। যাঁর পাদাস্থুজ-ভক্তি হৈতে জীবে পায়। 'প্রেম' নাম পরপুরুষার্থ ষেবা হয়॥ ভূবনমঙ্গলরূপ খ্রীচৈতন্য হরি। তার পাদপত্তে সদা নমস্কার করি ॥।॥ গ্রীচৈতন্যপাদপদ্ম হৃদক্ষেতে স্মরি'। তবে বিজ্ঞাপন করে করষোড় করি'॥ সংসারতঃখজলধি-মধ্যে নিপতিত। কাম-ক্রোধ-নক্রমকরেতে কবলিত॥

তুর্ব্বাসনানিগড়িত আর নিরাশ্রর। গ্রীচৈতন্যচন্দ্র মোরে দেহ পদাশ্রয়॥৮॥ তবে ত শ্রীনিত্যানন্দপ্রভূ পাদযুগে। প্রণাম করিবে সাধক অতি অনুরাগে॥ প্রদার্য্যেতে কামধেনু চিন্তামণিগণ। কোটি কোটি কল্পতরু নহে যার সম।। কোটি কোটি কাম হৈতে পরমসুন্দর। মাতৃকোটি কোটি হৈতে প্রমবৎসল।। নিরবধি শুদ্ধপ্রেমামুধিরদ্ধিকারী। গৌরপ্রেমর্সে মত্ত আপনা পাসরি॥ এমন শ্রীনিত্যানন্দপ্রভুর চরণে। প্রণাম করে। যুক্তি কায়বাক্য-মনে॥ কর্ষোড় করি' পুনঃ করে। বিজ্ঞাপন। তৌমার চরণ সদ। রহু মোর মন॥ হাড়াইপণ্ডিত-পুজ্র পতিত পাবন। ক্রপার সমুদ্র পদ্মাবতীর নন্দন॥ কোটিতীর্থবন্দিত শ্রীপদ-অরবিন্দ। প্রেমকল্পতর্ক-মূর্ত্তি আনন্দের কন্দ ॥ ষামাকে ত রক্ষা কর, প্রভু নিত্যানন্দ। অনাথ পামর পাপী, যুক্তি অতি মন্দ ॥৯॥ ষি^{*}হো শ্রীরাধিকা সহ শ্রীনন্দনন্দন। কলিযুগে প্রকাশ করিল অমুপম॥

वि दश (व्यमास्त्रीध-मर्पा विश्व पृवारेन। যার বিশ্ববিকাশি সুকীর্তি ব্যাপ্ত হইল। मीनवन्नु मर्सक्रात मर्स **पर्श मिन**। মহাপাতকীর গণে হেলে তরাইল।। শ্রীক্লফের সহ অদিতীয় ততু যাঁর। শ্রীঅদৈতপ্রভু তাঁর পদে নমস্কার॥ শ্রীঅদৈতপ্রভু! তুয়া করুণাবলোকে। গ্রীশচীনন্দন-দাস কে না হৈল লোকে॥ প্রেমের সাগর মাঝে কেবা না ডুবিল। যু অধম পাপী, মোর আশাও নহিল॥১•॥ যার পদনখ-অগ্রকান্তি-লব হৈতে। অজ্ঞানাদিত্যঃ সব বায় অলক্ষিতে॥ যার কটাক্ষেতে গৌরক্ষ হয় বশ। যার সেবালব হৈতে প্রেমেন্দু প্রকাশ। অতুল-আনন্দ-কল্পতর গুণধাম। শ্রীল গদাধর, তার পদে পরণাম । অর্থ বিজ্ঞা**শন—হেগদাধর! দয়া-সরিতের পতি**। প্রেমে বণীভূত কৈলে শচীসূত-মতি॥ তব প্রেমে পদ্মাবতীসূত সদা বশ। মো অতি পামর প্রতি কর ক্রপালেশ ॥১১॥ জীজীবাসাদির প্রণাম বারা তীর্যতুল্য জগৎ করেন পবিত্র।

মায়ারোগনাশে যেন সদ্বৈত্যচরিত্র॥ ইন্দুসম কুপামৃত পান করাইয়া। জগৎ শীতল করে ক্রপাযুক্ত হৈয়া।। ললাটে শ্রীহরিচন্দন-ভিলক বিরাজে। অশ্র-কম্প-রোমাঞ্চাদি ভাবভূষা সাজে। স্ক্রিশ্ব ঐঞ্জীবাসাদি ভক্তপদতলে। সর্ব্বদা প্রণাম করে । আনন্দ-অন্তরে। বিজ্ঞাপন—জয় শ্রীবাসাদিভক্তরুন্দ-রূপামূর্তি। গৌররুষ্ণ-প্রেমামুধি-মধ্যে মগুমতি॥ সুরতরুসম দাতা তোমরা সকল। শ্মদমশান্তসৌম্যস্বভাব প্রবল ॥ দীনজন উদ্ধারিতে প্রবল নিয়ম। পাদরজে পবিত্র করহ মোর মন॥১২॥ শ্রীনবদ্ধীপের প্রণাম

আনবদ্বাপের প্রণাম
নবীন শ্রীহরিরস সর্ব্যন্ত প্রচার।
নবীন কনকগোরাক্বতি পতি গার॥
নবারণ্যশ্রেণী চতুর্দিকেতে বলিত।
নব সুরধুনী-পবনেতে সুশোভিত॥
নবীন শ্রীরাধাক্বফরস-সংকীর্ভন।
নিরবিধি যাতে হয় কর্ণরসায়ন॥
নবীন গোরাক্স ক্রপারসে উনমত।
হেন নবদীপ বন্দে তৈথা একচিত॥১৩॥

শ্রীগঙ্গার প্রণাম নবদ্বী পারামাবলি-কুসুমামোদিতা। নানারত্রচিত তট তীর্থালিসংযুতা॥ গৌরহরি-পাদাস্থজ-ধূলিতে ধুসরা। উচ্চ সংকীর্ত্তনরসে উঠে উন্মিমালা॥ প্রভুরপাপাত্রী সদায়তরসগাত্রী। ঋষিঘটা শিব-ব্রহ্মাদির পূজাপাত্রী॥ কিঞ্জন্ব-শোভিতামূজশ্রেণী-বিকসিতা। মধুলোতে ভ্রমরা-ভ্রমরী উনমতা॥ অঘনিকরভঙ্গা জলকণা ধার। হেন গঙ্গাদেবীপদে কোটে নমস্বার ॥১৪॥ অনস্তর শ্রীগুরুরপা স্থীর প্রণাম, যথা— শ্রীরাধাসমুখাসক্তি অতিশয় বরা। স্খীসঙ্গনিবাসিনী প্রম চতুরা। ত্রীমতী ত্রীগুরুরুপা স্থীর চরণে। বন্দনা করিয়ে আমি কায়-বাক্য-মনে । এই ক্রমে গুরুবর্গ বন্দনা করিঞা। যুপেশ্বরী-পাদামুজ বন্দে । হুষ্ট হৈঞা ॥১৫॥ শ্রীরাধিকার প্রণাম, যথা— রাসোৎসববিলাসিনী প্রমা ঈশ্বরী।

कुक প্राणीधिका ताथा श्रुतमा सून्मती ॥

শ্রীপরমানন্দরপা রসের গাগরী।
নিজনামে শ্রীরুক্তের প্রাণ-মনোহারী।
নানা রত্ব-অলঙার শ্রীঅঙ্গে বিরাজে।
কুমুমখচিত বেণী ভুজ্ঞাঙ্গনী সাজে।
শ্রীরুন্দাবনেশ্বরীর চরণক্ষল।
বন্দনা করিয়া ধরো শিরের উপর।।
বিজ্ঞান্তি—হে উর্জেশ্বরি! মুই দন্তে তৃণ ধরি।

বিজ্ঞান্ত—হে **ডজে**জখার ! মুহ দন্তে তৃণ ধার।
চাটুক্তিতে প্রার্থনা করন্ত্রু কর জুড়ি'॥
তোমার জানিয়া মোরে রূপা অভিশয়।
বকান্তক করে যেন হইয়া সদয়॥১৬॥

শ্রীকৃষ্ণের প্রণাম
শ্রীরন্ধণ্য দেব গোব্রাহ্মণ হিতকারী।
বন্দেশ জগৎ-হিত রুম্ফ গোবিন্দ যুরারি॥
বন্দেশ শ্রীনলিননেত্র বেণুবাত্যকারী।
রাধাধরসুধাপানাসক্ত বনমালী॥

বিজ্ঞপ্তি—হে শ্রীপশুপাল-ইন্দ্র-কুমার! তোমারে। প্রথমিয়া প্রার্থনা করিয়ে কাকু স্বরে। ব্রজের যুবতীমোলিমালা গ্রীরাধিকা। এ-জনকে কর তাঁর রুপাপাত্রাধিকা॥১৭॥

শ্রীললিভাদির প্রণাম কারুণ্যকল্পলিতে শ্রীললিতে। তুরা। চরণেতে নমস্কার করে'। নম্র হৈয়া। শ্রীরাধাসমানরপগুণচাতুরিকে। নমস্কার করে । তুয়া-পদে বিশাখিকে। গ্রীঅচ্যুত-চারুচিত্তপদ্ম-সূচঞ্চরি। শ্রীচম্পৃকলতে! তুরা পদে নমন্ধরি॥ বিচিত্রচরিতে চিত্রকারিণি ঐচিত্রে। তুরা পদে নমস্কার করি এক চিত্তে। দয়িতপ্রণয় অঙ্গরঙ্গ রঙ্গদেবি। দগুৰৎ করে। মুই তুয়া পদ দেবি॥ সুখলাশুনদী শ্রীস দেবি তুয়া-পদে। দগুবৎ করে। মোর ঘুচাহ বিপদে। প্রীতুঙ্গবিজে বিজা বিনোদসদনে। দগুবৎ করে। যুক্তি তোমার চরণে॥ পুর্বেন্দুখণ্ডনথরে হে গ্রীইন্দুলেখে। দণ্ডবৎ করে।, কর ক্নপার কটাক্ষে॥ বন্দে । গ্রীরাধিকানুজা অনঙ্গমঞ্জরি। সদা মধুমতি বন্দে । করজোড় করি ॥ সোহাৰ্দ্দবিমলে তুয়া পদে শ্ৰীবিমলে। সমস্কার করে[†]। যুঞি আনন্দ-অন্তরে॥ গ্রীরাধিকা-পরমস্কৃদ শ্রীশ্রামলে। নমস্কার করে°।, রাখ শ্রীচরণ তলে। হে পালিকে প্রণয়পালিনি ! বার বার। দশুবৎ করে।, মোরে পালহ এবার ॥

পরমমঙ্গলরূপসীমা শ্রীমঙ্গলে।
নমস্কার করে'।, মোরে রাখ সুমঙ্গলে॥
রজেন্দ্রতনরপ্রেমধনে ধনী ধন্যে।
প্রেমধন দেহ, বন্দে'। তোমার চরণে॥
হে চন্দ্ররুচিরে চন্দ্রসমসুশীতলে।
হে তারকে! তুয়া-পদ বন্দে'। মুঞি শিরে॥
বিজ্ঞপ্তি—শ্রীরাধিকা-প্রণয়নিঝ'রসিক্ত চিত্ত-।
বিজ্ঞি সু কম মুপরিমোদিক জাচাত ॥

রতি সুকুসুমপরিমোদিত অচ্যুত। প্রেম-অনুরাগ-গুরু ললিতাদি গণ। স্বাডিয**ুরেণুসম মোরে** করহ চিন্তন ১৮॥

শ্রীকৃষ্ণ-কিন্তরগণের প্রণাম রক্তক, পত্রক, পত্রী আর মধুব্রত। মধুকণ্ঠ, রসাল, বিলাস, প্রেমকন্দ। মকরন্দ, চন্দ্রহাস, পয়োদ আনন্দ। বকুল, সারঙ্গ, ভূঙ্গ আর শ্রীরসদ। মণিমর বর চন্দনেতে উজ্জ্বলাঙ্গ। জবাষ্বর্পচন্দন-শ্রমরতুলা অঙ্গ। যা'রা নিজ্ঞ-বপু-অনুরূপ বস্ত্র পরে। শ্রীকৃষ্ণকিঙ্কর—পত্রকাদি বন্দো শিরে॥১৯॥

স্থাগণের প্রণাম ক্ষণ-অদর্শনে দীনচিত্ত বৃদ্ধিমান। কুষ্ণসঙ্গে বিহরেন ষত স্থাগণ ॥ রক্ষসম বয়োগুণ, বিলাস, সুবেশ।
মণি আভরণ অঙ্গে সুমঞ্জুল কেশ।
নীলমণি হাটক ক্ষটিক পদ্মরাগ।
মণিসম অঙ্গকান্তি সেহপরভাগ।
শ্রীসূহ্বৎস্থা, স্থা, প্রিয়স্থা আর।
প্রিয়নর্শ্বস্থা, স্বার পদে নুমস্কার॥২০॥

শ্রীবলদেবের প্রণাম
বামগণ্ডপ্রান্তে শোভে এক রক্তোৎপল।
মণিকুণ্ডলের সহ করে ঝল্মল॥
মুগনাভি কস্তরীতে চিত্র কলেবর।
শুজ্ঞাবলিহার শোভে হৃদয়-উপর॥
শারদ-অস্কুদলুতি চারু নীলাম্বর।
আজাতুলম্বিত ভুজ সুগন্তীর হর॥
এখন প্রীরোহিণীনন্দন বলরাম।
তাঁরে পদে কোটি কোটি করে। পরণাম॥২১॥

গ্রীযশোদার প্রণাম
ক্যৌমচিত্রবাস কটিতটেতে সুন্দর।
পুত্রস্লেহে প্রবে কুচমুগ মনোহর ॥
ডোরিযুক্ত জুটী বক্রকেশের পটল।
সিন্দুরের বিন্দুতেই সীমস্ত উজ্জ্বল॥
নানা মণি-অলঙ্কারে অঙ্গ সুশোভন।
শ্রীগোবিন্দ-মুখ দেখি' সাশ্রু তুনরুন॥

নব ইন্দীবর হৈতে অতি শ্রামকান্তি। সেই ব্রজেশ্বরী-পদে করে মুই নতি ॥২২॥

শ্রীনন্দমহারাজের প্রণাম তুন্দিল চন্দনরুচি বন্ধুজীবাম্বর। তিলতগুলিতকচা দীর্ঘকলেবর॥ ব্রজক্ষিতিপতি নন্দরায়ের চরণে। অনন্ত প্রণাম যুঞি করেঁ। অনুক্রণে॥২৩॥

শ্রীরোহিণী দেবীর প্রণাম বিসখেতবর্ণা নীল।ম্বরা শ্রীরোহিণী। করজোড় করি' বন্দে'। রামের জননী ॥২৪॥

শ্রীর্যভান্তরাজের প্রণাম ইন্দীবর্শ্যাম চিত্রাৎশুক স্থূলতন্ত্ব। নিরন্তর শিরে বন্দেশ রাজার্যভান্তু॥২*৫*॥

শ্রীকীর্ত্তিদার প্রণাম সুবর্ণ কেতকীকান্তি জলদবসনা। শ্রীকীর্ত্তিদারাণী বন্দে'। হৈয়া একমনা॥২৬॥

শ্রীরূপমগুরী প্রভৃতির প্রণাম শ্রীরূপ মঞ্জরী আর লবঙ্গ মঞ্জরী। শ্রীলীলামঞ্জরী, গুণমঞ্জরী সুন্দরী॥ শ্রীরূসমঞ্জরী আর শ্রীরতিমঞ্জরী। শ্রীবিলাসমঞ্জরী, শ্রীকস্তরীমঞ্জরী॥

ত্রীরূপমগুরী আদি দাসীগণ পায়। দগুবৎ করি' মুঞি লইনু আশ্রের। ষা'রা রুক্দ।বন-মহেশ্বরীর চরণ। সেবন করয়ে আর তাম্বূল অর্পণ। জনদানাভিদারাদি করয়ে সকল। নানাপ্রীতিরসে সুখ দেন নিরস্তর॥ প্রাণপ্রেষ্ঠ সখীকুল হইতে নিশ্চর। কেলিস্থান অসম্ভোচ, ভূমি প্রেমময়॥ সে রূপমঞ্জরী আদি দাসীগণ পার। দশুবৎ করি যুক্তি লইনু আশ্রয়। বিজ্ঞপ্তি—শ্রীরাধার প্রাণতুলা শুচিরস কথা। চাতুরী বিচিত্র চরিত্রেতে নিপুণতা। নিজেশ্বরী সূথে করেন সেবাতে সন্তুষ্টা। সুরত বিমুখা শ্রীরাধিকান**ন্দচেষ্টা**। যাঁহার। সর্ব্বার্থসিদ্ধা প্রেমসেবেতির।। নিজগুণে ক্লপাপূর্ণ সুমাধ্বীকসারা। শ্রীমতী রাধার যত প্রিরনর্ম্মসখী। মো পাপীরে রুগা করি' কর অতি সুখী ।২৭

সর্বগোপ-সোপীর প্রণাস সর্ব্বগোপগোপীগণ বন্দে । একমনে। ক্রুণা করি' দেখ মোরে কটাক্ষের কোণে ॥২৮ শ্রীপোর্ণমাসীদেবীর প্রণাম রাধেশ-কেলী-উড়ুত বিবিধ বিহার।
সমাধানবিজ্ঞা ব্রজে বন্দিতা সবার ॥
দয়াদি অশেব গুণে বিশ্বের বন্দিতা।
শ্রীপোর্বমানীরে নমি করিয়া নম্রতা॥
কাষায়বসনা কাশকেশা দরায়তা।
গৌরাঙ্গী সকল-ব্রজজননিষ্বেবিতা॥
শ্রীকৃষ্ণলীলাকিমগ্রমনা নিরবধি।
বন্দেণ পৌর্বমানা ভগবতী সর্ব্বসিকি॥২৯।

প্রীকৃদাদেখীর প্রণাম
এই ভবারণ্যে দেবী! নিশ্চয় মুরারি।
মদা কান্তাসহ কেলি করে মনোহারী।
প্রতি-স্মৃতি কহে ইহা জানিয়া তোমার।
বীচরণ বন্দেশ রুদ্দে! করি নমস্কার।
নাম্র রুপা কর মোর তৃষ্ণাতরুবর।
অতিশয় কলীভূত হউক সত্বর।৩০॥

শ্রীভূলসীদেবীর প্রণাম
শাহাকে দেখিলে নিখিলাঘ শান্ত হয়।
পরশ করিলে বপু পবিত্র করয়॥
বন্দনা করিলে সব রোগ ঘায় নাশ।
সেচন করিলে কাল পায় মহাত্রাস।
রোপণ করিলে ক্রুন্থে করান আস্কি।
চরণে অর্পণ কৈলে দেন প্রেমভক্তি॥

এমন যে গ্রীতুদসী তাঁকে নমস্কার। দক্তে তৃণ ধরি' দূঞি করে'। বার বার ॥৩১॥

শ্রীরন্দাবনের প্রণাম লক্ষ্মীর আনন্দরন্দ-পরিপুষ্টিকারী। লন্দনন্দনের পরানন্দ-পরচারী। শ্রীগোবিন্দকান্তাগণের প্রেমানন্দদায়ী। বন্দেশ রুক্ষাবন-মনোহর-মুর্ভিমরী॥৩২॥

শ্রুষ্মার প্রণাম
গঙ্গাদি সকল তার্থসৈবিভচরণা।
শ্রীগোলোক সধ্যরস-মহিত-মহিমা।
অধিল ভকতগণে আনন্দসাগরে।
যিহোঁ ডুবাইল অতি আনন্দের ভরে।
শ্রীরাধাযুকুন্দানন্দদায়িনী যযুনা।
ভাঁহার চরণ বন্দো। করিয়া প্রার্থনা।

শ্রীশ্রামক্ষরের প্রণাম
সপ্তাদিন রুক্ষকরকমল-উপর।
বিরাজিত হৈল যিহোঁ যেমন প্রমর ॥
ফুল-ফল-কন্দমূল-জল-তৃণাদিতে।
ধ্বেমু-গোপদঙ্গের রুক্ষে দেবে অবিরতে॥
শৈলেন্দ্রগুকুটমণি গিরিগোবর্দ্ধন।
আনন্দিত হঞা বন্দেশ তাঁহার চরণ॥৩৪॥
শ্রীশ্রামক্তের প্রণাম

তৃষ্টারিপ্টবধে রশ্বচরণাজ তৈতে। যেন মকরন্দ স্ফীত হৈল প্রকাশিতে॥ শ্রীরাধিকা নানাবর্ণ-মণিতে করিরা। সোপান করাইলেন আনন্দিত হৈরা॥ প্রেমে আলিঙ্গন যেন করে প্রিয়াসব। নিত্য বন্দেশ অরিপ্টাখ্য ইপ্ট সরোবর॥৩৫॥

শ্রীরাধাকুণ্ডের প্রণাম
শ্রীরন্দাবিপিন অতি রুমণীয় ইয়।
তাহা হৈতে গোবর্দ্দন শ্রীমান্ শোভয়।
শ্রীরাসস্থলিকা রুসময় বিরাজয়।
অন্যস্থল সহ কভু তুলনা না হয়।
বাঁর অংশলব কিছু যোগ্য নহে সম।
মুকুন্দের প্রাণ হৈতে অতি প্রিয়ভ্য।
প্রিয়াসম দয়িত, তাঁহার সরোবর।
শ্রীরাধাকুণ্ড বন্দেশ আনন্দ-অন্তর।

শ্রীব্রজবাসীপ্রণের প্রণাম
যাতে ব্রহ্মা তৃণ-গুল্ম-নিকরের মারে।
বিবিধ কর্মার্ভ অতি দীন জন্ম বাস্থে॥
পরম বিনয়-পুণ্যযুক্ত যে যে জন।
শ্রীব্রজমণ্ডলে বৈসে অতি প্রিরভম॥
তাঁ স্বার পদরেণু মস্তকে ধরিয়া।
দশুবৎ করে। যুক্তি আনন্দিত হৈরা॥৩৭॥

শ্রীবৈঞ্চবগণের প্রশাম
থা'রা প্রীচৈতন্যলীলামৃত-সাগরেতে।
রন্দাবনরসমাঝে ডুবে আনন্দেতে ।
থা'রা নিজগুণে করে জগৎ পবিত্র।
হরিনামপরায়ণ বিমল চরিত্র ॥
বাঞ্ছাকলতরু পূর্ণ কুপার সাগর।
পতিতপাবন প্রেমরসের আকর ॥
সকল বৈঞ্চব গোঁদাঞী চরণকমলে।
কোটি কোটি দশুবৎ করে। নিরস্তরে ॥

* * *

এই মতে শ্রীগুর্বাদি ক্রমেতে করিয়া।
ক্রিসন্ধ্যাতে প্রণামাদি করে নম্র হৈয়া ॥৩৮॥
তার পরে নিশান্তেতে লীলার কীর্ত্তন।
করিবে সাধক জন ধেন আছে ক্রম ॥
জয় জয় গৌরচন্দ্র বিশুদ্ধবিক্রম।
কনককমলকান্তি কমলনয়ন ॥
বরজাতুবিলম্বিত সভুজ শোভন।
নানাভক্তিরস-অভিনর্তক সুষম ॥
জয় জয় রুষ্ণচন্দ্র জগত-নিবাস।
শ্রীদেবকীগর্ভে জন্মবাদ সূপ্রকাশ ॥
যতুবর পারিষদগণ হয় খাঁর।
তুই ভুজাতেই করে অধর্ম্ম সংহার॥

স্থাবর জন্ম সবার তুঃখ বিনাশক। হাস্তে ব্রজপুরকান্তার প্রেমস,বর্দ্ধক॥ বাঁহার স্মরণে জন কল্যাণগাত্র হয়। সে পুরুষ অজ হরি করে। মু আশ্রয়॥ विषक्ष भाषानीयन विनास निषमा সম্ভোগচিহ্নিতে স্বচিহ্নিত সব অঙ্গে॥ পবিত্র আম্নায়বাণী অগম্য মুর্তি। নবনীতচোর ব্রহ্মে বন্দে^{*}। যুঞি নিতি॥ ष्रतिक নেত্রা ব্রজাঙ্গনানকভরে। রুষ্ণলীলামৃত গান করে উচ্চৈম্বরে। দধিনিৰ্শ্মন্থন-শব্দ তাতে বিমিশ্ৰিত। যাতে দিশা-অমঙ্গল বিনাশে ত্বরিত ॥৩৯॥ এবে কাল নিয়ুমাদি কহি বিবরিয়া। অষ্টকালক্রমে ভক্ত ভক্তে মন দিয়া ॥ নিশান্ত, প্রাতঃ পূর্বাহু মধ্যাক্ত যে আর। ष्मश्राङ्ग, मक्ता, श्राप्ताय, ताञ्च-ष्रकाल ॥ যপাক্রমে মধ্যাক্ষ, যামিনী—যণ, মুহর্ত। নিশান্তাদি আর তিন মুহুর্ভ প্রমিত।। সারদাতিলকে নিশান্তেতে ধ্যান যথা। সজ্জেপেন্তে কহি কিছু, শুন তার কথা ॥৪•॥ রমণীয় রুন্দাবনে সাধক যে জন। শ্রীগোবিষ্দদেবে ভিহোঁ ক্সরে অনুক্রণ॥

পুগুরীকনেত্র কটাক্ষেতে অবিরত। বশ করিছেন গোপকন্যা শৃত শৃত ॥ কৃষ্ণমুখামুজে প্রেরি' নেত্র মধুকর। কামবাণে প্রপীডিত গোপিকানিকর। যুপমধূপানে আলিঙ্গনে উৎকণ্ঠিতা। যুক্তাহারযুত-তুপস্তনভারে নতা॥ স্থালিত হৈল ধন্মিল্লকুসুম বসন। মদভরে সকলের শ্বলিত বসন। দন্তপংক্তি-কান্তিতেই অধর রঞ্জিত। বিভ্রমাদিভাবে কান্ত করে প্রলোভিত ॥৪১॥ তৎপরে নিশান্তলীলা অরণ করিবে। প্রথমে গৌরাঙ্গলীলা মানসে চিন্তিবে ॥ নিশা-অবসানে গ্রীবাসের অঙ্গনেতে। শ্রীমণিমন্দিরে রত্নপর্যাঙ্ক-শোভিতে॥ কুসুমশ্যাতে শুতিয়াছে গৌরচন্দ। অলি-পিক-নাদে ভঙ্গ হৈল নিজানন্দ। গর গর চিত্ত সহজেই নিজভাবে। তাহাতে উদয় হয় দিতীয় বিভাবে। গ্ৰীঅঙ্গে শোভিত কিবা অডুত অনুভাব। হরিষ, বিষাদ, শঙ্কা—সঞ্চারী প্রভাব **॥** নয়নকমলে প্রেমানশবারি বরে। পুলকে পুরল কিবা গৌর-কলেবর।

শ্ৰীসাধনায়তচন্দ্ৰিকা

নিকুঞ্জমন্দিরে রাধারুফের বিলাস। স্মরণ করিয়া প্রভু ছাড়ে ঘনশ্বাস ॥ অনুরাগে অরুণিত নয়নারবিন্দ। সে মাধুরী দেখি' প্রেমে ভাসে ভক্তরুক্ত ॥ অঙ্গুলি-যন্ত্রিত চুই ভুজ ধরি' শিরে। অঙ্গমোড়া দিল প্রভু আলসের ভরে॥ জ্ঞার উদ্পামে দন্তকিরণ প্রকাশ। নাসাপুট প্রফুল্লিভ, ছোটিকা-বিলাস। হেন কালে স্বরূপাদি সব ভক্ত মেলি'। মহাপ্রভু-নির্ম্মঞ্ছন করে কুতুইলী। কেহ অতি সুমধুর-মরে করে গান। মধুর মৃদঙ্গ কেহ বাজায় সূতান॥ করতালমন্দিরাদি সুমেল করিয়া। প্রভূ गৃখ হেরি' নাচে কেহ মত্ত হৈরা। এইমত পরানন্দে ডুবে ভক্তগণ। সে আনন্দ সব মুখে না হয় বর্ণন। তারপর মহাপ্রভু ভক্তগণ-সঙ্গে। নিজগৃহে গমন করম্নে অতি-রঙ্গে॥ নিজন্বারে ভক্তগণে করিয়া বিদায়। শ্য্যাতে শ্যুন করে গোরা দিজরায় ॥৪২॥ জতঃপর রন্দাবনে নিকুঞ্জমন্দিরে। ताधाकुक्कनीना **চिटल माधक अ**स्टर्त ॥

সন্ৎকুমারসংহিতাতে শ্রীনারদমুনি। রন্দাদেবী প্রতি প্রশ্ন করে মিষ্টবাণী। শুন দেবী! গ্রীক্লফের নৈতিক চরিত্র। জানিতে আমার চিত্ত হয় উৎকঞ্চিত। যদি যোগ্য হঙ, আদি হৈতে কহ মোরে। হে শোভনে ! সব লীলা করিয়া বিস্তারে॥ রুন্দা কহে—ক্লফভক্ত হও যুনিবর। রহস্ত যত্তপি তভু কহিব সত্বর॥ এই কথা কহোঁ যুঞি, না কহিও কারে। গুহু হৈতে গুহু এই রাখিহ অন্তরে॥ রমণীয় রূন্দাবন-মধ্যে সুলোভন। পঞ্চাশৎ সুমধুর কুঞ্জেতে মণ্ডন। কল্পবৃক্ষ-নিকুঞ্জেতে গ্রীরত্নমন্দিরে। বিবিধ কুসুমশ্যা তাহার উপরে॥ শ্রীরাধাগোবিন্দ অতি দৃঢ় আলিসনে। শুতিয়াছে তুইজন যুক্তিত নয়নে॥ মোর আজ্ঞাকারী শুক-শারী পক্ষীগণ। বচনেতে তুই জন হয়েত চেতন।। বিয়োগ-কাতরে হৃত্ দৃচ্ আলিঙ্গন। শ্যা। হৈতে উঠিতেও না করয়ে মন। তার পরে গুক-শারী নানা সুপজেতে। প্রবোধ করার দোঁহে অতি আনলেতে #

তাংদের বচনে তুত্ত শ্যা হৈতে উঠি'। বৈসেন আনন্দে নিজ্ঞালশুযুক্তদৃষ্টি॥ সে সময়ে সখীগণ ভিতরে প্রবেদি'। ছহু রূপ হেরে প্রেমসাগরেতে ভাসি'॥ তৎকাল-উচিত সেবা করে সখীগণ। স্বপ্রাণের সহ দোঁহার করে নির্মাঞ্ছন॥ শ্যা হৈতে উঠি পুনঃ শারিকা-বচনে। নিজ নিজ গৃহে তুহু কররে গমনে। ভয়োৎকণ্ঠাব্যাকুলিত দোঁহাকার মন। নিজ নিজ শ্ব্যাতে তুহু^{*} কররে শ্রন ॥ সখীগণ স্ব-স্ব-গৃহে কররে গমন। এই ত নিশান্তলীলা করিল বর্ণন ॥৪৩॥ সাধক এ সব লীলা স্মরণ করিয়া। সংখ্যা-পুর্বাক নাম লয় আনন্দিত হৈয়া।

* * *

তবে পুনঃ পূর্ব্বং শ্রীগুর্বাদি-ক্রমে।
সাধক প্রণাম করে আনন্দিত মনে॥
তবে মৃত্রক্নত্যাদি বিধি যথাক্রম।
করিয়া করয়ে তবে বৈষ্ণবাচমন॥
প্রথমেতে পাদহস্ত প্রকালন করি।
শ্রীকেশ্ব, নারায়ণ, মাধব সন্ধরি'॥

তার পূর্ব্ব চতুর্থ্যন্ত করি তিন নাম। তিনবার আচমন করে সাবধান॥ ত্রীগোবিন্দ, ত্রীল বিষ্ণু করিয়া স্মরণ। তবে শীঘ্র পাণিদ্বয় করে প্রকালন॥ ত্রীমধুসুদন, ত্রিবিক্রম উচ্চারিয়া। সংবৃত অস্কুঠমূল যত্নেতে করিরা। पक्तिन-वाम, वाम-पक्तिन क्राय प्रशेवात । সাবধান নিজযুখ পুনঃ মার্জ্জে আর॥ 'বামন, শ্রীধর' তুই মন্ত্র উচ্চারিরা। তেমনে সংরতাঙ্গৃষ্ঠমূলেতে করিয়া॥ ওষ্ঠাধর উর্দ্ধ অধঃ ক্রমে চুইবার। সাধক মার্জ্জন করে হইয়া সত্তর॥ "গ্রীহ্ববিকেশায় নসঃ'' করিয়া স্মরণ। ত্তবে পাণিদয় শীঘ্র করে প্রকালন। "গ্রীপদ্মনাভার নমঃ" এ মন্ত্র উচ্চারি। সাবধানে পাদম্বর প্রকালন করি॥ "जीनारमानतांत्र नमः" এ मञ्ज পড়িয়া। শিরে জল তিনবার সিঞ্চে মন দিয়া। ''শ্রীবাসুদেবায় নমঃ" করিয়া স্বরণ। অনামিকা মধ্যমা তৰ্জ্জনী তিন পুনঃ। মিলাইয়া নিজমুখে করম্বে স্পর্শন। পুনঃ সম্বর্গ, প্রস্ত্যুম্ন করিয়া স্মরণ ম

অঙ্গুষ্ঠ, তর্জ্জনী চুই একত্র করিয়া। নাসিকাকে স্পর্শ করে একচিত্ত হৈয়া। 'অনিরুদ্ধ, পুরুষোত্তম' তুই মন্ত্র স্মরি। অঙ্গুষ্ঠ, অনামিকা তুই একত্র করি॥ নয়ন যুগল বারংবার করে স্পর্শ। 'অধোক্ষজ, শ্রীনৃসিংহ' জপি হৈয়া হর্য।। অঙ্গুষ্ঠ, অনামিকা চুই একত্র করিয়া। কর্ণদর পুনঃ পুনঃ স্পর্গে মন দিয়া॥ "শ্রীঅচ্যুতার নমঃ" করিণ উচ্চারণ। অস্থুষ্ঠ, কনিষ্ঠাতে নাভি করয়ে স্পার্শন ॥ 'গ্রীজনার্দন' মন্ত্র করিরা স্মরণ। করতলে হৃদয়কে করয়ে স্পর্শন। "গ্রীউপেন্দ্রায় নমঃ" উচ্চারণ করে। সর্ব্বাঙ্গুলি মন্তক উপরি লৈয়া ধরে ॥ 'হরি, রুষ্ণ' তুই মন্ত্র করিরা স্মরণ। দক্ষ বাম বাভুমুল করয়ে স্পর্শন ॥ जममर्थ (कवल समूथ, मक्ककर्व म्यादर्भ। যেহেতু দক্ষিণ কর্ণ-স্পর্শে বিধি আছে ॥৪৪॥ তবে ধৌত বস্ত্র লইয়া স্নানের নিমিতে। তীর্থাদিতে যাঞা মৃত্তিকা রাখয়ে তটেতে॥ তীর্থকে প্রণাম করি' ঐ্রিক্টফ চরণে। নতি করি' পুনঃ ভারে করে নিবেদনে॥

ত্রীপদ্মপুরাণে যথা প্রার্থনা বচন। দেব দেব জগন্নাথ শ্রীমধুসূদন॥ শध हक गमाधत विकू, नातात्व। আজ্ঞা দেহ, তুরা তীর্থ করি নিষেবন॥ পাপী আমি পাপকর্মা পাপায়া যে আর। পাপেতে সম্ভব মোর নাহিক নিস্তার॥ মোরে রক্ষা কর, সর্ব্ব পাপ দূর করি'। পুগুরীকনয়ন শ্রীযুরারি শ্রীহরি॥ প্রার্থনা করিয়া জলে করে প্রবেশন। মন্ত্র পড়ি' মৃত্তিকা যে করয়ে গ্রহণ॥ মৃত্তিকা গ্রহণ মন্ত্র শ্রীপত্মপুরাণে। উচ্চারণ করে মন্ত্র আনন্দিত মনে। "অশ্বক্রান্তে রধক্রান্তে বিষ্ণুক্রান্তে ভূমি। বসুন্ধরে! যে তুদ্ধৃতি করিয়াছি আমি॥ শ্রীযুন্তিকে সব মোর ক্ষমা কর তুমি। স্থাবর জঙ্গম সর্ব্ব পালন কারিণি॥ শৃতবাহু শ্রীকৃষ্ণ বরাহরূপ ধরি' । তোমাকে উঠায়াছেন অতিযত্ন করি'। সুব্রতে ! তোমার পদে কোটি নমস্কার। पट्छ ज्वधित' युक्ति करत्। वातःवात ॥" 8& তবে নত্যাদিতে প্রবেশিয়া নাভিজ্বলে। প্রবাহাতিমুখ স্নান করে কুতূহলে।

সরোবরাদিতে পুর্ব্বদিকে মুখ করি। সামান্যেতে স্নান করে আচ্যন্চরি'। বিশেষে ত চতুদ্দিকে চারিহন্ত মান। জলে করি তীর্থ তাতে করে আবাহন।। "শ্রীগঙ্গে যযুনে গোদাবরি সরস্বতি! কাবেরি নর্মাদে সিন্ধা, সবে আইস এথি॥" এ পড়িরা পুটাঞ্জলি করি' একচিতে। তীর্থকে প্রার্থনা করে অতি আনক্ষেতে॥ বিষ্ণপাদ হৈতে জন্ম প্রধান বৈষ্ণবী। প্রীবিষ্ণুদেবতা বৈষ্ণবের সেব্যা দেবী ॥ আজন্ম মরণান্তিক পাপরাশি হৈতে। মোরে রক্ষা কর গঙ্গে! মো অতি পতিতে॥ কলিন্দতনয়ে পরানন্দবিবদ্ধি নি। দেবি ! ভূয়া জলে স্নান করিব যে আমি ॥ সর্ব্ব অপরাধ হৈতে মোরে যুক্ত কর। তোমা বিনে সুদয়ালু নাহিক দোসর॥ শ্রীপাবনসরোবর জগত-পাবন। সাক্ষাৎ তুরিতসমুদর-বিনাশন ॥ হে রুক্তবল্লভ । তুমি মোরে দয়া কর। ষ্বতি আর্দ্ত ক্লপণ যু অধ্য পামর॥ অরিপ্রাস,র-বংছলে রুঞ্চপাদ হৈতে। তোমার যে জন্ম ইহা বিখ্যাত জগতে।

হে খ্রীগ্রামকুণ্ড ! তুরা নির্দান সলিলে। করিব যে স্নান আমি, রক্ষা কর মোরে॥ গ্রীরাধিকাসমান সৌভাগ্য হও তুমি। সৰ্ব্বতীৰ্থ প্ৰবন্দিত' কি বলিব আমি॥ প্রসীদ রাধিকাকুণ্ড! তোমার সলিলে। করিব যেক্সান আমি; মোরে রাখ,তীরে॥ ৪৬ তীর্থ-প্রাথ না পঞ্চ শ্লোক উচ্চারিয়া। গ্রীক্লফ্চরণ খ্যান করে মন দিরা॥ অবগুষ্ঠনমুদ্র। করিয়। তবে পুনঃ॥ মুলমন্ত্র জপ করে হৈয়া সাবধান॥. মন্ত্রপৃত তীর্থজন অঞ্জলিতে ভরি'। মস্তক উপরি তিনবার সিক্ত করি'॥ সে মন্ত্ৰ জপিয়া তীথ জলে ভূবিয়া। তবে উঠি পুনর্বার সে মন্ত্র জপিরা॥ কুন্তুযুদ্রা করি' জল লঞা তিনবার। স্বমস্তকৈ অভিষেক করি' পুনর্ব্বার ॥ মাৰ্জ্জনীবস্ত্ৰেতে অন্ন সন্মাজ্জ'ন করে। তীপের মহিমা-শ্লোক আনন্দে উচ্চারে ॥ মহাপাপভঙ্গে দয়াবতি জর গঙ্গে সতত বিহর তুমি মহেশোত্তমা**ঙ্গে**॥ সদাচিত্রক্ষে ডবব্রক্ষময়ধামা। অচ্যতচরণামুজ-জাতা মহাধন্যা।

প্রবাহ-উর্গিমালিনি ! মোরে ত্রাণ কর। মো সম পতিত নাহি জগত-ভিত্র॥ চিদানন্দভাতু সদা নন্দনন্দনের । প্রমপ্রেমের পাত্রী সতত কেবল ॥ মহাপাপসমূহের ছেদনকারিণী। জগতজনের সব ক্ষেমবিধায়িনী॥ মিত্রপুজি শ্রীষমুনে! মোর কলেবর। করহ পবিত্র মূই অধম পামর॥ অরে শ্রীপাবনসরঃ। পাবন সার্থ নাম। স্নানমাত্র ক্বতার্প'করহ মোর ধাম। শীঘ্র গোপীরহঃকেলিবার্ভাস,ধাকীর্ভি। তাতে সাধু তৃপ্তি কর ত্রই মোর রুতি। হে অরিষ্টামৃতকুণ্ড শ্রীক্রম্বপ্রকাশ। মহানন্দবারি চিদানন্দের বিলাস॥ প্রকৃষ্ট অরিষ্ট মোর করহ ছেদন। সদা ভাষকুণ্ড। বপু করহ পাবন। নমো নমঃ সমস্ত-ঈশ্বর -প্রেমবন্য। মহাতীপ'গণ-নীরাঞ্জিত অতিধন্য ॥ षदम् औत्राधिकाकुछ । शामगुशनिम । পবিত্র করহ মোর বপুঃ প্রেমানন্দি॥ ৪৭॥ তবে তীথ'তটে আদ্ৰ'বম্ভ তেয়াগিয়া। ওঙ্কবন্ত্র পরিধান করে হর্ষ হৈয়া।

ভটে বসি' বিধিপূর্ব্ব করিয়া ভিলক। আচমন করে পূর্ব্বদিকে করি' गুখ। তবেত প্রথমে স্থির করিয়া স্বমনঃ। শ্রীগুরুচরণ পদ্মে করে নিবেদন ॥ কুতর্ক ঘূটপটনী অজ্ঞান।ন্ধকার। নাশ করি' হরে কর্ম্মজড়মতি আন ॥ হাদয়কমল যিহেঁ। বিকাশ করয়। রাধারুক্তগৃঢ়রূপমার্গ প্রকাশয়॥ (२ शुक्त जाकतक्ष्मी (मारत तक्का कर । মুই দীন হীন জন পতিত (পামর) আতুর ॥৪৮ তবে ত গ্রীকৃষ্ণচন্দ্রের করয়ে স্মরণ। যথা গ্রীষামলতন্ত্রে প্রমাণবচন প্রীযযুনাতটে দিব্য ঐশ্বর্য্যমাধুর্য্য-। ভুষিত বৈকুঠোত্তম সৌভাগ্যেতে বৰ্ষ্য॥ পৃথিবীতে বিদ্যমান হয় অপ্রাকৃত। সচিচদানন্দস্বরূপ রুক্ত-অধিষ্ঠিত ॥ মথুরামগুলে নানারছবিরচিত। সোরিবারি মারুত সুগন্ধ-সুমেবিত। পরমমাধুষ্য-প্রেম-পুরুষার্থী জন। নিষ্ঠামমহর্ষিগণ-ধ্যানের অগম্য (হুর্গম)॥ শ্রীজনন্তাংশ-ভব স্থান মনোরম। ব্বক্ততাকুঞ্জ পুত্পপুঞ্জ সূশোভন ॥

এমন গ্রীরক্ষাবনে কল্পরক্ষতলে। কোটি রবি শশী হৈতে সুপ্রভা উজ্জ্বলে। त्नाह्मानम्मभाषुर्या बीत्रव्रमन्तितः। সহস্রদল কমল ঝলমল করে ॥ মাণিক্য কেশর চারু বরাটক-মধ্যে। রত্তসিংহাসনে সর্ব্বমনোর্থসিদ্ধে॥ বামভাগে শ্রীরাধিকাসহ বিরাজিত। দলালিতে গ্রীগোপীমগুলী সুমপ্তিত॥ কামবীজ গায়প্রী অক্ষর কলেবর। দাত্রিংশল্লক্ষণযুক্ত সব্ব মনোহর॥ চতুঃবষ্টি-গুণান্বিত কন্দর্পলাবণ্য। চিন্মরভূষণ নবধৌবনসপুর॥ নীলনীরদতত্ব চারু পীতাম্বর। রাসবিলাসী নিত্য রসিকশেখর॥ সুখের বারিধি শ্রীগোবিন্দদেবমুর্তি। এইমত ধ্যান করে হৈয়া একমতি ॥ ৪৯॥ তবে সুধী মূলমন্ত্র জপ্রে দশবার। কামগারত্রীতে অর্ঘ্য সমর্পিরা আর॥ জলেতেই পঞ্চ উপচারে পুজা করে। সাধক যে জন অতি আনন্দ অন্তরে॥ জলে ধেতুমুদ্রা দেখাইরা ইপ্তমন্ত্র। দশবার জপে কামগায়ত্রী-বিহিত।।

শ্রীরফচরণামুক্তে পঞ্চাঞ্জলি জল। সূলমস্ত্রে সমর্পণ কররে সত্তর॥ আনন্দেতে শ্রীচরণায়ত করি' পান। শ্রীক্রম্বে ও তীথে পুনঃ করিয়া প্রণাম।। স্তব পাঠ করিতে করিতে গৃহে যায়। শ্রীমূর্তিসেবনোৎস্ক আনন্দ ভিয়ার। গৃহে আসি' হন্তপাদ করি' প্রকালন। সুখাসনে বৈসে পূর্বেক করিয়া বদন।। ত্রীগুরুশাসনবিধি তিলকধারণ। ত্রীপদ্মপুরাণে আছে প্রমাণ-বচন। নাসিকার মূল হইতে ললাট-পর্য্যন্ত। হর্ষ হৈয়া মৃত্তিকাতে করে তিলকিত।। নাসিকার তিন ভাগ কহি নাসামূল। জ্রমূল হইতে মধাছিজ স্বিরল॥ १० এবে কহি গ্রীহরিমন্দির লক্ষণ। নাসাদি কেশান্ত উৰ্দ্বপুণ্ড্ৰ, স্পোভন॥ মধ্যদেশে ছিত্ত সম যুক্ত হৈই হয়। তার নাম 'প্রীহরিমন্দির' শাস্ত্রে কয়। বামপাথে স্থিত ব্ৰহ্মা, দক্ষে ত্ৰিলোচন। মধ্যে বিষ্ণু জানি' মধা না করে লেপন ॥ তিলকরচনাঙ্গুলি-নিয়ম-বচন। ত্মতিমধ্যে স প্রসিদ্ধ তাহার লক্ষণ॥

অনামিকা কামদা, মধ্যমা আরু স্করী। অকুষ্ঠ পুষ্টিদ, তৰ্জ্জনী মোক্ষসাধ্যকরী ॥ লদাটে, ভুজেতে, কণ্ঠকুপে, বক্ষঃস্থলে। তিলকমন্ত্রেতে পঞ্চ তিলক যে করে॥ যথে। চিত অন্যত্র মৃত্তিকামাত্র চিহ্ন। সপ্তস্থানে উৰ্দ্ধপুণ্ড্ৰ তিলকরচন ॥ দাদশ অঙ্গেতে তিলক নির্মাণ-সূবিধি। পাছোতরখণ্ডে আছে বচন প্রসিদ্ধি॥ ললাটে কেশ্ব, নারায়ণ তথোদরে। वकः हर्ण गांधव, त्वाविक कर्षम् रल ॥ विकू एककरक, जुरक बीमधूम, पन । দক্ষিণ-কন্ধরে তথা হয় ত্রিবিক্রম॥ বামপামে বামন, শ্রীধর বামভুজে। বাম-কন্ধরেতে হ্রষীকেশ সুবিরাজে ॥ পৃষ্ঠে পদ্মনাভ, কঠিস্থানে দামোদর। ধোতজল বাস,দেব মস্তক-উপর।। উৰ্দ্ধপুগু, ললাটেতে প্ৰথম রচন। ললাটাদিক্রমে তিলক করিবে ধারণ॥ েকেশবার নমঃ ইত্যাদিক মন্ত্র শারি। প্রতি **অঙ্গে পূর্ব্ব-উক্ত তিলক** যে করি ॥ তবে ত ननाति कर्ष पुरक वकःश्रल । এই পঞ্ছানে নামযুক্রাঙ্কিত ধরে॥

শীর জসামগ্রী আর নির্দ্যাল্য পাইরা। চরণায়ত পান করে মন্ত্র উচ্চারিয়া। অকালমূত্যহারি সর্বব্যাধিনিবারণ। বিষ্ণুপাদেক সর্ব্বপাতক-নাশন। পাদ তীর্থ পান করি' মস্তকেতে ধরি। ত্রীরশ্বচরণামুজ হৃদরেতে শ্বরি॥ ত্রীকুঞ-প্রবোধ লাগি প্রাঙ্গণে যাইরা। গ্রীগুরুচরণে নতি করি নম , হৈয়া॥ ন্মা নমঃ ঐপ্তৈক্তদেব সর্বাসিদ্ধিদায়ী। সর্ব্বমঙ্গলরূপ স্ব্ব-আনন্দ্বিধায়ী॥ ত্তবে ত শ্রীগুরুপদে করে নিবেদন। অতি দীন হঞা কহে কাতর্বচন॥ "গ্রীগুরু পরমানন্দ প্রেমানন্দফল-। দাতা ব্রজানন্দ সেবানন্দযুক্ত কর ॥" **৫**১ তবে গ্রীমন্দিরস্বারে যাইয়া ছরিত। গ্রীরুঞ্-প্রবোধ-বাক্য পড়ে আনন্দিত। ত্রীপানে যামলে যথা আছরে বচন। "ঈশ্বর শ্রীহরে রুষ্ণ দেবকীনশ্ব ॥ প্রভু জগন্নাথ, আসি হৈল প্রাতঃকাল। সুখনিদ্রা ত্যাগ কর রূপাপারাবার ॥ গো-গোপ-গোকুলানন্দ যশোদানন্দন। শ্রীনন্দনন্দন প্রেমানন্দবিবর্দ্ধন।

শ্রীরাধিকাসহ উঠ, জগতের প্রতি। প্রাত্তংকাল হৈল, নিদ্রা ত্যজহ সম্প্রতি॥ এ পড়িয়া নিজহন্তে তালিকা বাজাঞা। ঘণ্টাবাদনপূর্ব্বক দার উদ্ঘাটিরা। দীপ জালি' সিংহাসন-নিকটেতে গিয়া। গ্রীচরণ আগে স্পর্লে প্রযত্ন করিয়া।। শ্রীযুগলমুর্ত্তি শ্যা হৈতে উঠাইর।। সিংহাসনোপরি বৈসায় আনন্দিত হৈরা ॥ ভাগবতশ্লোক আগে উচ্চারণ করি'। প্রার্থনা করয়ে শিরে নিজকর ধরি'॥ "সেই এই ভগবান্ প্রমকরুণ। करं कर मनानन शुक्रश्रुतान ॥ উঠিয়া নরনাম্বুজ করিয়া প্রকাশ। প্রেম-কটাক্ষেতে বিশ্ব করহ উল্লাস। মধু হৈতে মিপ্ততর বচন রসাল। তাতে সব ছুঃখ তুর কর্থ সভার॥ জয় দেব শ্রীকেশ্ব প্রপন্নাতিহর। ষ্ঠি সুমধ্র ক্বপা মোর প্রতি কর। কুপাবলোকনদানে হে প্রভু অচ্যুত। মোর তন্ত্ সুপবিত্র করহ তরিত॥" ৫২ এই মতে নিবেদন করি হর্ষমনে। ষাচ্যন-মূর্যে পাত্র আনে সরিধানে ।

প্রকালনপাত্রে জলে আচমন দিয়া। মুলমন্ত্রে দম্ভধাবন-কার্চ্চ সমর্গিরা। পুনঃ আচমন দিয়া আন্ত্ৰ' সুন্মবাসে। প্রীসুখ-কর-চরণ মোছে অতি হর্বে ॥ নিম্মাল্য উতারি' হস্ত-প্রকালন করি'। ত্রীচরণে সমর্পিয়া তুলদীমঞ্জরী॥ মূলমন্ত্রে ঘৃতপক লডডু কাদিগণ। সুবাসিত জল আর করে নিবেদন।। বাহিরে আসিয়া তবে আসনে বসিয়া। খ্যান করে প্রেমানন্দদাগরে ডুবিয়া॥ মুহুর্তের পাছে দার করি' উদযাটন। আচমন দিয়া তামু*ল করে সমর্পণ*। खीयायटल नौताकनिविध यथाक्रम। অলাক্ষরে তাহা কিছু করিয়ে বর্ণন॥ নবাঙ্গুল সপ্তাঙ্গুল মানে দীর্ঘ করি'। তুলবর্ত্তি শশি-গব্যস্থতে সিক্টাচরি'। পঞ্চবতি জালি कामवीक क्रांभ मुशी। তুই কর তর্জ্জনী অসুষ্ঠযুগবিধি॥ ব্যুৎক্রমে ক্ষেপণ ভ্রমণ জারতি-উপরে। করি' যুজা দেখ।ইয়া শুখোদক ধরে। মূলমন্ত্রসহ বর্ত্তি করি' নিবেদন।

গায়ত্রী জপিণ পুষ্পাঞ্জলি করয়ে অর্পণ॥ মূলমন্ত্রে ঘণ্টাবাত্য করিয়া সহর। ত্তবে নীরাজন করে আনন্দ-অন্তর॥ চরণারবিন্দ হৈতে মস্তক-প্র্যান্ত। পুনঃ পুনঃ আরতিকে ভ্রমায় হেমত। চারিবার ঐীচরণকমলযুগলে। ছুইবার ফিরায় শ্রীনাভি-পদ্মোপরে॥ যুখপদ্মে একবার করিয়া আরতি। **সর্ব্ব-অঙ্গে স**প্তবার করে শুদ্ধর্মতি।। এই মত শ্রীক্লফের করি' নীরাজন। তবে ত শ্রীরাধিকার করি নির্মাঞ্ছন ॥ তুলসী, গরুড় ,পুথ্বী, বৈষ্ণব ক্রমেতে। আরতি করয়ে বিধিমতে আনন্দেতে॥ পুনঃ মূলমন্ত্র জপ করি। অষ্ঠবার। ক্লফ-অঙ্গে ফিরায় সজল শৃগ্র আর ॥ সে জল গরুড়ে দিয়া বৈষ্ণব-উপরে। ক্ষেপণ করিয়া তবে প্রাণাম সে করে.॥ শ্রীমন্দিরের লেপন মার্জ্জনাদি করি'। স্নান পূঞ্জা-ভাজনাদি মার্জ্জন আচরি'॥ থোতাদি করি নৈবেজ জলাদি সংস্কৃত। করিয়া সে গন্ধবৃগাদিক সমাহতে॥

ত্তবে পুশ উঠাইতে করয়ে গমন। এই ত নিশান্তক্বতা করিল বর্ণন॥ শ্রীপ্তক্রচরণাশ্রিত দীন ক্রঞ্চাস। সাধনামূতচন্দ্রিকা করিল প্রকাশ॥ ৫৩॥ ইতি শ্রীসাধনামূতচন্দ্রিকায়াং প্রথমঃ প্রকাশঃ॥ ১

معدية المنافقة

[দ্বিতীয়ঃ প্রকাশঃ]

প্রাতঃরুত্য

জর জর শুরুদেব-চরণকমল।
হাঁহার স্মরণে নাশে সব অমঙ্গল।
জর জর গৌরচন্দ্র শচীর নন্দন।
জর নিত্যানন্দতার অদৈতজীবন।
জর গদাধর-প্রাণনাথ বিশ্বস্তর।
জর শ্রীবাগাদি-ভক্তগণের ঈশ্বর।
জর জয় মহাপ্রভু গ্রীরুষ্ণটৈততা।
কলিযুগ পাবনাবতার ধন্য ধন্য।
ভক্তগণ-সঙ্গে তোমার নদীয়াবিহার।
নিরন্তর হৃদরেতে স্ফুরুক আমার।
জয় জয় গ্রীরুষ্ণটৈততা, নিত্যানন্দ।

জয়াদৈতচন্দ্র, **জ**য় গৌরভক্তরুন্দ ॥ জয় জয় শ্রীরাধাগোবিন্দ, গোপীনাথ। জর রাধামদনমোহন-প্রাণনাথ।। জর রুন্দাবন-সূরতক্রতল-ছিতি। কোটি কোটি মনমধ-মধন-মূরতি॥ জন্ন জয় ভক্তরুন্দ কুপা কর মোরে। শ্রীচরণাদ্বজরজঃ দেত মোর শিরে॥ দন্তে তৃণ ধরি' যুঞি করে। নিবেদন। রাধারফলীলামুতে ভুবুক মোর মন॥ এবে প্রাতঃকাল ছরদণ্ডের সাধন। তাহা অল্লাক্ষরে কিছু করি বিবরণ॥ প্রথমে সাধক করে তুলসীচয়ন। তাহার প্রমাণ ক্ষদপুরাণবচন ॥ "তুলসি। অমৃতজন্মা সদা হও তুমি। কেশবার্থে চরন করিব তবে আমি॥ গদ। তুমি শ্রীকেশবপ্রিয়া সুশোভনে। মোর প্রতি বরদাতা হও অনুক্ষণে॥ তবাঙ্গসম্ভব-পত্তে প্,জিব ঐীহরি। ষথা পবিত্রাঙ্গী তথা কর ক্বপা করি'॥ কলিমলবিনাশিনি! তোমার চরণে। प्रखबर करत्। यूकि कात्रवाका-मत्म ॥"

এই মত তুলদীমগুরী উঠাইর: চল্দন ঘর্ষণ করে আনম্পিত হৈয়।। ১॥ এবে পূজাবিধিক্রম করিয়ে লিখন। গ্রীয়ামলে আছে মধাবিধি অন্ত্রুম। শ্রীবৈষ্ণব গ্রাক্তকের পূজার নিমিত্তে। পূর্ব্বযুথে কুশাসনে বৈসে শুর্দ্ধভিতে। বসিয়া ঐাগুরুদেব-চরণকমলে। নতিস্ততি করি' নিজ ইপ্টমন্ত্র শরে॥ বাগ্যত একাগ্রমনাঃ সম্প্রদা(রা)কুসারে। শ্রাদি পূজার জব্য ধরে শুদ্ধস্থলে॥ ত্রীরফের দক্ষিণাগ্রে সানামূ সংস্কৃত। স্নান-আচমন-পাত্র রাখে নিকটেত। নিজ বামাগ্রেতে শুখ সাধন স্থাপয়ে। সে স্থানে সাধার ঘণ্টা স্থাপন করয়ে। নিজ বামদিকে নৈবেজ্বধুপাদি রাধ্য়। कूलमी পूल्लामिलाख मक्किरेन धत्त्व ॥ মেই স্থানে দৃতদীপ, তৈলদীপ বামে। অন্য পুজাদ্রব্য রাখে নিচ্চ দৃষ্টি-স্থানে। হস্ত-প্রকালন-পাত্র রাখে পৃষ্ঠদেশে। তবে ত্রীশশ্বস্থাপন করয়ে হরিষে॥ ২ প্রথমেত নিজবাম-শত্রে ধরণীতে।

জলেতে ত্রিকোণমণ্ডল লিখিয়া তুরিতে। "ওঁ নুমঃ সুদর্শনারাস্তার কট্" বাল'। এ মন্ত্রে সাধক শুখ স্থাপে ভতুপরি॥ "ওঁ হৃদরার নমঃ" এ মন্ত উচ্চারি।। শ্খমধ্যে গন্ধপুষ্পতুলস্থাদি ধরি'॥ 'ওঁ সোমমগুলার যোড়শকলাম্বনে। নমং" এই মন্ত্র পুনঃ করি' উচ্চারণে॥ শখ্মধ্যে জল পরিপূর্ণ যে করিয়া। গঙ্গায়মুনাদি-তীর্থ-মন্ত্র যে পড়িয়া॥ শ্রীঅঙ্কুশযুদ্রা করে অতি হর্ষমন। সব তীর্থ শুখ্যধ্যে করে আবাহন। কামবীজে তুলসীপত্র তাতে ধরে পুনঃ। একাগ্রমনেতে স্থারে শ্রীরুঞ্চরণ॥ কামগায়ল্রীতে সাধার শশ্ব যে পৃজিয়া। তবে ধেনুমূদ্রা তার উপরে দেখাঞা॥ তবে অবগুণ্ঠন-মুক্তাতে মূলমন্ত। অষ্টবার জপ করে থৈয়া একচিত॥ তারপর তুলসীপত্রেতে জল ধ'রে। আনপৃঞ্জাপাত্রাদিতে সেচন সে করে॥ ৩ অতঃপর ঘণ্টা পুনঃ করয়ে স্থাপন। বিধিমত ঘণ্টামন্ত্র করে উচ্চারণ॥ সর্ববাদ্যমরী ঘণ্টা কুঞের বল্লভা।

তাতে যতে ঘণ্টানাদ করে মনোলোভা। শ্রীনারদগঞ্চরাত্রে আছরে বচন। আবাহন' অর্ব্য' মান' ধুপদীপে পুন: ॥ शक्त भूभ-रेनरवला नि नमर्भवकारन । ভন্মস্ত্রে মন্ত্রিত ঘণ্টা বাদন সে করে॥ ত্তবে বামদিকে ঘণ্টা আধার-উপরি। শ্রীকামবীজেতে ঘণ্টা সংস্থাপন করি। তৎপরে "ওঁ জয়ধ্বনি মন্ত্রমাতঃ স্বাহা। মন্ত্র উচ্চারি' পৃঞ্জি গন্ধপুপে তাহা। ত্তবে পুনঃ বামহস্তে ঘণ্টাবাল্য করে। সে নাদ শ্রবণে সর্ব্ব অমঙ্গল হরে॥ ৪ একাদশক্ষ্যে পুজা-অধিষ্ঠান-স্থান। যে মৃত্তিতে ষথাবিধি প্লার বিধান। रिश्ली, माक्रमशी, धाजूमशी रथ रिमक्जी। त्निश्रा, त्नश्रा, मृष्मश्री, मिषमश्री मृ**ष्टि**॥ শ্ৰীপ্ৰতিমান, তি স্বষ্টাবধ মত হয়। সে মৃত্তি সে সেবে যাতে যার মন লয়। প্রতিমানুসারে স্নানাদিক যুক্ত বর্থা। তেমত সাধক কার্য্য করিবেক তথা। মৎশুপুরাণেতে আছে শ্রীমূর্ত্তি বর্ণন। যেমত আছরে তাহা করিয়ে বর্ণন। শ্ৰীক্লক্ষের সেবানিষ্ঠ বৈষ্ণব প্রবন।

পঞ্চরাত্রবিধি-বিধানেতে সূ কুশল॥ पथिलाञ श्रकारेन रहा (य निगृति। বহুত মানয়ে তাঁরা পূজে করি' আর্তি॥ निक रेष्टराप्तयमू कि निक रेष्ट्रमाञ्ज। পুজন করিবে যথাবিধি একচিত্তে॥ শালগ্রামে একরূপে নির্ম না হর। বার যেন অভিরুচি সেবন করয়॥ व्यथरम बीछक़र प्रव- हत्र वक्र मरन । পূর্ব্ববৎ নতিস্ততি নিবেদন করে। নিজাভীষ্ট মন্ত্র জপ করিণ দশবারে। **শ্রীক্তক্ষের স্নান–অর্থে নতিস্তৃতি** করে। শীচরণকমলের ধৌত তীর্থজল। তোমার যে ভক্তপদ ধৌত নির্মল। তাহাতে অখিল বিশ্ব পবিত্র করহ। **নে তুমি আনন্দে** মগ্ন শ্রীরাধিকা-সহ। শ্রীগোবিদ ভক্তপদ-বাস্থাভিপূরক। ত্রীকরুণাস্থুধি স্নান কর স্নেহাধিক॥ ৫ ত্বে ও গ্রীমৃত্তি সানপাত্তের উপরি। ঐতুদ্দীপত্রাসনে/সংস্থাপন করি॥ ঠ.হার চরণামুদ্ধে ঐতিল্লীদল। সমর্পণ করি ক্যিঞ্চৎ তবে শশ্ব জুল॥ ষ্ট্রাবান্ত পূর্বক জিপিয়া মূলমন্ত্র।

তবে শহাজলে মান করায় তরিত। স্নান-প,র্ব্বে গন্ধ তৈল করিয়া মন্দন। যথাবিধি সর্ব্ধ অঙ্গ করে সন্মার্জ্জন ॥ পুনঃ স্নান করাইরা শ্রী**অঙ্গের জন**। সূক্ষ শুভ্ৰৰক্ষে তাহা মুছিয়া **সকল**। ত্তবে শুদ্ধবন্ত্র পরিধান করাইয়া ৷ অন্যাসনে সংস্থাপন করে শীঘ্র লৈয়া। সম্প্রদায়াতুসারে তিলক করিয়া রচন। সর্ব্ব অঙ্গে অলঙ্কার করিরা ভূষণ ॥ গন্ধ-পুস্মাল্যাদিক সমর্পণ করি'। ত্রীচরণে সমপ রে তুলসীমঞ্জরী। छ । छ त्वत भूल कि ता मिले ता कि पदत । তবে ঝারি ভরি' ধরে সুবা**সিত ছলে।** মূলমন্ত্রে সমর্পণ করি' হুষ্টমনে। বাহির হইয়া তবে বৈসয়ে আসনে । পূর্ব্বমুখে বসিয়া মানস-উপচারে ৷ সেবা করি' তালিবান্তে দার মুক্ত করে। আচমন দিয়া তবে তামূল অপ'য়ে। পুনঃ ধৃপ দিয়া শীঘ্র আরতি কররে ॥ 🔸 ত্তবে পাছে প্রাতলীলা করয়ে শ্বরণ। প্রথমে ত গৌরচন্দ্রের করয়ে বর্ণন। নবদীপে সাধক উঠিয়া প্রাতঃকালে।

শীঘ্র যাঞা সুরধুনী–নীরে স্নান করে ॥ তীরে উঠি' শুষ্ক বস্ত্র পরিয়া সত্বর। গৃহে যাই' তিলকাদি করে মনোহর॥ তবে গ্রীগুরুচরণে করি নমস্বার। মাচমন-সানাদিক করায় তাঁহার। এইমত গুরুবগ'-গোস্বামা পর্যান্ত। সবাকার সেবা করে হঞা আনন্দিত ॥ তাঁ'সবার পাছে মহাপ্রভুর মন্দিরে। <u>শীঘ্র যায় সেবাফুখতরল-অন্তরে ॥</u> দম্ভধাবন-স্থলে চৌকি বিছাইয়া। দস্তকাষ্ঠাদিক রাখে সুযতু করিয়া। তবে শৃঙ্গার-বেদীতে বিছাঞা আসন। তাহার উপরে স্থাপে স্বর্ণসিংহাসন। চন্দন-কর্পুরকেশর কস্করী ঘযিয়া। অলঙ্কার-মাল্যাদিক রাখে তাহা লৈরা॥ তবে মহাপ্রভুর পুরে করয়ে গমন। (তথা) আইসেন ভক্তরন্দ উৎকণ্ঠিত মন। রতন মন্দিরে রত্নপাশঙ্ক-উপরে। স্মূত্ৰ তুলীশ্যা ভা'তে শোভা করে॥ কুস,ম-শ্যাতে প্রভু শচীর নশ্সন। শুতিয়া আছেন, শোতা না হয় বর্ণন 🌣 উপরে চাঁলোয়া যুক্তা-ঝালর সহিতে।

মধ্যেতে কমল তা'র **শে**ভা অদ্ভূতে ॥ ্কীরসরোবরে যেন কনক-কমল। তেমন শ্ব্যাতে অঙ্গ করে ঝলমল। তেলকালে শচীমাতা আনন্দিত মন। পুত্ৰে জাগাইতে চলে বাধ্যে নয়ন। ডাকিতে ডাকিতে গৃংহ করিল ৭মন। উঠ বাপ বিশ্বস্তুর ক্মল্মর্ম ॥ প্রাতঃকাল ভৈল নিমাই ! শীঘ্র উঠিসিয়া। যুঞি মরে ।তাত। তোমার বালাই নইরা। শ্রীনাসাদি ভক্ত তোমার উৎকণ্ঠিত হৈয়া। তোমাকে দেখিতে প্রাঙ্গণে আছে দাণ্ডাইয়া। জননীর ক্লেহবাণী শুনি' গৌরচন্দ্র। উঠি' করে কচালয়ে নয়ন।রবিন্দ ॥ জননীচরণে তবে করি' নমস্কার। ভক্তগণসঙ্গে মিলে রূপাপারাবার॥ ষ্ণাযোগ্য স্বাসঙ্গে ক্রিয়া মিলন। কহিতে স্বপ্নের কথা ঝরে তুনয়ন॥ কদম্বকেশ্র জিনি 'পুলক খ্রীষ্ঞ্চে। गम्भम वाणी करह शूर्वा वत्रस्म ॥ ভাব জানি' ভক্তগণ মন্দ সন্দ স্বরে। পূর্ব্বরসলীলা পায় আনন্দের ভরে। গান শুনি' কথোকণে ভাব সম্বরিয়া।

দস্তবাবন-পীঠে বৈসেন যাইয়া॥ দন্তধাবনাদি প্রাতঃক্বত্য সব করি'। গঙ্গামান করিবারে চলে গৌরহরি 🛭 প্রির দাসগণ তৈল-কুষ্কুম-বসন। গঙ্গাপূজাদ্র ব্য লঞা কররে গমন॥ ভক্তগণসঙ্গে প্রভু ক্লফকথারঙ্গে। পঙ্গাতট প্রাপ্ত হৈলা আনন্দভরক্ষে॥ গঙ্গা নমস্করি' তবে প্রবেশিলা জলে। নিত্যানন্দাদৈত-গদাধর-সহচরে।। ঠা' সবার সহিতে নানা ক্রীড়া করি' জলে। তীরে উঠি' শুষ্কবন্ত্র পরিধান করে। াঙ্গাপূজা-নতিস্তুতি করি' গৌরচন্দ্র.। গণসহ গৃহে চলে আনন্দের কন্দ।। শৃঙ্গার-বেদীতে প্রভু প্রবেশ করিতে। পাদাস্থ্র ধুইরা ভক্ত মুছে আনন্দেতে। শৃঙ্গার-চোকীতে তবে বৈসে শচীসূত। রক্তপট্টাম্বর দাস পরায় ত্রতিত n শ্রীখণ্ডের উর্দ্ধপুগু , তিলক ললাটে। কেশ্র-চন্দন লেপে ভুজ্ব-বক্ষতটে॥ কুণ্ডল অসদ-বালা নানা রত্ন-হার। কিষ্কিণী সুপুর আর নানা অলজার ॥ পরাইয়া, দাসগণ স্গন্ধি কুস্ম-।

মালা গলে দিয়া তবে দেখায় দৰ্পণ।। বিষ্ণুগৃহে তবে প্রভু করিয়া গমন। যোড়শোপচারে প,জা করি' বিলক্ষণ। তুলসীরে জল দিয়া নতিস্তৃতি করি'। মাতৃক্ষেহে মিপ্তার।দি ভোজন আচরি' । আচমন করি' তাম্বূলবীটি দিয়া মুখে। ভক্তসঙ্গে আসনেতে বৈসে মহাসুখে। কতক্ষণ রুষ্ণকথা করে আলাপন। সে কালে ঈশান আসি' করে নিবেদন॥ "শুন প্রভু! শচীমাতা ভোজন করিতে। ডাকিছেন, ভক্তসঙ্গে চলহ থরিতে॥" শুনিণ প্রভু শীঘ্র উঠি ভক্তগণ-সঙ্গে। নারায়ণ-আরতি দেখিয়া অতি রঙ্গে। ভোজন-গৃহেতে যাই বসিয়া আসনে। নিত্যানন্দাদৈত-গদাধরাদিক সনে॥ শ্রীবিষ্ণুর নৈবেদ্য কত প্রেমের তরঙ্গে। ভোজন করিরা আচমন কৈলা রঙ্গে। তামূল শ্রীমুখে দিয়া শ্যার উপরে। যোগনিদ্রা প্রতি তবে দৃষ্টিপাত করে॥ সে সময় দাসগণ চামর-ব্যক্তন। নানামত সেবা করে পাদসম্বাহন॥ তবে শ্রীভোজন-গৃহ ধৌতাদি করিয়া।

যতে শ্রীপ্রসাদ রাখে অন্য গৃহে লৈয়া। গৌরাঙ্গের এই প্রাতঃকালের চরিত। সাধক যে জন ইহা ভাবে আনন্দিত ॥ গোরাঙ্গের প্রাতলীলা স্মরণ করিয়া। গ্রীক্রফের প্রাতর্লীলা স্মরে মন দিয়া॥ প্রাতঃকালে গ্রীয়শোদা গ্রীরক্তমন্দিরে। যাইয়া ডাকরে 'রুঞ্চ। উঠহ সন্তরে ।॥ তবে রুঞ্চন্দ্র উঠে পাশমোড়া দিয়া। জননীচরণে নিজ করে নম্র হৈয়া॥ দন্তধাবনাদি করি' সখাগণ সঙ্গে। মাতাকুমোদিত গোশালাতে যায় রঙ্গে॥ 'ধৰ্বলি! খ্যামলি! বলি' ডাকে ঘনে ঘন স্থা**সঙ্গে** গাভীত্তন্ধ কররে দোহন ॥ এপা শ্রীরাধিকা নিজ শরন মন্দিরে। শ্রীমুখর। সখীগণ জাগায় তাঁহারে॥ তাঁ' সবার বচনে শ্যা হইতে উঠিয়া। দন্তধাবনাদি করে আনন্দিত হৈয়া॥ অভ্যঙ্গোষর্ন্তন করি' ম্নানের বেদীতে। চৌকীতে বসিয়া স্থান করে স্থাসাথে॥ ভূষাগৃহে তবে ধনী করয়ে গমন। সেধানেতে স্থীগণ করায় সেবন॥

নানারত্র-অলম্ভার পরায় গ্রীঅঙ্গে। চতুঃসম লেপন করয়ে অতি রঙ্গে। সেকালে যশোদা পাঠাইয়া' নিজজন। তাঁহার শাশুড়ী-আগে করি' নিবেদন ॥ রন্ধন করিতে তারে স্থীগণ সনে। প্রতিদিন স্বভবনে ফ্লেহ করি' জানে॥ একথা গুনিয়া শ্রীনারদ মুনিবর। রুন্দাদেবী প্রতি তবে করয়ে উত্তর ॥ শুন দেবি ! গ্রীয়শোদা পাকের নিমিত্তে। রাধিকাকে কেন ডাকে অতি যতনেতে ? রোহিণী প্রভৃতি বহু পাককর্ত্রী আছে। ইহাতে আমার মনে সন্দেহ যে আছে। তবে রুন্দাদেবী কহে-শুন যুনিবর। গু ছ হৈতে গু হুকথা অতিগৃঢ়তর॥ পূর্ব্বেতে তাঁহাকে শ্রীচুর্ব্বাসা যুনিবর। অতিশ্য় হর্ষমনে দিয়াছেন বর ॥ কাত্যায়নী (পৌর্ণমাগী) মুখ হৈতে শুনিয়াছি আমি। এবে তাহা সংক্ষেপেতে শুন মুনি তুমি। "হে রাধিকে। তুমি যাহা করিবে রন্ধন। আমার কুপাতে মিষ্ট হবে সেই **অর** 🖟 সুস্বাত্ন অমৃতস্পদ্ধি যে তাহা খাইবে।

नीताशी थाकित मना वास्तुविक रूत्यः॥ ইহার নিমিত্ত তাঁকে শ্রীপুত্রবৎদলা। প্রতিদিন ডাকে ঐীয়শোদা বেরাকুলা।। মোর পুত্রের পরমায়ু হউক অক্ষা। স্বাত্তুলোভে খাউক অন্নব্যঞ্জননিচয়। শাশ ুড়ীর অনুমতি লৈয়া প্রতিদিন। গ্রীরাধিক। নন্দালয়ে করয়ে প্রমন॥ হর্ষযুক্তা নিজদখীগণ লৈয়া সঙ্গে। নানাবিধ পাক করে **মেহে**র তরঙ্গে ॥ রুষ্ণচন্দ্র কোন গাভি করয়ে দোহন। কোন ধেনুগণ যতে দোহে সংগেণ॥ পিতৃবাক্যে স্থাগণ সঙ্গেতে লইরা। নিজগৃহ প্রতি আইসে আনন্দিত হৈয়া॥ দাসগণ করে অঙ্গ-অভ্যঙ্গমদ্দন। ফ্রান করি' হর্ষে ধৌতবস্ত্র পরে পুনঃ ॥ চন্দনকুসুমমালাযুক্ত কলেবর। দিফাল-বন্ধন-কেশ, গ্রীবা মনোহর ॥ ভালে চারুচন্দ্রাকার তিলকরঞ্জিত। অলকা ভ্রমরমালা তাঁইে স্মোভিত॥ কঙ্কণাঙ্গদ-কেয়ুর, রত্নযুদ্ধ। আর। তাহাতে শোভিত কর করিকরাকার ॥ মুক্তাহার,রত্নহার শোভে বক্ষঃস্থলে।

মকরাক্ততি কুগুল ঝলমল করে॥ বারম্বার ডাকে মাতা ভোজন করিতে। স্থা-কর ধরি, রুষ্ণ বলরাম-সাথে॥ ভোজন গৃহেতে গিয়া বসিল আসনে। ডোজন ব ররে সুখে স্থাগণসূনে॥ বিবিধ অন্নবাঞ্জন করুরে ভোজন। নানাবিধ বাক্যে হাসায় সব স্থাগণ॥ স্থাগণ- বচনেতে আপনি হাসয়। এমত ভোজনলীলা শ্রীরুষ্ণ করয়॥ ভোজন করিয়া করে মুখ প্রকালন। ক্ষণেক পালক্ষমাঝে করয়ে শয়ন। সেবক যোগায় তাম্বূল আনন্দের ভরে। পাদসম্বাহন-ব্যজনাদি সেবা করে॥ শ্রীরাধিকা নিজসখীগণ করি' সঙ্গে। গ্রীকৃষ্ণ–ভোজনানন্দ দেখি কৃত রঙ্গে॥ যশোদা-আদৃতা ললিতাদি-স্থীর্তা। ভোক্ষন করয়ে অন্নাদিক লজ্জাম্বিতা॥ আচমন করি' সখীগণ সঙ্গে লৈরা। পালক্ষে শ্য়ন করে তামূল খাইরা॥ পাছে দাসীগণ সব করয়ে ভোজন। সাধক ষে প্রাতলীলা করয়ে স্মরণ॥ ৭

এবে কহি প্রাতঃকাল পূজাবিধিক্রম। মানসিক কৈলে হয় বাঞ্ছিত পুর্ণ দ শ্রীনবদ্বীপ-মধ্যে শ্রীরত্বমন্দিরে। রত্নসিংহাসন তাতে অতি শোভা করে॥ ততুপরি নিজভক্তরন্দ-সুমেবিত। গৌরচন্দ্র-নিত্যানন্দাদৈত-সুশোভিত॥ গ্রীগুর্ব্বাদিক্রমে একমনে খ্যান করি'। পূজা করি প্রেমানন্দসাগরে বিহরি'। ধ্যান যথা শ্রীচৈত্যার্চ্চনচন্দ্রিকাতে। অতি মনোহর তাহা লিখি সঞ্জেপেতে। পতিতপাবনী স্বুরধুনী-স্বুরেষ্টিত। প্রফুল্লিত ক্রমবল্লীতটবিরাজিত॥ মন্দ প্রনেতে উঠে তরঙ্গ-আবলি। চতুর্ব্বিধ কমলে ঝঙ্কার করে অলি॥ হংস-চক্রবাক-পক্ষিশ্রেণী ক্রীড়া করে। পুলিনমগুলী-মধ্যে ঝলমল করে॥ নানারত্ব-বিনিশ্মিত বিচিত্র সোপান। স্থল-জল-দ্বিজ-শব্দে হরে মনঃপ্রাণ।। গৌরপাদামুজধূলি-ধুসরিত-অঙ্গা। নানাৰ্ভাবাবলিযুক্তা শোভে দেবী গঙ্গা॥ তাঁর তীরে সুন্দর সুবর্ণভূমি শোভে। ৰপ্ৰকাশ নবদ্বীপ-মধ্যে মনোলোডে ॥

গ্রীক্তকের সুমঙ্গল আনন্দের বন্যা। তাহাতেই ব্যাপ্ত পুর-নগরী সে ধন্যা। নানাপ, পৃফলে যুক্ত রুক্ষণত। সব। নানাবর্ণ বিহঙ্গালি-ধ্বনির বৈভব॥ তার মধ্যে দ্বিজ-ভব্যলোকের নিকর। নিকেতন-গণারামোপ্রন বিস্তর॥ তার মধ্যে বেদীশালা বিহারের স্থান। যাহার স্করণে ভক্ত হয় অগেয়ান ॥ শুদ্ধভক্তি-প্রভাবেতে বিরাজিত সব। ভক্তগণগৃতে হয় আনন্দ-উৎসব॥ প্রতিগৃহে গ্রীক্বঞ্চের মূর্ত্তি সুশোভন। উৎসব-আনন্দে সবার করে উচার্টন। তার মধ্যে রবিকান্তি নিন্দিয়া প্রাকার তোর্ণ-বন্দনমালা ঝলকে রুসাল। শ্রীনারায়ণ–গৃহ অগ্রে সুশোভন। ত্রীগোরাঙ্গমহাপ্রভুর নর্ত্তন- প্রাঙ্গণ। লক্ষী-অন্তঃপুর পাকতোগের আলয়। শ্য়ন ঐাচন্দ্রশালা পুর মণিময় । গৌরাঙ্গের সুখদ-স্থানন্দ-পরিবৃত। মধ্যে নব-চূড়া-রত্নঘট-বিরাজিত। হীরাহরিরত্নান্তর-মন্দির বিরাজে। যুক্তাদামলম্বি হেমপ্টল সুসাজে।

শুঙ্গভক্তিরত্নে বিনিশ্মিত বেদ(চারি)দার। অষ্টমণি-যুক্ত অষ্ট কবাট তাহার॥ চন্দ্রাতপ-মধ্যে পদ্ম কিবা শোভা করে। যুক্তার ঝালর তা'র চৌদিকেতে দোলে॥ পরারাগবিধুরত্বে ভিত্তি সুশোভন। তা'র মধ্যে মণিচিত্র হেমসিংহাসন॥ মন্ত্রবর্ণ যন্ত্রান্বিত ষট্কোণ-অস্তরে। কর্ণিকার শিখর তুলনা ঐীকেশরে ॥ কূর্মাকারমহিষ্ঠ শ্রীযোগ মহোৎদরে। শ্রীযোগপীঠাম্বুজে সর্ব্বানন্দোদ্ভবে ॥ কোটিসুর্য্য হৈতে সিংহাসন পরকাশ। কোটি কোটি চন্দ্রমার শীতল বিলাস। তুই পার্শ্ব পদ্মরাগমণিতে ঘটিত। হরিমাণ-স্তম্ভ-বৈদুর্ঘ্যপৃষ্ঠ বিরাজিত॥ চিত্ৰজ্ঞাদালম্বি মণিযুক্তাকান্তিজাল। তুলা-অন্তে চীনচেলাসন শোভে ভাল॥ উভূপ মুগুলপ্রাপ্ত পৃষ্ঠ-উপাধান। স্বৰ্ণান্তচিত্ৰিত ধ্যানগম্য অষ্টকোণ ॥ তবে সিংহাসন-মধ্যে গৌরক্তঞ্চ স্মরে। দক্ষিণে শ্রীনিত্যানন্দ শোভা করে। বামে গদাধরানন্দ শক্তির স্বরূপ। অগ্রে কর্ণিকাতে শ্রীলাদৈত ভক্তিভূপ॥

পাছে ছত্ৰহস্ত ভক্তবৰ্ষ্য গ্ৰীগ্ৰীবাস। চতুদ্দিকে মহানন্দ ভক্ত পরকাশ। ৮ গৌরভক্তরুন্দ নিজ নিজগণান্বিতে। স্বরূপরপাদি মুখ্যগণ হয় যা'তে॥ বামদিকে নিজগণে গুরুদেব স্থিতি। ধ্যান করিণ পূজা করে অতি শুদ্ধমতি। শ্রীগুরুদেবের ধ্যান যামলেতে যথা। তাহার বিশেষ কিছু লিখিয়ে সর্ব্বপা। শুদ্ধম্বর্ণরুচি-ভাবভূষা কলেবর। সচ্চিদানন্দ করুণামৃত জলধর॥ শশান্ধ-অযুত যেন অঙ্গের প্রকাশ। বরাভয়কর শুক্লাম্বর স_ুবিলাস । দিব্য শুক্লমালা-অনুলেপন-ভূষিত। শিষ্য-অনুগ্রহে নিত্য মুখে মন্দস্মিত। ত্রীরফপ্রেমসেকাদি-দাতা দীনপাল। সর্বানন্দময় বিভু নর্ন বিশাল ॥ ত্রীগুরুদেবের রূপ সদা ধ্যান করে। পরমানন্দসাগরে সাধক বিহরে। ত্রীগুরুপাদ-নিকটে সেবোৎসুক্মনা। আপনার দিব্যতন্ত্র করয়ে ভাবনা। ত্রীহরিমন্দিরযুক্ত ললাট শোভিত। কঠে দিব্যতুলসীর মালা বিরাজিত ॥

হরিনাম-বর্ণাঙ্কিত শোভা বক্ষঃস্থল। গ্রীখণ্ডলেপিত শুভ্র সূক্ষনবাম্বর॥ নিত্যই বিমল-ততু স্মরে আপনার। সেবানন্দে মগ্ন রহে নাহি জানে আর ॥৯ ত্তবে গুরুপূজাবিধি মানসেতে করে। তার(ওঁকার)যুক্ত চতুর্থ্যন্ত তাঁ'র মন্ত্রবরে ៖ পাত্য-অর্ব্য-দিয়া প্রদাদি চন্দনকুস,ম। ধূপদীপ-নৈবেত্যাদি জল অনুপম। অর্পণ করিয়া আচমন করাইয়া। প্রসাদি তামূল অর্পে হর্ষযুক্ত হৈয়া॥ গন্ধমাল্য পরাইয়া তবে পুষ্পাঞ্জলি। অর্পণ করয়ে মনে হই কুতুহলী॥ তবে ত প্রার্থনা করে আনন্দ-অন্তরে। হে ঐাগুরু ভুবনমঙ্গল নামবরে॥ ঋষিসম, হের ধ্যেয় চরণকমল। শরণাগতপালক দয়ার সাগর ॥ শ্রীরক্ষচরণপদ্ম-ভক্ষন তুল'ভ। থাঁহার রূপাতে হয় অত্যন্ত সুলভ॥ দীননাথ দয়া কর যুক্তি দীন প্রতি। প্রার্থনা করিয়া জপে শ্রীমন্ত্র-গায়ন্ত্রী। শ্রীগুরুবর্গের নাম করিয়াম্মরণ। তবে ধ্যান করে গৌরচন্দ্রের চরণ ॥ ১০

মুক্তাদামবদ্ধকেশ মন্দহাস্থানন। গ্রীখণ্ড-অগুরুচচ্চ । সুচিত্রবদন॥ দিব্যমালাভূষাঞ্চিত নৃত্যাবেশ্রস। অনুমোদ-মধুর-কন্দর্পোজ্জ্লবেশ ॥ বিজজনসেব্যমান–গ্রীকনকণ্ণ্যতি। প্রীরুষ্ণচৈতগ্যরূপ স্মরে একমতি॥ ত্তাঁ'র মন্ত্রে পাদ্যাদিক করি' সমর্পণ। গ্রীমন্ত্র-গায়ল্রী তাঁর জপে বিলক্ষণ। ১১ তবে নিত্যানন্দচন্দ্রের রূপ করে খ্যান। পদ্ম-ইন্দু-নিন্দিপাদ গজগতি-ঠাম। हेन्की वत्र खणी निन्म नीनाम् वत्र मारकः। তত্ত্বকৃচি সন্ধা।ইন্দু-বিমদি বিরাজে। প্রেমে ঘূর্ণ সুকঞ্জ-খঞ্জন-মদ জিতি'। নেত্ৰ, হাস্থানন শোভে বিশ্বাধর্ত্যুতি॥ ভুষণে ভূষিত অঙ্গ শ্রীল নিত্যানন্দ। প্রভূপাদ সেবিব সতত পরানন্দ। তাঁর মন্ত্রে তাঁহাকে ত পূজন করিয়া। তবে মন্ত্রাদিক জপে হর্ষযুক্ত হৈয়া। ১২ অদৈতপ্রভু-রূপ তবে ধ্যান করে। যাঁহার স্মরণে সর্ব্ব অমঙ্গল হরে ॥ সম্ভক্তালিনিষেবিত চরণকমল। শুদ্ধ-স্বৰ'বৰ্ণ কান্তি কুন্দ শুক্লাম্বর।

স_ুবাস্থ্যুগল, **ক্ষেরানন মনোহর**। প্রীচৈতগুদৃষ্টি, বরাভয় তুই কর ॥ প্রেমাঙ্গ-ভূষণাঞ্চিত প্রভু শ্রীঅদৈত। পরানন্দকন্দ তাঁ'কে চিন্তিব সতত॥ ১৩ তাঁ'র পূজা করি তাঁরমন্ত্রাদি জপিয়া। গ্রীল-গদাধররূপ চিস্তে মন দিয়া॥ রূপামকরন্দযুক্ত ঐপদ্মচরণ। চৈত্যাচন্দ্রের ত্যুতি-সম সুবরণ॥ তামূল-অর্পণ-ভঙ্গি-শ্রীদক্ষিণকর। সাধুবর প্রেমানন্দতন্তু শ্বেতাম্বর॥ সুধাস্মিতমুখ গৌরচন্দ্রে দৃষ্টিধর। माधूर्वा ज़्यरभाडज्ञ्च हिरस श्रनाधतं ॥ ১৪ মহাপ্রভুর নির্ম্মাল্যেতে পুঞ্চা করে তাঁর। তবে শ্রীবাসাদি ভক্তে ধ্যান করে আর ॥ যাঁ'রা শ্রীচৈতন্যপাদপদ্মের মধুপ। শুদ্ধপ্রেম ভূষোজ্জ্বল শুদ্ধস্বর্ণরূপ॥ নেত্রাম্বুপুলক-স্বেদকম্প্র–অঙ্গশোভা। সেবা-উপায়ন–পাণি স্মিতমুখলোভা ॥ ত্রীবাদাদি মহাশ্র সুখময়গণ। শুক্লাম্বরধারী তাঁ'রে চিন্তে অনুকণ ॥ প্রভূ-প্রসাদি-দ্রব্যে তাঁগরে করিয়া পূজন। পূর্ব্বমত স্বারাত্রিক করে স্কুপম ॥ ১৫

ভাঁারপর মন্তকেতে অঞ্জলি বান্ধিরা। গ্রীগুর্বাদি-নমস্বার করে নম্র হৈরা। নমো গুরুপাদামুজাখিলশোভাসন্ত। কোটি নতি করে[†]। গুরুবর্গপাদপ**র**।। প্রভু গৌরচন্দ্র বন্দো আর নিত্যানন্দ। বন্দো সীতানাথ-পদ আনন্দের কন্দ। শক্তিরূপ গুদাধর-পদে পরণাম। বন্দো গ্রীবাসাদি-ভক্ত আনন্দের ধাম। বন্দো সংকীর্ন্তন গঙ্গা আর গৌরবাসী। দীনে দরা কর, তোমরা হও কুপারাশি।১৬ তবেশ্রীগুরুদেবের অনুজ্ঞা লইয়া। রন্দাবনাদিক চিন্তে পুলকিত হৈয়া॥ বুন্দাবনে গ্রীরাধাক্তক্ষের পরিকর-। জনমধ্যে গুরুরপাস্থী নিরস্তর। তাঁহারে চিন্তিয়া <mark>তাঁর দাসীরূপা করি</mark>। আপনাকে চিন্তে মন ক'রে মোদভরি॥ যামলে শ্রীগুরুরূপাসখীর প্রার্থনা। করিবে যেমন তাহা লিখিয়ে অধুনা। রুষরবিতনরা-নিকটে গোপীরূপা। তুমি হও নিত্যসর্কানন্দ সর্কাধিকা। সেবাধিকারিণি গুরো। নিজ শ্রীচরণে। माछमान मिया त्यात्त **धरे व क्**वत्न ॥

গ্রীরাধিকাপাদপদ্ম-সেবায়ত দিয়া। হে সুখিনি। সুখী কর সুখাজে ডুবাঞা। ১৭ এইমত প্রার্থনা করিয়া ধ্যান করে। শ্রীগুরুর সখীরূপ আনন্দ-অন্তরে। রূপামকরন্দপূর্ণা শুদ্ধস্বর্ণকান্তি। ক্ষীণমধ্যা পৃথুশ্রোণি তুঙ্গন্তনী অতি॥ বিধু মুখী স ুক্তুরী-তিলক-শোভিতা। নানারত্ব আভরণে প্রীঅঙ্গ ভূষিতা॥ শোণবর্ণ অন্তরীয় চিত্রাম্বরধরা। হরিন্মণিচিত্র স্বর্ণচূড়ি-মনোহর॥ মৃহ্সিতা সীমন্তউপরি চূড়ামণি। অলকাসিন্দূরবিন্দু অঞ্জন-নয়নী॥ कित्नात्रवयुरमाङ्ज्लत्रमा श्रीत्रात्रिका । ঐারাধিকাপ্রীতি-ভূবা সর্বভাবাধিকা। म् कूमात-जन्नी भ कुक्तभा खीम नुक्ती। এইমত তাঁ'র রূপ চিন্ত মন করি'॥ ১৮ শ্রীমন্তগায়ত্রী দশবার জপ করি?। **हिटल जाननात क्रन-गृ** (य माध्ती॥ গ্রীগুরুচরণামুজরূপামৃতসিক্তা। কিশোরী গোপবনিতা ভূষণ-ভূষিতা ॥ উচ্চকুচযুগ চতুঃষষ্টি-কলাম্বিতা। রক্তচিত্র-**অন্ত**রীয় শুক্লা**ম্**রান্ততা।

স্বণ চিত্রারুণ-প্রাপ্ত মুক্তা-সুকপুলী। কাশ্মীর-চন্দনাগুরু-চিত্র-অঙ্গাবলি॥ সেবাজব্যনির্মাণকুশলা মৃত্রন্মিতা সেবোৎসুকা বিনয়াদি-সর্বগুণযুতা। শ্রীরাধা-করুণার্থিনী সুচারুপদ্মিনী। রাধার:ক্ত-সুখামোদ-সুচেষ্টাকারিণী॥ क्रस्थ भूएडावा (ध्यमानन वित्माहिनौ। নানারদকলালাপসুধাসুশালিনী ॥ সঙ্গীত- সঞ্জাত-ভাবোলাসভরাবিতা। হেমকান্তি নিজস ুখগন্ধ-বিবৰ্জ্জিতা। দিব্যরূপিণা দিবানিশি চিত্তমাঝে। রাধারক্ষপ্রেমভরাকুলা সদা রাজে। আপনাকে এইমত ভাবরে মতত। সাধক যে জন শুদ্ধভক্তি-মার্গান্বিত॥ ১৯ এই মত সিদ্ধরূপ ক্ষরণ করিয়া। রুন্দাবন ধ্যান করে একচিত্ত হৈয়া। পর্মানন্দবর্দ্ধন ত্রীল-রুন্দাবন। ষড়ঋতু-কুসুমশোভিত অনুকণ ॥ নানাজাতি পক্ষিগণ-শব্দে সুনাদিত। ভ্রমরবাঞ্চারে দিশামুখ মুখরিত। কালিন্দীর জলসঙ্গি-মারুতে সেবিত। নানাপুশুলতারক্ষসমূহে মণ্ডিত ৮

কমলকহলারোৎপল-পরাগে ধুসর। সর্ব্বানন্দময় স্থান অতি মনোহর॥ তা'র মধ্যে রত্নভূমি সূর্য্যাযুত্সম। তা,র মধ্যে কল্পতরু চিস্তে মনোহর॥ শুদ্ধপ্রেমামৃতর্-ষ্টিকারী অনুক্ষণ। মাণিক্যশিথরালম্বি মাঝে সুশোভন ॥ শ্রীমণিমগুল নানারত্বগণাচিত। সর্ব্ধ-ঋতুসুখ সদা যা'তে বিরাজিত॥ নানারত্নে চিত্ত চিত্র-বিতান-শোভিত। ঐারত্নতোরণমালা গোপুরমণ্ডিত॥ মাণিক্যাচ্ছাদন তাহে অডুত অন্বিত। দিব্যস্বণ'-যুক্তা-তারহার বিরাজিত ॥ কোটি সুৰ্য্যসমকান্তি অতি অদভূত। সব্ব'দা যাহাতে ছয় তরঞ্গবিযুক্ত ॥ তা'র মধ্যে রত্নান্বিত স্বপ'–সিংহাসন। অতি সুমহৎ সক্ষ'জগতমোহন॥ ২০ তা'র মধ্যে শ্রীরাধাক্রফকে ধ্যান করে। প্রথমেত রুফ্ধ্যান কহি সারোদ্ধারে॥ পীতাম্বর ঘনগ্রাম দিভুজ সুন্দর। কর্ষে বনমালা তাতে গু ত্রে মধুকর ॥ শিখণ্ডি-শিখণ্ডচুড়া উপরে বিরা**জে**। শরদের কোটিশশি-সম মুখ রাজে॥

কমল নিন্দিয়া শোভে ঘূর্ণিত নরন। কর্ণিকার-পুষ্প অবতংস-বিভূষণ॥ हन् एटनत विन्यूमाटक कूकूरमत विन्यू। তিলকরচনা ভালে আনন্দের সিন্ধু। তরুণ আদিত্যতুল্য বিরাজে কুণ্ডল। কপোলে ঘর্মামুবিন্দু করে ঝলমল। প্রিয়ামুখার্শিতাপাঙ্গলীলাতে উন্নত। ভুর ুযুগ কামের কোদগু-বিনিন্দিত। উচ্চনাস।–অগ্রভাগে যুকুতা দোলর। কুন্দকলিসম দস্তকান্তি বিরাজয়॥ পাকা বিম্বফলনিন্দি মধুর অধর। কেয়,রাঙ্গদ-মুদ্রিকা শোভে তুইকর॥ व्यथ्यत गुत्रली, छेत्त नाना तपुरात । মণিরাজ শ্রীকৌস্তভর্মণি শোভে আর ॥ কাঞ্চীদাম মধ্যে শোভে নৃপুর চরণে। রতিকেলিরসাবেশ চপল ঈক্ষণে। আপনে হাসয়ে আর হাসায় প্রিয়ারে। ত্রিভঙ্গিমরূপে সর্বাজনমন হরে॥ রুন্ দাবনে কল্পতর ুতলে সিংহাসনে। প্রিয়াসহ রুক্ষচন্দ্রে চিন্তে অনুক্রণে ॥ ২১ ত্যা'র বামেপার্যে স্থিতা চিন্তুয়ে রাধিকা। মহাতাব সক্ষপা ত্রীসক্ষপি, পাধিকা ॥

সুচীননীলবসনা দ্রুত-হেমপ্রভা। পটে অর্দ্ধারত স্মেরাননপঞ্চজাভা॥ কান্তসুথে গুস্ত চারুচকোর-লোচনা। নিজপ্রিয়মুখামুজে তামূল-অর্পণা। মুক্তাহার শোভে পীনোত্রতপ্রোধরা। পুথুপ্রোণী ক্ষীণমধ্যা কিঞ্চিণীর মালা ॥ রত্বতাড়ক্ষকের ুরম ুদ্র গদিধারিণী। কনকনুপুরশন্দ-হংসবিমোহিনী॥ পাদাঙ্গুলি রত্নাঙ্গুরী অতিশোভাকর। লাবণ্যের সার অঙ্গ রুঞ্চমনোহর॥ চারু অবয়ব আনন্দরসেতে মগনা। কলাভিজ্ঞা সুপ্রসন্না নবীনযৌবনা। এইমত রাধারুষ্ণ কল্পতরুম,লে। রত্বসিংহাসনে ধ্যান করে কুতূহলে।। হে বিপ্রেন্দ্র। শ্রীরাধার যত স্থাগণ। বয়োরূপচাতুর্য্যাদি গুণাদিতে সম।। চামরব্যজন তাম্বূলাদি সাজাইয়া। দোঁহার সেবন করে প্রেমে মগ্ন হৈয়া। ২২

প্রধানাষ্টদলে অষ্টললিতাদি-সখা। রাধাক্তঞ্চ–সুখামোদ-সেবানন্দে সুখী॥ সেবা উপার্য়ন সুবাকার পাণিতলে। রুন্দার সহিত যত্নে চিত্তে ধ্যান করে॥ শ্রীললিতা উত্তরে, ঈশানে বিশাথিকা। পূর্বের চিত্রা অগ্নিকোণে শোভে ইন্দুরেখা। यादमा कम्भकवली, रेनश्वरण तन्नरमयी। পশ্চিমে শ্রীতৃঙ্গবিদ্যা, বায়ব্যে সুদেবী॥ উত্তরদলেতে শ্রীললিতা-স্থীবরা গোরোচনাকান্তি শিখিপিঞ্ছনিভাম্বরা। শ্রীরাধিকা হৈতে সপ্তবিংশতি বাসর। জোষ্ঠা, অঙ্গে নানারত্র-মণি–অলস্কার ॥ মাতা গ্রীসারদী, তাঁ'র পিতা গ্রীবিশোক। সমস্লেহা নানাবিজ্ঞাবিনোদ-পোষক ॥ সবস্থীগণ হৈতে গুণেতে অধিকা। পতি তৈরবনাম গোবদ্ধ নস্থা।। অনুরাধা খ্যাতি, বাম-প্রখরা-স্বভাব। কর্পুর তাম্বুল সেবা, খণ্ডিতা যে ভাব॥ ললিতানন্দদ কুঞ্জ, বিহু তেবরণ। নানাক্ৰমলতা যাঁ'তে বিবিধ কুসুম। যি°হো কলিযুগে গ্রীগোরাঙ্গ-অবতারে। স্বরূপগোস্বামী বলিয়া খ্যাতি ধরে। তা'র অষ্ট্রস্থী রত্নপ্রভা, রতিকলা। সুভজা, ভদ্রবেখিকা শ্রীসুযুখী বরা। ত্রীধনিষ্ঠা, কলহংসী আর কলাপিনী।

वर्शाक्रभनावणा- मकनछन्थनि ॥ क ॥ 283 ঞ্ৰশান্তেতে ত্ৰীবিশাখা দামিনীবরণা। তারাবলিবসনা গ্রীরাধাসমগুণা॥ সমবরা স্চতুরা সমানভূষণা । মদনসূখদকুঞ্জ যাঁর মেঘবর্ণা ॥ মাতা ঐাদক্ষিণা যাঁ'র পিতা ঐাপাবন। পতি সে 'বাহিক' নাম গোপ বিচক্ষণ।। বামমধ্যা সুগন্ধিচন্দন-চারুদেবা। স্বাধীনভর্তুকাভাব, রসে মনোলোভা। কলিযুগে শ্রীগোরাঙ্গের পরিকর-মাঝে। যি[°]হে। শ্রীল রামানন্দরায় খ্যাতি রাজে। মাধবী, মালতী, চন্দ্ররেখিকা, কুঞ্জরী। হরিণী, চপলা, সুরভি, শুভাননা বলি'॥ এই অষ্টসখী যাঁ'র পরমচতুরা। রাধারুক্**-সেবানন্দে সতত** বিভোরা॥ খ ॥

* * * * * * * * * পুর্বেদলে চিত্রা শোভা কাশ্মীর-গৌরাঙ্গী। কাচনিভাম্বরা রত্নভূ যাভূ ষিতাঙ্গী। শীঅভিসারিকাবস্থাপ্রাপ্তা মৃদ্বী অতি। সখীবয়ঃ হৈতে ন্যুন দিন ষড় বিংশতি। জননী 'চটিকা' পিতা 'চতুর' যে খ্যাতি।

ত্রীগোকুলে যাঁর হয় পীঠরনামা পতি ॥
স্কুচিত্রানন্দদকুঞ্জ তুকুলসেবিনী।
ত্রীগোবিন্দানন্দ নাম গৌরভক্তে গণি ॥
রুসালিকা, তিলকিনী, শৌরসেনী আর।
স্গন্ধি, কামিনী, কামনগরী প্রচার ॥
নাগরী, নাগধন্নিকা গ্রীচিত্রার সখী।
রাধাক্তর্ঞ- সেবানন্দে অহর্নিশ সুখী॥ গ॥

क्ष অগ্নিকোণে ইন্দুরেখা হরিতালস্থ্যতি। দাড়িম্বকুস,মসম বসনের ভাতি॥ অঙ্গে ঝলমল করে নানা আভরণ। শ্রীরাধিকাবয়ঃ হৈতে ন্যুন তিন দিন। প্রোষিতভর্তৃকাবস্থা শ্রীবামপ্রথরা। নৃত্য-সেবা নানারসকলাস,চতুরা। পূর্ণে ব্দু কুঞ্জের নাম অতি মনোহর। থেত সব বৃক্ষণতা-দিজ-মধুকর॥ যার মাতা 'বেলা' নাম পিতা 'শ্রীসাগর'। গোকুলেতে পতি নাম হয় যে 'ছুর্ব্বল'॥ কলিযুগে গৌরাঙ্গের পরিকর-মাঝে। 'বসু রামানন্দ নাম সর্বগুণে রাজে॥ তুঙ্গভজা, রসোত্সা, রঙ্গবাটী আর। সুমঙ্গলা, চিত্ররেখা; বিচিত্রাঙ্গী সার ।

মোদনী, মদনালসা এই অষ্টসখী। ইন্দুরেখাসম রাধারুক্ত-সূত্যে সূখী॥ घ॥ দক্ষিণ দলেতে স্থিতি ঐচম্পকলতা। চাষপক্ষাম্বরা নানাভরণ-মণ্ডিতা ॥ একদিন কনিষ্ঠা শ্রীগান্ধব্রিক। হৈতে। বামমধ্যা প্রীতি যাঁর বাসকসজ্জাতে ॥ গ্রীচামরসেবা, হেমামুজ কুঞ্জনাম। মাতা যাঁর 'বাটিকা', পিতা হ'ন 'গ্রীআরাম'। বিশাখা-সমান গুণ-শক্তি অদভুত। 'চণ্ডাক্ষ' পতির নাম হয় যে নিশ্চিত॥ শিবানন্দ নাম খ্যাতি কলিযুগমাঝে। গৌরাঙ্গের ভক্তসঙ্গে সতত বিরাজে॥ কুরস্বাক্ষী, সুচরিতা আর শ্রীমণ্ডলী। গ্রীমণিকুগুলা চন্দ্রিকা চন্দ্রলতিকালি। কন্দুকাক্ষী, সুমন্দিরা এই অষ্ঠসখী। ত্রীচম্পুকলতার সঙ্গে সেবানন্দে সুখী॥ঙ নৈঋতি-দলেতে রঙ্গদেবী করে শোভা। পদ্মকিঞ্জকান্তিপুঞ্জ-অঙ্গলোভা ॥ জবারাগাংশুক **অঙ্গে** ধারণ করয়। উৎকণ্ঠিতাভাবে প্রীতি, বামমধ্যা হয়॥

মণি-অলঙ্কার অঞ্চে করে ঝলমল। নীলাম্বুজকুঞ্জ শোভাপুঞ্জ মনোহর। সপ্তদিন ন্যুন বয়ঃ শ্রীরাধিকা হৈতে। চম্পকলতার প্রার গুণগণ যাতে। 'করুণা' মাতার নাম, পিতা 'রস্নার'। 'বক্তেক্ষণ' নামে গোপ পতি হয় ই.র॥ কলিযুগে গৌরাঙ্গের ভক্তগণ সলে। গ্রীগোবিন্দঘোষ নাম ভাসে প্রেম্বরে ॥ কলকন্তী, শশিকলা, কমলা, মধুরা। কন্দর্পসূন্দরী, কামলতিকা, ইন্দির।॥ श्रीत्थ्यममञ्जरी এই षष्ट्रमश्री नाम। রঙ্গদেবী-সমগুণ রসকলাধাম॥ পশ্চিম-দলেতে তুঙ্গবিত্তা স্থী রাজে। কুঙ্কুমচন্দনচন্দ্রনিন্দিকান্তি সাজে। পাণ্ডুর-বরণ বস্ত্র সদা অঙ্গে ধরে। নানারত্ব—অলঙ্কার অঙ্গে দীপ্তি করে॥ বিপ্রলব্ধাভাবে প্রীতি, দক্ষিণপ্রথরা। নৃত্যগীতবা**ত্ত-সে**বানন্দ-রসে ভরা ॥ 'ঐাঅরুণামুজ' কুঞ্জনাম খ্যাতি যার। 'মেধা' মাতা নাম পিতা 'পুষ্কর' গোপ যঁরে॥

'বালি।' পতির নাম ধাঁহার বিখ্যাত।

অঠাদশ দিব্যবিক্তাকলার সে নাথ ॥
কলিযুগে গ্রীগোরাঙ্গ-ভক্তগণ-মাঝে।
'বক্রেশ্বর' নাম যার নৃত্যরঙ্গে সাজে।
মপ্ত্রেশ্বর, সুমধ্যা যে আর।
মধ্রেক্রণা, ততুমধ্যা, মধ্সুন্দা আর ॥
গুণচূড়া, বরাঙ্গদা এই অঠসখী।
তুঙ্গবিক্তাসম প্রেমানন্দরসে সুখী॥ ছ

বায়ব্য দলেতে শ্রীস ুদেবী বিরাজিত। ভগ্নীসম বয়োরূপবস্তাদি-মণ্ডিত॥ 'বক্তেক্ষণ' কনিষ্ঠ ভ্রাতা পতি হর যাঁর। কলহান্তরিতাবস্থা-ভাবে প্রীতি আর n গ্রীবামপ্রথরা জলসেবাপরায়ণা। হরিদর্ণ কুঞ্জনাম, সর্ব্বগুণে পূর্ণা॥ বাসুদেবঘোষ বলি' নাম সুবিখ্যাত। বিহরয়ে গৌরাঙ্গের ভক্তগণ-সাথ। কাবেরী, চারুকবরী, সুকেশিকা সখী। মঞ্জুকেশী, হারহীরা, মহাহীরা লেখি।। হারকণ্ঠী, মনোহরা এই অপ্তসখী। গ্রীস্ দেবী-সঙ্গে সেবানন্দে সদা म्थी। ज। २०।

*

*

জনঙ্গমপ্তরী-আদি অষ্ট উপদলে।
তবে যতে যুগের সহিতে ধ্যান করে।
অনঙ্গ্মপ্তরী' মধুমতী তাঁর বামে।
উত্তরের তুই দলে শোভে মনোরমে।
পূর্বে তুই দলে বিমলা বামেতে শ্রামলা।
দক্তিণ তুই দলে পালিকা আর যে মঙ্গলা
পশ্চিমের তুই দলে ধন্যা শ্রীতারকা।
রূপবয়োবন্তুগুণ-কলা সর্ব্রাধিকা।

তবে কিঞ্জৰ-নিকটেতে সদা যাঁর স্থিতি। সেবন- উৎস ুকা চিন্তে নৰ্শ্মসখীততি ॥ উত্তরেতে নব গোরোচনাসম গৌরী। প্রিয়নর্ম্মসখী মুখ্যা গ্রীরূপমঞ্জরী । শিখিপিঞ্ছতুল্যাম্বরা ভূষণে ভূষিতা। তাদূলসেবনা বামমধ্যাতেই স্থিত।॥ বরঃ ত্রয়োদশ্বর্ষ আর ছয় মাস। গ্রীললিতাকুঞ্জোতরে কুঞ্জ পরকাশ। 'গ্রীরূপোল্লাসাখ্য' কুঞ্জ নাম মনোহর। নানাবিধ মণিগণ করে ঝলমল ॥ গৌরাঙ্গের পরিকরে বিহরে সতত। গ্রীরপগোস্বামী নাম প্রেমে উনমত। এশান্সেতে মঞ্জালী-মঞ্জরী সুন্দরী।

কিংশুককুস ুমান্বরা তপ্তহেমগোরী।।
স্বর্গ-ইন্দ্রনীলমণি-ভূষণে ভূষিতা।
বস্ত্রমেবাগরারণা সেবানন্দে মন্তা॥
সার্দ্ধ-ত্রমেদশ্বর্য সপ্তদিন বরঃ।
বামমধ্যা-স্বভাবেতে সদা স্থিতি হর॥
বিশাখা কুঞ্জের উন্তরেতে কুঞ্জু যাঁর।
লালানন্দ নাম অলি কর্য়ে বাস্কার॥
শ্রীগোরাঙ্গ সঙ্গে বিহর্মে নির্বধি।
শ্রীলোকনাথ গোস্বামী প্রেমামূতনিধি॥

পূর্বেদিক-কিঞ্জেক্তে শ্রীরসমঞ্জরী।

হংসপক্ষবসনা চম্পককান্তি গৌরী॥

পুরটভূষণা চিত্র-সেবাকুরাগিণী।

বয়ঃক্রম যার ত্রয়োদশবর্ষ গণি॥

চিত্রাক্ঞ্জ-পশ্চিমেতে কুঞ্জ হয় যার।

বসানন্দ নাম সর্ব্র-শোভার ভাণ্ডার॥

বামামুদ্বীস্বভাবেতে সদা হয় স্থিতি।

গৌরাঙ্গ-নিকটে রঘুনাথভট্ট খ্যাতি।

অগ্নিকোণেতে স্থিতি শ্রীরতিমঞ্জরী। দামিনীদমনকান্তি, বস্ত্র তারাবলী। মণীক্রভুষণা পাদাস্কুজ-সুদেবিনী। ক্রয়োদশবর্ষ ছুই মাস বয়ঃ গণি ॥ ইন্দুরেখাক, এইজের দক্ষিণে বার কুঞ্ছ। 'রত্যমূজ' নাম প্রেমরস্সারপুঞ্জ। দক্ষিণামুদ্বিকা-স্বভাবেতে সদা স্থিতি। গোরাস-নিকটে রঘুনাথকাস খ্যাতি॥ গ্রীগুণমগুরী দক্ষিণেতে সদাস্থিতি। জবাতুলাবসনা তড়িতসম কান্তি॥ নানা-অলম্বারে শোভে, দক্ষিণপ্রধরা। বারিসেবাপরারণা, অতিমনোহরা। তেরবর্ষ-একমাস সাতাইশ দিন। পরিমাণ হয় ধার এই বয়ঃক্রম। চম্পুকলতার কুঞ্জ ঈশাণকোণেতে। 'শুণানন্দপ্ৰদ' নাম অতি অদভূতে॥ গৌরাঙ্গের ভক্তমাঝে বিহরে সতত। ত্রীগোপালভট্ট নাম. গৌরপ্রেমে মন্ত। নৈখা তকেশরে স্থিতি বিলাসমঞ্জরী। স্বর্ণকেতকীকান্তি অঞ্চের মাধুরী। চঞ্চরীকাম্বরা বামামৃদী ভাবাশ্রিতা। নানামণি-জলঙ্কারে অঙ্গবিভূষিতা ॥ ত্ৰয়োদশ্বৰ্ষ ষড় বিংশতি দিন বয়ঃ। নাগজ-জ্ঞান-সেবানন্দে মগ্ন হয় ! রঙ্গদেবীকুঞ্জের পশ্চিমে কুঞ্জ বার।

'বিলাসানন্দদ' নাম সর্ব্বশোভা-সার॥ বিহরয়ে গৌরাঙ্গের ভক্তগণসাথ। ঞ্ৰীজীবগোস্বামী নাম জগতে বিখ্যাত পশ্চিম-কেশরে শোভে লবঙ্গমঞ্জরী। বিজুরীসমান কান্তি, বস্ত্র তারাবলী। সেবা গ্রীলবঙ্গমালা, মণীক্রভূষণা। দক্ষিণ-মৃদ্বিকা-ভাবে স্থিতি, বিচক্ষণা। বয়ঃ সাৰ্দ্ধত্ৰয়োদশ্বৰ্ষ একদিন। তুঙ্গবিজাকুঞ্জ-পূর্ব্বে কুঞ্জ সুপ্রবীণ। 'লবঙ্গসুখদ' নাম অতি মনোহরে। নানাদিজগণ শোভে শুঞ্জে মধুকর॥ গৌরাঙ্গ–নিকটে যিঁহ সনাতন নাম। প্রেম-ভক্তিরসামুত-বিশ্রামের স্থান॥ বায়ুকোণে কেশরেতে কন্তুরীমঞ্জরী। কনকসমানকান্তি কাচাম্বরধারী॥ মণীক্রমগুনে যুক্তা শ্রীখণ্ডসেবনা। বামায়ন্দী ত্রয়োদশবর্ষ পরবীণা ॥ গৌরাঙ্গ-নিকটে রুঞ্চদাস কবিরাজ। নাম খার বিলস্য়ে ভকত-সমাজ ॥ 88 এই ক্রমে সব সখাগণ ধ্যান করি'। আপনার রূপগুণে আপনা বিসরি॥

সবার সঙ্গিনী হৈয়া, গুরু-আজ্ঞা লৈয়া। রাধারুষ্ণ-সেবা করে সুষত্র করিয়া॥ ২৪ তবে মানসিকে ক্রন্থের করয়ে সেবন। তাঁর মন্তে পাত্যগন্ধপুষ্প সমর্পণ ॥ ধূপদীপ নানাবিধ নৈবেল্য উত্তম। আচমন, তামূলাদি করে নিবেদন। তবে গ্রীরাধিকার সেবা করে বিচক্ষণ। তার মন্ত্রে পাদ্যাদিক করে সমপ্র। প্রত্যেক সকল সখী পূজন করিরা। আরাত্রিক করে তবে পুলকিত হৈয়া। এই মত অন্তঃপূজা করি' সমাপন। তবে বাহ্যপূজা করে সাধক যে জন। গু রুদেবের মন্ত্র-গায়ন্ত্রী জপিয়া। তবে প্রাক্তক্ষের মন্ত্র জ্বপে হর্ষ হৈরা। অপ্টোত্তর সহস্র বা অপ্টোত্তরশত বার। জিশিয়া কামগায়ল্রী জপে দশবার ॥ শ্রীরাধিকামন্ত্র অপ্টোত্তরশৃতবার। জপিয়া তাঁ'র গায়ন্ত্রী জপয়ে দশবার॥ এই মত মন্ত্র-গায়ল্রী জপি একমনে। তবে জ্বপ সম্পূর্ণ করে সাব্ধানে ॥ গু স্থাতিগু স্থ-গু প্তার্থ মোর ক্তুত জপ। গ্রহণ করহ মন্ত্রচূড়ামণিরূপ।

ভোমাতেই স্থিত মন্ত্র, তোমার রূপাতে। সিদ্ধি হউক দেব, এ জপ ছরিতে ॥ ২৫ তবে ত বিজ্ঞপ্তি-স্তব করয়ে পঠন। মোসম পাপাত্মা নাহি, এ তিন ভুবন॥ মোর সম অপরাধী নাহি একজন। ক্ষমাইতে কি বলিব ? লজ্জা করে মন॥ হে পুরুষোত্তম! তুমি কিবা নাহি জান! ্য উচিত হর, তাহা কর ভগবান ॥ যুবতীজনেব মন যুবা পুরুষেতে। যুবা পুরুষের মন যুবতীজনেতে॥ যেমত রময়ে সেইমত মোর মন। তুরারূপে রমণ করুক অনুক্ষণ।। ভূমিতে শ্বলিতপাদ ভু–অবলম্বন। তোমাতে অপরাধ হৈলে তুমি সে শ্রণ॥ কবে শ্রীষমুনাতীরে তুয়া নামাবলী। কার্ত্তন করিয়া নাচিব কি কুতুহলী॥ অশ্রুযুক্ত হৈয়া আমি হে কমলনেত্র! ভূমে গড়াগড়ি যাব পুলকিতগাত্র ॥ ২৬ গোবিন্দবল্লভে রাধে! তোমাকে যে আমি। সদাই প্রার্থনা করি, শুন তাহা তুমি 🛭 তোমার সহিত রুক্ত করুণাত্মস্তরে। সূর্ব্বথা তোমার বলি' জাতুক আমারে॥

হে রাধিকে ! কবে গান-নৃত্য- কলা-শিক্ষা। শিখাইবে মোরে, আমি হব অতি দক্ষ।॥ যাতে তুঠ হৈয়া হরি তোমার কিঙ্করী। বলি' মানিবেন মোর অতি রূপা করি'। রাধে রন্দাবনেশ্বরি করুণাবাহিনি! নিজপদে দাভ দেহ মোরে দাসী মানি'। তোমার হইয়ে, আমি হইয়ে তোমার। তোমা বিনে ক্ষণমাত্র না বাঁচিব আন। এ জানিয়া দেবী। তুমি নিজ্পদতলে। আমাকে সত্তর লেহ করুণা-অন্তরে॥ ২৭ রাধাক্কঞ- পদে এই করিয়া বিজ্ঞপ্তি। পঞ্চপত্য পড়ে অতি করিয়া কাকুতি। হে রাধাগোবিন্দ।পুদ্রমিত্রগৃহাকুলে। পড়িয়াছি এই কামি সংসার-সাগরে ॥ ইহা হৈতে রক্ষা মোরে কর তুইজন। "প্রপন্ন-ভয় ভঞ্জন' হয় তব নাম। যে আমি, আমার আছে যে কিছু সুরুত। ই•লোকে পরলোকে সব উপচিত। সে-সকল তোমার শ্রীচরণকমলে। সমর্পণ কৈলুঁ আমি আনন্দ-অন্তরে । আমি অপরাধালয়, সাধনবিহীন। ষ্ণাতির গতি মোর তুমি হুইছন 🖖 -

কর্ম্ম-মনোবচনেতে তোমার যে আমি। হে রাধিকানাথ। ইহা সত্য জ্ঞান তুমি॥ ক্লফ্ষকান্তে শ্রীরাধিকে! আমি যে তোমার। তোমা দোঁহা বিনে মোর গতি নাহি আর॥ শরণ লইন্যু আমি দোহার চরণে। করুণানিকরাকর সব লোকে জানে **॥** তুষ্ট হৈয়া অপরাধী জনে ক্লপা কর। এ সংসার-মহাত্রংখ হইতে উদ্ধার ॥ দাস্থ মনে ইচ্ছা করি. যে ইহা পড়য়ে। অচিরে তাঁহার দাস্তপদ প্রাপ্ত হয়॥২৮ তবে ত প্রসাদিগন্ধাদিকেতে করিরা। শ্রীবৈষ্ণবগণে পুজে আনন্দিত হৈয়া।। কপিল-নারদ-ব্যাস-শুক-সূত-মুমু। প্রহ্লাদাম্বরীষ হতুমান্ প্রেমতত্র ॥ বিভীষণাক্রুর–শ্রীউদ্ধব-মার্কণ্ডেয়। যুধি ষ্ঠির-শ্রীযম-নেমি-ধ্রুব ভক্তিমর॥ ভীশ গ্র-বলি-পৃথু-সনক বৈষ্ণব। আর যে বৈষ্ণব যাঁ'রা মহা–অনুভব ॥ শ্রীক্তঞ্বে নির্মাল্য কামদ সবে মেলি'। গ্রহণ করহ প্রেমানন্দে কুতুহলী। ওঁকার-পুর্ব্বক চতুর্থান্ত নাম করি'। প্রসাদনৈবেত্ত সমর্পয়ে করজোড়ি ॥ ২৯

তবে শ্রীতুলসীপূজা করে সাবধানে। প্রথমে ত পাত্য-অর্ঘ্য-শ্রীখণ্ড-কুসুমে॥ ধূপ-দীপ-নৈবেন্তাদি আচমন দিয়া। ত্তবে নীরাজন করে প্রেমযুক্ত হৈরা।। "শ্রীতুলস্তৈ নমঃ" এই করি উচ্চারণ। जुनगीत अर्घा फिक करत ममर्थन ॥ তোমাকে দেবতাগণ করিল প্রকাশ। তোমাকে পূজয়ে সুরাসুর মহোলাস। হে তুলসি ! পাপসব হর যে আমার। এ পূজা গ্রহণ কর, করে । নমস্কার॥ প্রসাদজননি ! নমঃ সৌভাগ্যবদ্ধিনি। আধি–ব্যাধি-হারিণি শ্রীতুলদী মোহিনি॥ ''নমো নমঃ'' বলি' স্ততি করে নিরন্তর। প্রার্থনা করয়ে তবে আনন্দ-অন্তর ॥ ত্রীযশঃ-কীত্তি- আয়ৣঃ-সূখ-পুষ্টি-বল-। ধর্ম্মাদিক দেহ শ্রীতুর্লাস। রূপা কর। এই মত মহামতি প্রার্থনা করিরা। প্রণাম করয়ে ভূমে সাষ্টাঙ্গ হইয়া ॥ পূর্স্ববৎ গ্রীগুর্ব্বাদি-ক্রমেতে করিয়া। প্রণাম-স্তান করে আনন্দিত হৈয়া। এই প্রাতঃক্তা কিছু করিল বর্ণন। যাহার শ্রবণে হয় আনন্দিত মন॥

গ্রীগুরুচরণাশ্রিত দীন রুঞ্চদাস। সাধনায়তচন্দ্রিকা করিল প্রকাশ॥ ৩০

সাধনামৃতচল্লিকায়াং দ্বিতীয়ঃ প্রকাশঃ।
—%%—

[তৃতীয়ঃ প্রকাশঃ] পূর্ব্বাহ্নক্রত্য

জয় জয় গুরুদেব-চরণকমল। যাঁহার স্মরণে নাশে সব অ্মঙ্গল।। জয় জর গৌরচন্দ্র শচীর নন্দন। জয় নিত্যানন্দতনু অধৈত-জীবন 🛭 জয় গদাধর-প্রাণনাথ বিশ্বস্তর। জর ঐীবাসাদি-ভক্তগণের ঈশ্বর॥ জয় জয় মহাপ্রভু শ্রীরুষ্ণচৈত্যা। কলিযুগপাবনাবতার ধন্য ধন্য ॥ ভক্তগণ-সঙ্গে তোমার নদীয়া-বিহার , নিরন্তর হৃদয়েতে স্ফুরুক আমার॥ জয় জয় এক্লফটেতন্য নিত্যানন্দ। জয়া**দৈত্চন্দ্র জ**য় গৌরভক্তরুদ॥ क्य क्य बीत्रांशात्त्राविन त्रांशीनाथ। জয় রাধামদনমোহন প্রাণনাপ। জয় রন্দাবনস্বতরুতলস্থিতি। কোটি কোটি মনমধমধন-মূরতি॥

জন্ন জন্ন ভক্তবৃন্দ, ক্বপা কর মোরে। ত্রীচরণামুজরজ দেহ মোর শিরে॥ দত্তে তৃণ ধরি' যুক্তি করে। নিবেদন। রাধারুঞ্লীলামূতে ডুবু মোর মন॥ পূর্ব্বাচ্ছের ক্বত্য এবে করিয়ে লিখন। ख्याप्य द्यात्र। अनीना क्रिट्ट **खत्र ॥** স্থাসঙ্গে ঐাকুঞ্রে বনেতে গমন। তাহাতে ব্যাকুল সব ব্ৰজবাসী জন 🛚 ষে লীলা হারণ করি' গৌরাঙ্গস_ুন্দর। তদসুকরণ-লীলা করে মনোহর॥ ভক্তরুন্দ-মধ্যে নানাভাবে বিভূষিত। অশ্রচ-কম্প্র,স্তম্ভ সর্ব্ব-অঙ্গ রোমাঞ্চিত। এমন শ্রীগোরচন্দ্র ভক্তগণ-সঙ্গে। সেবন করিব জামি **জানন্দতরঙ্গে ॥** ১ তবে ত শ্রীরুঞ্চলীলা করিব শরণ। যাহার স্মরণে ভক্তের ঝুরে ত্নয়ন। (गायरवम् धितः हस्य मरत्र मथागनः। ধেনুরন্দ অত্যে করি' যায় রন্দাবন। সর্ব্ব ব্রজবাসিজন ব্যাকুল স্লেহেতে। কিছু নাহি বলে, সবে চলয়ে পশ্চাতে। মাতাপিতা-পদে ক্লম্ম করি'নমন্বার। নেত্রকোণে প্রিয়াগণে করয়ে সৎকার। যথাযোগ্য সবাকারে করিয়া সাম্মন। গুহেতে পাঠাঞা বনে যায় অভিরাম॥ সখাগণ-সঙ্গে বনে প্রকাশ করিরা। ক্ষণমাত্র নানাক্রীডা করে হর্ষ হৈয়া॥ তা-সবাকে বঞ্চনা করিয়া রুঞ্চন্দ্র! তুই তিন সখাসঙ্গে আনন্দের কন্দ। প্রিয়াসন্দর্শনোৎস ্ক আনন্দ-অন্তরে! **সঙ্কেত-কুঞ্জেতে যায় কত ভাবভরে**॥ রুষ্ণচন্দ্র বনে গেলে তবে শ্রীরাধিকা। তাঁ'রে দেখি' গৃহে যায় প্রেমভরাধিকা।। সূৰ্য্যপূজাব্যাজে পুষ্প উঠাইতে বনে। গমন করয়ে তবে সখীগণ–সনে॥ পূর্ব্বায়ের ক্বত্য এই করিল বর্ণন। যাহার শ্রবণে ভক্তের জুড়ায় শ্রবণ । প্রীগুরুচরণাশ্রিত দীন রুঞ্চদাস। সাধনামুতচন্দ্রিকা করিল প্রকাশ ॥ ২ ইতি শ্রীসাধনামূভচল্রিকায়াং ভৃতীয়ঃ প্রকাশঃ।

-0*

[চতুর্থঃ প্রকাশঃ] মধ্যাহ্নক্ত্য

জয় জয় গুরুদেব- চর্ণকমল। যাঁহার স্মর্ণে নাশে সব অ্মঙ্গল॥ জয় জয় গৌরচন্দ্র শচীর নন্দন জয় নিত্যানন্দ ততু অদৈতজীবন॥ জর গদাধর-প্রাণনাথ বিশ্বন্তর। জয় গ্রীবাসাদি ভক্তগণের ঈশ্বর ॥ জয় জয় মহাপ্রভু গ্রীক্লফটেতন্য। কলিযুগপাবনাবতার ধন্য ধন্য ॥ ভক্তগণ-সঙ্গে তোমার নদীয়া-বিহার। নিরন্তর হৃদারেতে স্ফুরুক আমার। জয় জয় গ্রীরুষ্ণচৈতন্য নিত্যানন্দ। জয়াদৈতচন্দ্র জয় গৌরভক্তরন্দ ॥ জর জর শ্রীরাধাগোবিন্দ গোপীনাথ। জর রাধামদনমোহন প্রাণনাথ 🛭 জয় রন্দাবনস্বতরুতলস্থিতি। কোটি কোটি মনমধমথন মূরতি॥ জর জয় ভক্তরুন্দ, রুপা কর মোরে। গ্রী চরণামু জরজ দেহ মোরে শিরে॥ দন্তে তৃণ ধরি'মুঞি করে'। নিবেদন। রাধারুষ্ণলালামূতে ডুবু মোর মন। একে কহি মধ্যাষ্টের কুত্য মনোহর। যাহার শ্রবণে ভক্তের আনন্দ-অস্তর। মস্ত্রাদিক-মানমধ্যে করে এক মান। শ্রীহরিভক্তিবিলাসে তাহার প্রমাণ ॥

মন্ত্র-ক্ষিতি অগ্নি-বায়ু দিব্যস্নান আর। বারুণ-মানস-মান—এ সপ্ত প্রকার॥ মন্ত্রপুত জলদারা হয় ফেই স্লান। সে স্নানের নাম 'মান্ত্র' বে প্রধান ॥ মৃত্তিকালম্ভন' তারে কহিয়ে পার্থিব। 'আগ্নেয়' ভক্ষেতে যাতে লিপ্ত অঙ্গ সব॥ গোরজেতে স্নান তারে কহি 'বায়ুস্লান' জাতপ-রৃষ্টিতে স্নান 'দিব্যস্নান' নাম॥ নন্তাদিতে ধেই স্নান 'বারুণ' আখ্যান। মনেতে গ্রীকৃষ্ণধ্যান 'মানস-সূত্রান'॥ কাল-দেশ-অপেক্ষাতে তুর্বল শরীর। সর্বস্নানে তুল্যফল কহে পরাশর॥ সর্বস্নান মধ্যে মানসিক যেই স্নান। মশ্বাদিসম্মত সেই পরমপ্রধান॥ সপ্তস্নান-মধ্যে একমত স্নান কৈলে। গুন দিজবর! গৃহী মুক্ত হয় হেলে॥ ক **S** 数 数

তবে পূর্ব্বমত সব পূজার সম্ভারে। শ্রীগুর্বাদিক্রমে পূজা–পাঠাদিক করে॥ জাগমেতে যে প্রকার মধ্যাক্ষের ধ্যান। সাধক তেমত ধ্যান করে সাবধান॥ শুদ্ধমতি হৈয়া রক্ষাবনকে চিন্তর। নানাবিধ ক্রমে ভূমি সুশীতল হয়॥ প্রকট সৌরভ্য উদগলিত মকরন্দ। বিকসিত পুষ্প, নবপল্লবের রন্দ ॥ তাতে নম্র হৈরা রহে যা'র শাখাবলি। প্রফুল্ল নবমঞ্জরীবলিত-বল্লরী ॥ ১ বিকাশি সুমনোরসাস্বাদন-মঞ্জুল। শিলীমুখ-ঝঙ্কারেতে মুখরিতান্তর ॥ কপোত-শুক-শারিকা কোকিলাদিগণ। শ্বে কোলাহল' শিখিনুত্য মনোরম। ২ যমুনার চঞ্চললহরী বিন্দু জল। বিকাশি-পঞ্চজরজচয়েতে ধুসর॥ প্রদীপিত-মনোভব ব্রজনারীগণ। বসন নাচানকারী সেবিত প্রন ॥ ৩ তা'র মধ্যে ধ্যান করে কল্লতরুবর। প্রবাল-নবপল্লব মরকতদল ৷ বক্স-যুক্তাপ্রকর কোরক হয় যা'র। পদ্মরাগ নানাবিধ ফল শোভে আর। বসন্তাদি ছয় ঋতু সতত সেবিত। স্থূলতর উচ্ছ সর্ব্বকামদ অভুত॥ ৪ অমৃতের বিন্দু বর্ষে কল্পতরুবর। তাণর তলে চিত্তে স্বর্ণস্থলী মনোহর॥ সুহেমশিধরাবলি হৈতে সযুদিত।

ভানুসম তেজঃপুঞ্জ অতি প্রকাশিত 🛭 প্রকাশিত পদ্মরাগাদিক মণিগণ। তাহাতে কু,টটিম বদ্ধ অতি মনোরম। কুস,মপরাগপুঞ্জোজ্জ্বল অতিশয়। যাঁহারস্মরণে ষট্তরঙ্গ দূর হয়॥ ৫ কনকস্থলীর মধ্যে সুরত্নকুট্টিম। উপরে মহিষ্ঠ যোগপীঠ মনোরম। ততুপরি অষ্টপত্র অরুণকমল। উদিত রবির কান্তি অরুণ নির্মাল ॥ চিন্তু' মন করি' তাঁক বরাটক–মাঝে। সুখেতে নিবিষ্ট রাপার্গোবিন্দ বিরাজে। ইন্দ্রনীলম্ণি আর দলিতঅঞ্জন। নীলোৎ শলদল কিয়ে তকু গ্ৰামঘন ii মিশ্বনীল ঘন স্কুঞ্চিত কেশজাল। চূড়াতে ময়ূরপুচ্ছ শোভা করে ভাল। ৬ ভ্রমরা-সেবিত পারিজাত পুষ্পোত্তংস! বিকচ নবীনোৎপল কর্ণ অবতংস॥ চঞ্চল অলক ভালতল প্রদীপিত। রোচনা–তিলক ভুরুলতা উচ্চুলিত॥ १ আপূর্ণ শারদশশি-বিম্বকান্তানন। বিশাল কমলপত্র জিনিং তুংনয়ন ॥ কর্ণে শোভা নানারত্ব মকর-কুগুল।

কান্তিদীপ্ত গণ্ডস্থল যুকুর উজ্জ্বন ॥ উচ্চ চারু নাসাগ্রে যুকুতা সুশোভিত। তাহা দেখি যুবতীর চিত্ত উনমত ॥৮ সিন্দুর হইতে চারু অরুণ অধর। ইন্দু-কুন্দ-নিন্দি'মন্দহাস্থ মনোহর॥ বনের প্রবালপুষ্পচয়েতে রচিত। মনোহর হার কমুকর্চ্চে বিভূষিত। ১ মত্ত মধুকরাল**ন্ধি মন্দারের দাম।** তাতে অলস্কৃত চুই হন্ধ অভিরাম॥ হারাবলি-ভগণ-রাজিত পীন উরঃ-। ব্যোমস্থলে ললিত কৌস্কুভ ভাসুবর।। ১০ ঐবিৎসলকণ-সূলক্ষিত উন্নতাংস। পীন স্বর্ভুল জাকু বাহুর বিলাস॥ বন্ধুর উদর' সুগভীর নাভি সাজে। ভূঙ্গাঙ্গনানিকর মঞ্জুল রোম রাজে ॥ ১১ নানামণি-বিনিমিত অঙ্গদ, কঞ্চণ। অঙ্গুরীর, গ্রৈবের আর শোভে সুরসন॥ সুবণ'-নুপুর, কটিমূত্র, তুন্দবন্ধ। পীতবন্ত্র-পরিবৃত নিতম্ব সূতৃন্দ ॥ ১২ দিব্য-অঙ্গরাগ-বিলেপিত সর্ব্ব অঙ্গ। চারু জানু সূবর্জুল মনোহর জজ্ম॥ কান্তোত্মতপ্রগদ-বিন্দিতকুর্মকান্তি।

মাণিক্যদর্পণশোভা হরে নখপংক্তি ॥
প্রীঅঙ্গুলিদল-সুরু চির পাদপদ্ম ।
অরু ণিত প্রীচরণতল-শোভাসদ্ম ॥ ১৩
অজ-বজ্ব-মংস্থাঙ্কুশ-কেতু-ছত্র-দর ।
ধনুক-গোষ্পদ-যব-ত্রিকোণ-অম্বর ॥
ইত্যাদি লক্ষণে পাদামুজ সুলক্ষিত ।
ভক্তগণ চিত্ত-মধ্যে সক্ষণ উদ্বত ॥
লাবণ্যের সাররাশি–নির্মিত প্রীঅঙ্গ ।
কন্দর্পাঙ্গকান্তিনিন্দি সৌন্দর্য্যতরঙ্গ ॥ ※ ১৪॥

ক্ষার বামে চিন্তা মন করয়ে রাধিকা।
সক্ষ শক্তিবরীয়সী সক্ষ গুণাধিকা॥
গোরোচনাচম্পকদামিনী- নিন্দি কান্তি।
নবীনজলদপুঞ্জ বসনের ভাতি॥
ফণিনিন্দি বেণী আগে শোভে মণিগুচ্ছ।
শরদের কোটিশশি- জিনি মুখ স্বচ্ছ॥
মাধবার দলকিবা ললাট-সুন্দর।
কুটিল কুন্তল ভাহা চক্ষল ভ্রমর॥
সিন্দুরের বিন্দু শোভে অভি মনোরম।
ভূরুয়ুগ কামচাপ বিধে ক্রম্ণ-মর্মা॥
চকোর-খঞ্জন-গক্ষ করয়ে ভঞ্জন।
অঞ্জনে রঞ্জন শোভা করে ফু'নয়ন॥

সী থিপাটে চূড়ামণি কর্ণেতে কুণ্ডল। নাসাগ্রেতে গজমুক্তা দোলে সমুজ্জ্বন। অধর বান্ধলীবন্ধ রদ কুন্দকলি। চিবুকে কস্তরীবিন্দু যেন শোভে অলি।। জাম্বদ–কম্বকণ্ঠ ত্রিরেখা-বলিত। বিল্বতাল-ফলনিন্দি কুচ বিরাজিত ॥ রক্তবর্ণ কঞ্চলিকা তাহার উপরে। নানারত্ন-যুক্তাহার পদকাদি দোলে। কনকমূণাল কিয়ে ভুজযুগ-শোভা। অঙ্গদ-কঙ্কণ-চুড়ি তাহে মনোলোভা 🛭 অঙ্গুলে অঙ্গুরী নথমণি ঝলমল। সৌভাগ্যাদি রেথাযুক্ত ত্রাকরকমল। জিতচলদলোদর সুধাসরোবর। নাভিপদ্ম রোমরাজি রাজে মধুকর॥ ত্ৰিবলি-ললিত অতি নিতম সুভাল। রুশকটিতটে নটী কিঙ্কিণীর জাল। স্বর্ণরন্তা উরু, জাতু সম্পুটের সম। জ্ঞানাল, চরণকমল অনুপ্র ॥ হংসক-নূপুর তাহে অতি মনোহর। অঙ্গুলে অঙ্গুরী, নথচন্দ্র ঝলমল। শৰ্খ, চক্ৰাঙ্কুশ, বেদী পৰ্ব্বত, কমল। গদা, শক্তি, মীন, ছত্র বল্লী, সুকুণ্ডল ॥

ইত্যাদি লক্ষণে সুলক্ষিত পদতল। যাবকেতে অরুণিত সুগন্ধি শীতল।। সৌন্দর্য্যের লক্ষী প্রতি অঙ্গ সেবা করে। মাধুর্য্যের সার সর্ব্ব অঙ্গেতে বিহরে। সব্ব**′–অঙ্গ হৈতে লাবণ্যের ধারা বহে**। মন্দস্মিতামূতে ক্রঞের চিত্তর্নত্ত মোহে॥ এইরূপে গ্রীরাধিকা-রূপ করি' ধ্যান। স্থীগণ ধ্যান তবে করে সাবধান॥ ১৫ সূললিত গোপনারীশ্রেণী চতুর্দিকে। রাধারুষ্ণ-অভিমত সেবা করে রাগে (রঙ্গে)॥ বিস্তার নিবিড়তর নিতম্ব সুন্দর। গুরু কুচভার অবলগ্ন রুশতর॥ ত্রিবলিতরঙ্গ শোভা রোমশ্রেণী আর। ১৬॥ বেণ,নাদামুতে জাত ক**ন্দ**র্পবিকার॥ সবার অঙ্গেতে রোমোদ্যাম অলফ্বত। বিবিধ অদ্ভূত ভাবাবলিতে ভূষিত ॥ ১৭ শ্রীক্তফের মন্দহাস্তকোমুদী সুন্দর। তা'তে উচ্ছলিত অনুরাগ-রত্নাকর॥ তাহার যে তরল তরঙ্গ বিন্দু বিন্দু। ঘর্মাজলছলে শোভা করে মুখ-ইন্দু॥ ১৮ তাঁহার ললিত ভুরু-ধনুক হইতে। শাণিত কটাক্ষ-কামবাণ-রুষ্টি তা'তে॥

দলিত সকল নৰ্ম্ম বিহবলাঙ্গ-ততি। বিস্তার তুঃসহ কম্পুতরঙ্গ**–সন্ততি ॥ ১৯** ॥ ত্যাঁর কমনীয় রূপশোভায়তরস। পান-বিধানেতে শোভে নয়ন লালস।। প্রণয়-সলিলপূর-বাহিনী **সতত**। অসম-বলিত লোল নেত্ৰাম্বজ মন্ত॥ ২• বিগলিত কবরীকলাপ-স্কুস্ম-। মরকে উন্মত মধুকর মনোরম। মদন-উন্নাদ মদ- স্থালিত বচন। কান্ত-কর্ণ-মন হরে অতি মনোরম। কাঞ্চী-নীবি-বন্ধ শ্লথ চীনাংশুক হৈতে। নিতম্বের কান্তি বাহে প্রকট অদ্ভূতে ॥ ২১ শ্বলিত ললিত পদ কমল চলিত। মণি-নূপুরের ধ্বনি দিশা সুপূরিত। চঞ্চল অধ্রদল নয়নকমল। কিঞ্চিৎ মুদ্রিত শোভে পলক সুন্দর ॥ ২২॥ উন্নসিত গ্রীকুণ্ডল-শোভা গগুস্থলে। শ্রীওষ্ঠ-পল্লব ম্লান দীর্ঘ-শ্বাস-ভরে॥ নানা উপায়ন-বিলসিত করামুজে। সতত সেবয়ে চতুৰ্দ্দিকে স্থীসাজে। ২৩ শ্রীক্তফের মুখামুজ হৈতে বিগলিত। মকরন্দ-রসাস্বাদ করে অবিরত॥

নানারত্বহার পুষ্পুমালা গলে শোহে। নানাবিধ বিনোদে ক্বকের মন মোহে স্বার আয়ত লোল নয়নকমল-। মালাতে পূজয়ে রুঞ্মুখবিধুবর ॥ ২৪ এইমত ধ্যান করি' মানসোপচারে। পাত্যঅর্ঘ্য-নৈবেত্যাদি নিবেদন করে। তবে বাছে নানাবিধ পক্কান্ন-ব্যঞ্জন। দধি, তুগ্ধ, শিখরিণী,সৃতসিক্ত অর। মূলমন্ত্রে গ্রীক্লফেরে করি' সমর্পণ। দার দিরা বাহিরেতে করয়ে চিন্তন ॥ ধ্যান করি' ভোজনের বিজ্ঞপ্তি পড়য়। কাকুতি করিয়া তুই কর জুড়ি' কয়। যজ্ঞগত্নী-অন্নে আর বিহুরের অন্নে। ব্রজে ধেনুগণ-দধি-ক্ষীর-আস্বাদনে॥ দিজ স্থা সুদামের চিপিট-ভক্ষণে। ব্র জরাণী গ্রীষশোদাস্তনামূত-পানে॥ শ্রীব্রজযুবতি-দত্ত-মধু-আস্বাদনে। তুঠ হৈয়া রুঞ্চ তাহা করহ গ্রহণে॥ সে সব আস্বাদে হৈল স্খ তোমার। তেমনি এ উপহার কর অঙ্গীকার॥ যে প্রীতি পাইলে, রুষ্ণ! বিচুর-অর্পণে কুন্তীর অর্পিতে, অন্নকুটে গোবর্ননে ॥

চিপিট-ভক্ষণে আর যশোদার স্তনে ' ভরদ্বাজ-সমর্পিতে, শবরিকা-দানে॥ ব্রজযুর্বতির ঐীঅধরামূত-পানে। মুনিভাবিনীগণের নিবেদিত অরে॥ প্রীতি করি' এ-সকল করিলে ভোজন। তেমনি এ উপহার কর আস্বাদন॥ হস্ত তালি দিয়া দার ঘুচাইরা ধীরে। আচমন দিয়া তাম্বুল নিবেদন করে। তবে রাজ-উপচারে আরতি করিয়া। ফিরায় **স**জল-শুখ আনন্দিত হৈয়া॥ অমুল্য-শ্ব্যাতে প্রভুকে করাঞা শ্রন। ঘারেতে কপাট দিয়া কর**রে গম**ন ঃ বাহিরেতে শুকাসনে বসিং পূর্ব্বনুখে। নিজ ইপ্তমন্ত্র-জপ করে অতি সূথে॥২৫ মধ্যাক্ষের লীলা তবে করয়ে স্মরণ। গৌরাঙ্গের তদ্ভাবাঢ্য-লীলা অনুপ্র ॥ मथीमर खीताधिका क्रुटिक्त (य नीना। স্মরণ করিয়া মধ্যাহ্নের নানা খেলা। ব্যক্ত করি' করে সে অনুকরণ। ভক্তগণ-মধ্যে নানা ভাব- বিভূষণ ॥ মহাভাব-রসময়-মূর্ত্তি অদভূত। হেন শচীস,ত প্রভু ভজ্ঞহ ত্তরিত। ২৬

এই মত মুধ্যাক্টেতে শ্রীরাধাগোবিন্দ। অতি যত্নে মিলিয়া পাইল পরানন্দ॥ বনমধ্যে সখীগণ- সঙ্গে তুহু জন। বিবিধ প্রকাশ ক্রীড়া করে অনুক্ষণ ॥ ঝুলনা–উপরে তুহুঁ করে আরোহণ। আনন্দে দোলায় চতুর্দিকে স্থীগণ।। কান্ত-করস্থিত বংশী প্রিয়া করে চুরি। অরেষণ করি সবা-মধো ফিরে হরি ॥ প্রিয়াগণ নানামত তিরস্কার করে। বন্তবিধ হাস্ত করি' ক্রম্বগমুখ হেরে॥ সর্ব্যন-নষ্টপ্রায় যুখ ম্লান করি'। কান্তাগণ-মুখচন্দ্র দেখরে গ্রীহরি ॥ কোন হলে ঋতুরাজ বসন্ত প্রকাশ। বনশোভা দেখি হৈল অন্তর উল্লাস।। কান্তাগণ-সঙ্গে বনমধ্যে প্রবেশিয়া। চন্দন-কুষ্কুমজ্বল যন্ত্রেতে ভরিরা॥ আনন্দেতে পরস্পর করয়ে সেচন। চন্দন-কুছুম-পঙ্ক করয়ে লেপন। ঐারুষ্ণকে সেচন করয়ে স্থীগণ। আবির গুলাল পুনঃ উড়ায় সঘন॥ এইমত অগ্রঋতু-শোভা বনশ্রেণী। তাতে কাস্তাসঙ্গে ক্রীড়া করে বংশীপাণি॥ সে সে ঋতুকালোচিত বিবিধ বিহার। কান্তাগণ–সঙ্গে করে রুষ্ণ অনিবার॥ ৎে গুনি! সত্তর প্রান্ত হৈয়া রুক্ষম,লে। দিব্যাসনে বাসি' তবে মধুপান করে।। মধুমদে মত্ত নিজ্রামিলিত নয়ন। পরস্পর করে ধরি' করয়ে গমন । কামবাণে বশ হৈয়া রমণ করিতে। কুঞ্জগৃহে প্রবেশ করয়ে আনন্দেতে॥ বিগলিত-বসন-ভূষণ ক্রীড়া করে। করিণীর সঙ্গে যেন মত্ত করিবরে॥ স্থীগণ বিহ্বল হইয়া মধুপানে। নিদ্রাবেশে সবাকার মুদ্রিত নরনে। পৃথক্ পৃথক্ কুঞ্জে করয়ে শয়ন। প্রিয়ার প্রেরণে তবে মদনমোহন। বহুম, ত্তি হৈয়া সখীগণ-নিকটেতে। যাইয়া রমণ করে আনন্দ-ভরেতে।। করিণীর **সঙ্গে যেন মৃত্ত** গজরাজ। তা' সবার সঙ্গে ক্রীড়া করি' রসরাজ ॥ প্রিয়া কাছে যায় তাঁ'সবাকে সঙ্গে করি'। সরোবরে যাইয়া জলক্রীড়া করে হরি॥ পরস্পার জলযুদ্ধ করি' কতক্ষণ। তীরে উঠি'পরে বস্ত্র-ভূষণ-চন্দন ॥

সরোবর তীরে দিব্য রতন-মন্দিরে। প্রবেশিল তাতে রুষ্ণ কান্তাসঙ্গে ধীরে। আমার রচিত ফলমূলাদি সকল। প্রিরা পরিবেশে, সুখে খায় দামোদর ॥ ভোজন করিয়া তবে করি' আচমন। কুস,মশ্য্যাতে যাঞা কররে শ্রন ॥ তাস্থূল, ব্যজন, পাদপদ্ম, সম্বাহন। নানামত সেবা তাঁহা করে দাসীগণ। শ্রীরুষ শুতিলে তবে রাধিকাস,ন্দরী, প্রিয়-অধরামৃত খায় সঙ্গে সহচরী॥ ভোজন করিয়া তবে যায় শ্য্যালয়। কান্তমুখ দেখিবারে আনন্দ উদয়॥ চন্দ্ররশ্মিশান যেন করয়ে চকোর। এইমত কান্তমুখামুজ দেখি' ভোর॥ তুই দিকে সখাগণ যোগায় তাস্বূল। অনেন্দে ভোজন করে রাধা গিরিধর ॥ রুষ্ণ তাঁ'দের পরস্পর কথা শুনিবারে। ছন্দনিদ্র। যায় মুখ ঢাকি পীতাম্বরে॥ কান্তকথাশ্রর পরিহাস্থ কথামৃত। পরস্পর পান তাঁ'রা করে' আনন্দিত॥ রুঞের ব্যাজনিজা জানি'কোন অনুমানে। হাস্তম,খ পরস্পার হেরয়ে নয়ানে॥

্যজ্জাযুক্ত হৈয়া কিছু না কহে বচন। নুখ হৈতে দূর করি ও পীতবসন॥ "ভাল নিদ্রা গিয়াছ" বলি হাসার রুঞ্চেরে। এইমত সখী-সঙ্গে তুত্র হাস্ত করে॥ ক্ষণমাত্র নিজাসুখ অনুভব করি।। গণ্সহ তুহুঁ বৈসে দিব্যাসনোপরি॥ হে মুনি-সত্তম। চুম্বাশ্লেষ পণ রাখি'। গাশক খেলয়ে তুহু হৈয়া অতি সুখী॥ প্রেমে নর্ম্ম আলাশন করে পরস্পর। শ্রীরাধিকা জিতে পণ হারে গিরিধর॥ হারিরা বলেন—'মোর হইরাছে জিত'। হারাদি এহণে তাঁ'র করয়ে অরীত। প্রিয়া কর্ণোৎপ**লে তাঁরে করেন তাড়ন।** গত্যন-মত হঞা বিষয়বদন ॥ হে নারদ! তবে রুফ কতে 'দেবি। শুন। জিতিয়াছ, পণ তুমি করহ গ্রহণ॥ চুম্বনাদি দিল আমি বলিয়া বচন। তথা আচরণ করে গ্রীনন্দনন্দন। কুটিলতা জালতার, ভৎ সন-বচন। দেখিয়া শুনিয়া অতি আনন্দিত মন॥ ত্তবে শারীশুকালাপ শুনি' দুহু জন। তাঁহা হৈতে গৃহপ্ৰতি গন্তকাম মন॥

কান্তা-আজ্ঞা লৈয়া ক্লঞ্চ যার ধেনু-প্রতি। সূর্য্যগ্রহে যায় রাধা সঙ্গে সখী–ততি॥ কতদূর যাঞা পুনর্ব্বার ফিরি' হরি। সূর্য্যের মন্দিরে যায় বিপ্রবেশ ধরি'॥ স্থাগণ বচনে পূজায়ে সূর্য্যমূত্তি। বেদ পড়ে, পরিহাম্ম শ্লেষ নানা ভাঁতি॥ তবে বিচক্ষণা তাঁরা জানিয়া ক্রঞেরে। না জানে আপনা ডুবে আনন্দসাগরে। এইমত বিবিধ বিহারে যুনিবর! সার্দ্ধযামদ্বয় ক্রীড়া করি' মনোহর॥ তবে কান্তা গৃহে যায় স্থীগণ-সঙ্গে। রুষ্ণ ধেনুপ্রতি ধার বিষগ্নতা–রঙ্গে॥ এই ত মধ্যাফলীলা করিল বর্ণন। যে শুনিয়া ভক্তজনের হৃষ্ট তকু-মন।। ২৭ তবে ত আসন হৈতে উঠিয়া তৎকাল। মন্ত্র পড়ি[,] প্রদক্ষিণ করে চারিবার॥ পুর্ব্বমত শ্রীতুলসী পূজন করিয়া। গ্রীগুর্ব্বাদিক্রমে নতি করি নম্র হৈয়া। 'আসামহো' এই শ্লোক করি উচ্চারণ। পরান**ন্দে ব্রজ**ধুলি কর**রে সে**বন॥ 'অকালমৃত্যুহরণং' এ শ্লোক পড়িয়া। চরণামূত পান করে মস্তকে ধরিয়া॥

সর্ব্ব–মহাপাতকাদি কররে রোদন। বারংবার দীর্ঘধাস ছাড়ে ঘনেঘন॥ হাহাকার করি' সবে পলায় সম্বরে। জগন্নাথ প্রসাদান ভুঞ্জে ষেই নরে॥ তুলসী মিশ্রিত করি প্রীপ্রসাদ-অর। বিশেষতঃ পাদজল করিয়া সেচন।। মুরারি-অগ্রেতে নিতা যে করে ভোজন। যজ্ঞাযুত-কোটি পুণ্য পায় সেই জন।। এই শৃদ্রি' প্রদাদার করের ভোজন। আচমন করি' করে 'রুফ্' উচ্চারণ॥ এই ত মধ্যাফ্রতা করিল বর্ণন। শুনিরা আনন্দ পাবে সাধক যে জন। শ্রীগুরুচরণাশ্রিত দীন রুঞ্চাস। সাধনামৃতচক্রিকা করিল প্রকাশ ॥ ২৮॥ ইতি শ্রীসাধনামূতচন্দ্রিকায়াং চতুর্থং প্রকাশ:।

> [পঞ্চমঃ প্রকাশঃ] অণরাহ্ন-ক্রত্য

--000-

জয় জয় গুরুদেবের চরণকমল। যাহার শ্বরণে নাশে সর্ব্ব–অমঙ্গল।। জয় জয় গৌরচন্দ্র শচীর নন্দন। জয় নিত্যানন্দতকু অধৈত-জুীবন॥

জর গদাধর-প্রাণনাথ বিশ্বন্তর। জয় শ্রীবাসাদি ভক্তগণের ঈশ্বর॥ জয় জয় মহাপ্রভু গ্রীরুঞ্চৈতন্য। কলিযুগপাবনাবতার ধন্য ধন্য ॥ ভক্তগণ-**সঙ্গে** তোমার নদীয়া-বিহার। নিরন্তর হৃদয়েতে স্ফুরুক আমার॥ জয় জয় গ্রীরুষ্ণ চৈত্যা নিত্যানন্দ। জয়াদৈতচন্দ্র জনগোরভক্তরন্দ। জয় জয় শ্রীরাধাগোবিন্দ গোপীনাথ। জয় রাধামদনমোইন প্রাণনাথ।। জয় রন্দাবনস্বতরুতলস্থিতি। কোটি কোটি মননথ-মথন-মূরতি॥ জয় জয় ভক্তরুন্দ ক্রপা কর মোরে। ত্রীচরণাম্বুজরজ দেহ মোর শিরে॥ দন্তে তৃণ ধরি' যুঞি করে"। নিবেদন। রাধারক্ষলীলামুতে ভুবু মোর মন॥ সর্ববৈষ্ণবের পদ করিয়া বন্দন। অপরাষ্ণক্তত্য কিছু করিয়ে লিখন॥ সাধক গ্রীহরিনাম করয়ে গ্রহণ। ভাগবত ভক্তিশাস্ত্র শুনে দিয়া মন॥ তবে অপরাহ্ন-লীলা স্মরণ সে করে। গৌরচন্দ্র-লীলা চিত্তে আনন্দ-অন্তরে॥ ধেনুগণ, প্রিয়সখাগণ করি' সঙ্গে। বন হৈতে ব্রজে রুঞ্চ যায় নানা**রঙ্গে**॥ নটবরবেশ চূড়া ময়ূরের পুচ্ছ। গলে বনমালা, কণে অশৈকের গুচ্ছ।। গোরজে ধুসর মুখচন্দ্র শোভা করে। পরাগে ভূষিত যেন নীলাদুজবরে॥ অবরে মুরলী ধরি' বাজার সু**স্থর**। স্থাগণ দলশূল নানাবাতা করে ॥ উচ্চ পুচ্ছ করি' ধার ধেনু ব্রজ-মাঝে। 'হাস্বা হাম্বা' ধ্বনি, যেন জলদ গরজে ॥ অট্টালিতে শ্রীরাধিকা দেখিরা রুঞ্চেরে। নানাভাব- বিভূষিত হয় কলেবরে 🗈 সেইভাবে বিভূষিত হৈয়া গৌরহরি। ব্রজলীলারূপগুণ স্মরণ সে করি ॥ স্তম্ভ-কম্প-অশ্র- ঘর্ম-পুলক-ইন্ধার। আনন্দ-তরঙ্গ উঠে কত শত আর ॥ ভক্ত-মাঝে নানালীলা করে প্রকটন। হেন প্রভুপাদপদ্ম ভব্ধ মোর মন॥ ১ স্থাসঙ্গে মিলি' কুষ্ণ লৈরা ধেতুগণ। ব্রজপ্রতি কত রঙ্গে করয়ে গমন ॥ যুরলীর শব্দে ব্রজ করে আকর্ষণ। গোধুলি-পটলে ব্যাপ্ত দেখিয়া গগন॥

স্বনর্দ্ম ত্যজিয়া রদ্ধ-তরুণী-বালক। ক্লফের সন্মুখে যায় দেখিতে উৎস্কুক । প্রীরাধিকা **গৃহে আদি**' স্নানাদি করিয়া i বোড়শ শৃঙ্গার অঙ্গে ভূষণ পরিয়া॥ ক্লফভোগ-জন্ম নানাবিধ পাক করি'। রুষ্ণকে দেখিতে যায় সঙ্গে সহচরী॥ ঔৎস্ক্যেতে রাজমার্গে ব্রজদ্বারে স্থিত। সর্ব্ব-ব্রজবাসিজন আনন্দে উন্মত্ত॥ ক্লম্ব্য তা সবারে খিলি' যথাবিধি-ক্রমে। দর্শন-স্পাদনি-বাং শ্রিতাবলোকনে। গোপরুদ্ধ সবাকান্তে নমস্কার করি'। শরীর-বচন-মনে জাস্ত জাচারি'। পিতামাতাপদে করি নাঙ্গাঙ্গ-প্রণতি। হে নারদ। রোহিণীনে করে তথা নতি। নেত্রের কটাক্ষে বিনয়েতে প্রিয়াগণ। সবার সৎকার করে যেন ফ্রান্সন এইমত ব্ৰজবাসিজন শ্ৰীক্লনে, র। নিজভাবে যথোচিত সৎকার সে করে। গোশালার ধেতুগণে প্রবেশ করাঞা। পিতার বচনে গুহে যায় হর্য হৈয়া। বলদেব-সঙ্গে সান-ভোজনাদি করি'। মাতা-আজ্ঞা লৈয়া গোশালায় যায় হরি ॥

ধেনুতৃপ্ধ দোহন করিতে হর্য মন।
গোঠে প্রবেশিলা সঙ্গে লৈরা সখাগণ॥
ক্রঞ্চ-অবশেষ রাধা সখীগণ-সঙ্গে।
ভোজন করিয়া অট্টালিতে বৈসে রঙ্গে॥
এই অপরাফলীলা করিল বর্ণন।
ইহার স্মরণে প্রেমানন্দে ডুবে মন॥
শ্রীগুরুচরণাশ্রিত দীন রুঞ্চাস।
সাধনামৃতচন্দ্রিকা করিল প্রকাশ॥ ২॥
ইতি শ্রীসাধনামৃতচন্দ্রিকাধাং প্রুম: প্রকাশঃ।

0360

[ষষ্ঠঃ প্রকাশঃ] সায়াফ ক্বত্য

জর জর গুরুদেব-চরণকমল।
বাঁহার শ্বরণে নাশে সব অমঙ্গল ।
জর জর গৌরচন্দ্র শচীর নন্দন।
জর নিত্যানন্দতকু অদৈত-জীবন ।
জর গদাধর-প্রাণনাথ বিশ্বস্তর।
জর শ্রীবাসাদি ভক্তগণের ঈশ্বর ।
জর জয় মহাপ্রভু শ্রীরুক্ষটৈতক্য।
কলিযুগপাবনাবতার ধন্য ধন্য ॥
ভক্তগণ-সঙ্গে তোমার নদীয়া-বিহার।
নিরন্তর হৃদয়েতে ক্ফুরুক আমার ॥

জয় জয় গ্রীক্লফটেতন্য- নিত্যানন্দ। জয়াদৈতচন্দ্র জয় গৌরভক্তরু**ন্দ**॥ জর জর গ্রীরাধানো বিন্দ-গোপীনাথ। রাধা- মদনমোইন প্রাণনাথ। জয় রন্দাবন সুরতক্ততলস্থিতি। কোটি কোটি মনমথমথন-মূর্তি॥ জর জয় ভক্তবৃন্দ, কুপা কর মোরে। গ্রীচরণাম্বুজরজ দেহ মোর শিরে॥ দত্তে তৃণ ধরি'যুঞি করে। নিবেদন। রাধাকুক্তলীলামূতে ডুবু মোর মন॥ তবে ত সায়াহ্নকালে স্নান।দি করিয়া। পূর্ব্ববৎ তিলকাদি করে হর্ষ হৈয়া॥ প্রীমন্দিরে দার মুক্ত করি' ধীরে ধীরে। শ্যাা হৈতে উখাপন করার ক্লফেরে ॥ আচমন করাইয়া কিছু পক অর : প্রীক্লফকে নিবেদন করে মনোরয পুনঃ আচমন দিয়া সমর্পি তান্ত,ল। আরাত্রিক করে নানাবাল্ত-কুতূহল। হরিদঙ্গীর্ভন করি' গুর্বাদিবন্দন। শুদ্ধাসনে বসি' করে লীলার স্মরণ ॥ সারংকালে শ্রীক্তক্ষের লীলা মনোহর। সঙরিয়া গারচন্দ্র প্রেমেতে বি ভোর ॥

ভক্তমাঝে করে সেই মতাতুকরণ। ভাবেতে উন্মন্ত হৈরা করে সঙ্কীর্ত্তন। কদন্বকেশর জিনি, পুলক শরীর। স্রধুনী - ধারা যেন নয়নের নীর॥ হুষ্কার গর্জ্জন নানাভাব-বিভূষণ। হেন গৌরচন্দ্রপদ ভজ মোর খন। ১॥ তবে গোষ্ঠে রুষ্ণ ধেনু কররে দোহন। আর ধেনুগণ দোহে সব স্থাগণ॥ অট্টালিতে বসি' রাধা সখীগণ-স**ঙ্গে**। গোদোহন লীলা দরশন করে রঙ্গে॥ শত শত চুগ্ধভার সঙ্গেতে করিয়া। পিতা-সঙ্গে রুষ্ণ গৃহে যার হর্ষ হৈয়া। পাদ প্রক্ষালন করি' গ্রীরাম গোবিন্দ। পিতাসঙ্গে ভোজন করয়ে পরানন্দ। চর্ব্ব-চুয়া-লেছ-পের চতুর্বিধ অর। ভোজন করিয়া তবে করে আচমন। তান্ধূল খাইয়া ক্লফ শয়ন-মন্দিরে। যাইরা শয়ন করে পালক্ষ-উপরে॥ ত্রীয়শোদা–আজ্ঞা-পাঞা ধনিষ্ঠা সুন্দরী। তুলসীর হস্তে অন্ন-ব্যঞ্জনাদি করি॥ কুঞ্চাধরামৃত অতি গোপন করিয়া। পাঠায়েন, তেঁহো লৈয়া যায় হর্ষ হৈয়া।।

গ্রীরাধিকা-নিকটেতে নিবেদন করে।
সে সব দেখিয়া রাই পুলকাঞ্চভরে ॥
শ্রীরাধিকা সখীসঙ্গে করিয়া ভোজন।
আচমন করি' তবে করেন শয়ন ॥
এই ত সায়াহ্ণলীলা করিল বর্ণন।
অতি অদভূত কর্ণ-মন-রসায়ন ॥
শ্রীগুরুচরণাশ্রিত দীন রুষ্ণদাস।
সাধনামৃতচন্দ্রিকা করিল প্রকাশ ॥ ২ ॥
ইতি শ্রীসাধনামৃতচন্দ্রিকায়াং বর্ষ্ণ প্রকাশঃ।

---:88:---

[সপ্তমঃ প্রকাশঃ] প্রদোষ–ক্বত্য

জয় জয় গুরুদেব-চরণকমল।

যাঁহার স্মরণে নাশে সব অমঙ্গল।
জয় জয় পৌরচন্দ্র শচীর নন্দন।
জয় নিত্যানন্দততু অদ্বৈত-জীবন।
জয় গদাধর-প্রাণনাথ বিশ্বস্তর।
জয় শ্রীবাসাদি ভক্তগণের ঈশ্বর।
জয় জয় মহাপ্রভু শ্রীক্রফটেতন্য।
কলিযুগপাবনাবতার ধন্য ধন্য ॥
ভক্তগণ-সঙ্গে তোমার নদীয়াবিহার।
নিরস্তর হৃদয়েতে স্ফুব্রুক আমার॥

জয় জর শ্রীকৃঞ্চৈতন্য-নিত্যানন্দ। জয়াদৈতচন্দ্র জর গৌরভক্তরন্দ ॥ জর জয় গ্রীরাধাগোবিন্দ-গোপীনাথ। জয় রাধা-মদনমোহন প্রাণনাথ ॥ জয় রন্দাবন-সুরতক্রতলস্থিতি। কোটি কোটি মনমধমধন-মুরতি॥ জয় জয় ভক্তরুন্দ, ক্লপা কর মো**রে**। শ্রীচরণাম্বজরজ দেই মোর শিরে॥ फर्रे एवं धितः करता निरंत्रक्त । রাধারকলীলামতে ডুবু মোর মন॥ তবে ত প্রদোষ-ক্বত্য করিয়ে বর্ণন। সাধকজনের কর্ণ-মন-রসায়ন ॥ शृद्धनीना (गीतहन्त कतिता स्वत्। আঁত উৎকণ্ঠাতে ব্যাকুলিত তনু-মন। নয়নকমলে মকরন্দবারি ঝরে। কদম্বকেশর জিনি' পুলক শরীরে॥ গদগদ বাণী আধ আধ কথা কহে। চল সখি! নিকুঞে বিলম্ব নাহি সহে॥ এত কহিং মত্তগঙ্করাজ-গতি জিনি। গমন করয়ে গৌরচন্দ্র গুণমণি ॥ কখন স্থলিতগতি, কভু ধীরে ধীরে। চুলিতে চুলিতে গেলা শ্রীবাসের ঘরে॥

ত্রীবাস-প্রাঙ্গণে দিব্যমগুণ সুন্দর। তাহাতে বসিল গিয়া গোরা হিজবর॥ চতুর্দিকে নিজভক্ত-মণ্ডলী বিরাজে। তারাগণ-মাঝে যেন রাকাপতি সাজে॥ হেন গৌরহরি লীলা স্মর মোর মন। দত্তে তৃণ ধরি যুঞি করে। নিবেদন ॥ ১ শুষ্যা হৈতে উঠি' ক্লফ বলরাম-সঙ্গে। গমন করয়ে রাজসভা-মধ্যে রঙ্গে ॥ সবাকারে যথাযোগ্য করিরা সম্মান আস্ন-উপরে বৈসে আনন্দের ধাম॥ সূত-মাগধ পৌরাণিক-বন্দি-জন। নিজ নিজ কলা সবে করে উদযাটন।। তথা কুঞ্চ নানাবিধ কৌতুক দেখিয়া। মনোহর গীতবাত্য-কবিতা শুনিয়া। ধন-ধান্য-বস্ত্র আদি তা সবাকে দিয়া। যথাযুক্ত সম্মান করিল হর্ষ হৈয়া॥ দাসদারে মাতা রাম-ক্রুষ্ণে বোলাইয়া। শয্যাতে শোয়ায় হুগ্ধ পান করাইয়া॥ সেবাতে নিযুক্ত করি সব দাসগণ। তবে ব্রজরাণী গৃহে করয়ে গমন॥ রুষ্ণচন্দ্র প্রিয়া-প্রেমে হইরা উন্মন্ত। ফুঞ্জেতে গমন করে অতি অলক্ষিত।

এথা শ্রীরাধিক। শ্ব্যা হইতে উঠিয়া। আসনে বসিলা নিজযুথ প্রকালিয়া॥ সিত-রুঞ্জনিশাযোগ্য বেষ স্থীগণ। শ্রীরাধিকা-**অঙ্গে প**রায় ব**সন-ভূষণ** ॥ হে নারদ। মোর কাছে দূতিকা পাঠায়। সন্দেশ লইয়া তেহে। তাঁ। র স্থানে যায়॥ সেই তাঁ'রে অভিসার হরিত করায়। সখীগণ-সঙ্গে গৃহ হৈতে বাহিরার ॥ কভু শীঘ্রগতি চলে, কভু পীরে ধীরে। এই মত প্রাপ্ত হৈল যযুনার তীরে । কলবৃক্ষ-নিকুঞ্জেতে দিবারত্বসয়। মন্দির বিরাজে, শোভা বর্ণ ন। ইর। স্থীগণ-সঙ্গে তা'তে প্রবেশ হইল। কুঞ্জ-শোভা দেখি' চিত্তে চমৎকার পাইল ॥ ২ এই ত প্রদোষ-লীলা করিয়া স্মরণ। সাধক শ্রামন্দিরেতে করয়ে গমন। অন্নব্যঞ্জন হুশ্ধাদিক সুবাসিত জল। ক্রফে সমর্পণ করে আনন্দ-অন্তর ॥ আচমন করাইয়া তামূল যোগায়। আরতি করিয়া তবে শরন করার॥ দ্বারেতে কপাট দিয়া করি' নমস্কার। হরিনমে সংকীর্তন করে অনিবার ॥

এই ত প্রদোষক্বত্য করিল বণ ন।
যাহার প্রবণে হয় আনন্দিত মন।
শ্রীপ্তরুচরণাশ্রিত দীন ক্রফদাস।
সাধনামৃত্যন্ত্রিকা করিল প্রকাশ। ৩॥
ইতি শ্রীসাধনামৃত্যন্ত্রিকায়াং সপ্তমঃ প্রকাশঃ।

——;*;—— [অষ্টমঃ প্রকাশঃ]

নক্ত-কুত্য

জয় জয় গুরুপেব-চর্ণকমল। যাহার সারণে নালে সব অ্যক্ষল॥ জয় জয় গৌরচন্দ্র শচীর নন্দন। জয় নিত্যানন্দতত্তু অদৈত-জীবন ৷ জর গদাধর প্রাণনাথ বিশ্বলর। জয় ঐাবাসাদি ভক্তগণের ঈশ্বর॥ জয় জয় মহাপ্রভু গ্রীব্রফটেতন্য। কলিযুগপাবনাবতার ধন্য ধন্য॥ ভক্তগণ-**সঙ্গে তোমার নদী**য়া–বিহার। নিরন্তর **হৃদরে:ত স্ফুরু**ক আমার॥ জর জর শ্রাক্রঞ্চৈতন্য-নিত্যানন্দ। জরা**দেতচন্দ্র জর** গৌরভক্তরু**ন্দ**॥ জয় জয় শ্রীরাধাগোবিন্দ-গোপীনাধ। জয় রাধামদনমোহন প্রাণনাথ।

জয় রুন্দাবন-সূরতরুতল-স্থিতি। কোটি কোটি মনমথ-মথন মূর্রাত॥ জর জর ভক্তগণ রূপা কর মোরে। শ্রীচরণাম্বুজরজ দেহ মোর শিরে॥ দত্তে তুণ ধরি' যুক্তি করে। নিবেদন। রাধাক্নফ-লীলামূতে ডুবু মোর মন॥ সংজ্ঞপেতে নিশাক্তত্য করিয়ে লিখন। যাহার শ্রবণ হয় কণ রসায়ন॥ গৌরচন্দ্র, নিত্যানন্দ, অধৈত আচার্য্য। গদাধর, শ্রীবাসাদি যত ভক্তবর্ষ্য ॥ গ্রীবাসপ্রাঙ্গণে আরম্ভিল সঙ্কীত ন। চতুর্দিকে মগুলী করিয়া ভক্তগণ ॥ या नाट शोतहत्व शनाधत-मा নিত্যানন্দ, অদৈত-আচার্য্য কত রঙ্গে। জয় রুষ্ণ গোবি**ন্দ** গোপাল বনমালী। নামাবলী গায়, সবে দেয় করতালি॥ তাথৈ তাথৈ বাজে মধুর মুদঞ্গ। চরণে নুপুরধ্বনি অদ্ভুত তরঙ্গ। নানাফুলে বন্মালা শোভা গৌর-অঙ্গ। নয়ন-কমলে বহে জাহ্নবী-তরঙ্গ। কদম্বকুসুম জিনি'পুলক-মুকুল। ষর্ম্ম বিন্দু বিন্দু শোভে অতি মনোহর ॥

থর থর কাঁপে অঙ্গ থেন চলদল। कर्छ ना निःभरत वानी शक्शम खत । ক্ষণে অঙ্গ স্তম্ভ হয়. ক্ষণেতে বিবণ'। कर्त म र्म्हा रय़, कर्त एका स गर्छना ক্ষণে অট্ট অট্ট হাসে, ক্ষণে গড়ি যার। জাস্বূদ জিনি' ততু গুলার লোটার॥ চতুর্দ্ধিকে ভক্তগণ হরি হরি বলে। কেহ কা'র কণ্ঠ ধরি' কান্দে উচ্চৈঃস্বরে ৷ এইমত কভক্ষণ করি সঞ্চীত ন। বিশ্রাম করেন প্রভু লৈয়। ভক্তগণ॥ দাসগণ নানাবিধ করুয়ে সেবন। পাদসম্বাহন আর তাফুল, ব্যঞ্জন।। নানাবিধ ফল আর বিবিধ প্রকার। ভক্তগণ সঙ্গে লৈয়া করেন ভোজন ॥ আচমন করি' সুখে তান্ধুল থাইরা। পুম্পোজানে দিবাগৃহে শ্যাতে যাইয়া ॥ শরন কররে প্রভু ঐাশচীনন্দন। দাসগণ নানাবিধ করয়ে সেবন॥ এই ত গৌরাস্থলীলা করিল বর্ণন এবৈ রধোরুষ্ণলীলা শুন ভক্তগণ॥ ১॥ নিকুঞ্জ-মন্দিরে রাধাক্বঞ্চ উৎকণ্ঠাতে। মিলিলেন তুহু[°]জন স্থাগণ সাথে॥

द्रम्लारमयी मरम रेनद्रा वनरमयीश्व। অতি অনুরাগে কৈল দোহার সেবন। ছয় ঋতু–সুমেবিত শোভে রন্দাবন। বিহার করিতে তুত্ত করিল গমন॥ শ্রীরাখার দক্ষিণ কর ধরি' বাম করে। গ্রীগোবিন্দ গজরাজগতি চলে ধীরে। जार्ग जार्ग तुन्नारम वी कत्रसः गमन। দক্ষিণে ললিতা, বামে বিশাখা শোভন। তান্ত্ৰল-বীটিকা তুহু[°] করে সমর্পণ। চামর ব্যঞ্জন করে কোন সখীগণ। কুস্ম-লকুটী লৈয়া কেহ চলে আগে। কেই শাছে পুষ্পছত্র ধরে অনুরাগে। চতুৰ্দিকে সখীগণ গান করে রঙ্গে। বনে বিহররে হুহু আনন্দ-তরঙ্গে। এইমত বনক্রীড়া করি' হর্ষমনে। প্রবেশ হইল যাঞা ষযুনা-পুলিনে॥ স্থাগণ চতুৰ্দ্দিকে সণ্ডলী রচিয়া। মধ্যে নাচে রাধারুষ্ণ আনন্দিত হৈরা। সনি-বাদ্য-নৃত্য-রাসবিলাসাদি করি'। কান্তা লৈয়া মধুপান করিল শ্রীহরি॥ মধুপানমদে সবার যূর্ণিত নরন। নিকুঞ্জ-মন্দিরে যাঞা করিল শয়ন॥


কান্তাগণ–সঙ্গে রতি-ক্রীড়াদি করিয়া। যমুনাতে জলক্রীড়া কৈল ইর্য হৈয়া॥ তীরে উঠি' বসন-ভূষণ স্তুচন্দন। অঞ্জন, সিন্দূর, মালা কেণ্র স্থন॥ পরস্পার অঙ্গে সবে করিয়া শৃঙ্গার। **নিকুঞ্জে ভোজন কৈল নানা** উপচার॥ ভোজন সমাপ্তি করি' কৈল আচমন। কুসুম-শ্যাতে তুহু করিল শ্রন॥ সখীগণ নিজ নিজ কুঞ্জেতে যাইয়া। শ্যাতে শ্য়ন কৈল আনন্দিত হৈয়া।। দাসীগণ রাধাক্তঞের করয়ে সেবন। পাদসম্বাহন করে, চামর-ব্যজন॥ এই মত সুখে তুহুঁ করিল শয়ন। নিজ নিজ স্থানে শ্রন কৈল দাসীগণ ॥ এই নিশালীল; হয় কর্ণরসায়ন। দিশামাত্র কিছু আমি করিল বর্ণন। এক্দিন-ক্বত্য সাধকের এই হয়। এ লীলাম্মরণে প্রেমভক্তি সে মিলয়॥২॥ [গ্রন্থ-সমাপনে আত্মনিবেদনাদি] জয় জয় বৈষ্ণব ঠাকুর ক্লপাসিকু। জয় জয় পতিতপাবন দীনবন্ধু॥ পাপী উদ্ধারিতে তোমাদের অবতার। মো সমান পাপী সংসারেতে নাহি আর॥ মোরে উদ্ধারিয়া কর স্বনাম সফল। পতিতপাবন নাম ঘুৰুক সকল॥ দ্যা করি' মো পাপীরে যদি না তরাবে। পতিতপাৰন নামে কলঙ্ক লাগিবে। যদি বল 'তুমি হও পাপিষ্ঠ অধম। কোটি জন্ম হবে তোর নরকে গমন'॥ তাতে মোর চিন্তা নাহি, শুন, ভক্তগণ। তোমার নামাভাসে হয় পাপবিমোচন। কপোত, বণিক, ব্যাধ, চণ্ডালাদি করি'। তোমাদের সঙ্গ হৈতে সবে গেল তরি'॥ যদি বল ,তুমি হও সাধু-অপরাধী। কখন না হবে ভোর মনোরথ-সিদ্ধি'॥ তা'তে নিবেদন করেঁ৷ শুন দয়াময়! নিজজন-অপরাধ ক্ষমা কৈলে হয়। মাতা-কোলে পুত্র যদি মলমুত্র করে। সেই দোষে মাতা তা'রে ত্যাগ নাহি করে॥ অশরাধী হই যুক্তি তোমার চরণে। অপরাধ ক্ষমা করি' রাখ নিজজনে॥ অ শরাধ-ফল যদি মোরে ভোগাইবে। মোর হুঃখ দেখি' তোমার বড় হুঃখ হবে ॥ পরত্বঃখে তুঃখা তুমি দয়ালু অন্তর। তা'তে মোর অপরাধ ক্ষমহ সত্বর ॥'


জর জয় ভক্তগণ কুপা কর মোরে। তোমাদের পদরেণু রহু মোর শিরে॥ জয় জয় ঐাক্লফটৈতন্য দরাময়। কলিযুগ-পাবনাবতার জয় জয়॥ জয় জয় গৌরচন্দ্র শচীর নন্দন। রূপা কর তুয়া গুণ গাঁউ অন্যুক্ষণ॥ পাষণ্ডদলন জন্ম প্রভূ নিত্যানন্দ। অভিন্নচৈতন্য-প্রেমরসময় কন্দ। জয় পদ্মাবতীস,ত অবধূতচন্দ্র। মোর হুদে উদয় করাহ পদদৃন্দু॥ জয় জয় সীতানাথ অদ্বৈত গোসাঞি। তোমা বিনে ত্রিভুবনে কেহ মোর নাই। প্ৰেমায়তদাতা তুমি জগত-জীবন। মো অধমে রূপা করি' দেহ প্রেমধন॥ জয় গদাধর শ্রীবাসাদি ভক্তগণ। শ্রীরুষ্ণটৈতন্য যাঁ' সবার প্রাণধন ॥ জয় গৌরভক্তগণ অপার মহিমা। অতিশয় পাপী যুঞি করহ করুণ।॥ নবদ্বীপে গোরাঙ্গের অদ্ভুতবিহার। তোমাদের সঙ্গে দেখিব কি যুক্তি ছার॥ জ र ज जीताधारगाविन रगिनाथ। জয় রাধা–মদনমোহন প্রাণনাথ।। জয় রন্দাবনচন্দ্র রসিকশেখর। জর রাধারুক্ত শুচিরসের সাগর॥

জয় ললিভাদি সখীগণের জীবন। ক্রপা করি' দেহ তোমার চরণ-সেবন। দত্তে তৃণ ধরি যুঞি করে। নিবেদন। তুয়া লীলাগুণ যেন গাঁউ অনুক্ষণ ॥ रिनलिख्युकू हैमिन कर रगावर्त्तन। ব্রজলোকসেব্য সর্ব্ব-আনন্দবর্দ্ধন ॥ জয় হরিদাসবর্য্য জয় রক্ষম্তি। ক্রপা করি' মো অধমে দেহ প্রেমভক্তি॥ নিকটেতে বাস দিয়া সদা রাখ মোরে। তুরা-নাম-গুণ-রূপ জাগুক অন্তরে॥ ভোমা-কাছে এ শ্রীর হউক পতন। এই বাঞ্ছা কবে মোর করিবে পূরণ॥ তুমি মোর সাধন-ভজন অনুক্রণ। তুমি জ্ব-ত্ব-ব্ৰত স্কল নিয়ম॥ শ্রনে, স্বানে জাগরণে বা ভোজনে। কিবা পানে গমনে বা কিবা আল।পনে॥ তুরা-পা**দপত্রে স**দা রহু^{*} মোর মন। এই অভিলাষ তুমি করহ পূরণ॥ জয় জয় গুরুদেব আনন্দের কন্দ। সর্বলোকবন্দ্য সদা চরণারবিন্দ ॥ অধম-তারণ-হেতু প্রকট প্রকাশ। কুপামধুপূর্ণ-নেত্র-কমল বিকাশ # ক্রপা করি' মন্ত্র দিয়া আত্মসাৎ কৈলে। সংসার নরক হৈতে হেলে তরাইলে ॥

রাধারঞ-লীলারস-তত্ত্ব শিখাইলে। ত্র',জ সাধু**দক্ষে স**ুখে বাস করাইলে। তুমি হেন ক্লুশাগুণ-গণ রত্ননিধি। তোমা-পদ না সেবিকু মুঞি মন্দবুদ্ধি॥ কবে তোমার সঙ্গে রঙ্গে গৌরাঙ্গ-বিহার ; ভক্তরুন্দ- বেষ্টিত দেখিব যুঞি ছার॥ রাধারঞ্গাদ সেবা অমূল্য রতন। মো–অধম প্রতি কি করিবে সমর্পণ॥ তোমা-সঙ্গে নিকুঞ্জ-মন্দির কবে যা'ব। যুগলকিশোর-রূপ নয়নে দেখিব॥ আঘ্রাণ করিব দোঁতার অঙ্গ-পরিমল। শ্রবণে শুনিব লীলাগুণ সুনির্ন্তাল। দোঁহার চব্বিত তাদ্বুল ভোজন করিয়া : ভূমিতে পড়িব কৰে মূৰ্চ্চিত হইয়া। তুহুঁ পাদানুজ কবে করি' সন্বাহন। বক্ষঃস্থলে ধরি' ক্বে জুড়াব জীবন। সদা মনোমাঝে এই করি-অভিলাষ। জর জর গুরুদেব পূর্ণ কর আশ। গ্রীগুরুচরণাশ্রিত দীন ক্লফদাস। সাধনামূতচন্দ্রিকা করিল প্রকাশ॥ ইতি শ্রীসাধনামূতচন্দ্রিকায়ামন্তমঃ প্রকাশঃ। ममारखारुतः श्रन्थः







প্রকাশিত গ্রন্থ

১। শ্রীনৃসিংহ চতুর্দ্দশী। ২। শ্রীসাধনামৃতচন্দ্রিকা।

৫। গ্রীগোবিন্দ লীলামৃত (মূল, চীকা, অনুবাদ চতুর্থ সর্গান্ত)

যন্ত্ৰন্থ গ্ৰন্থ

১। এ। সংকল্প কল্পড়ম । (মূল, টীকা' হিন্দী অনুবাদ)

২। এতি প্রেম সম্পূট (মূল, টীকা, হিন্দী অনুবাদ)

৩। এীব্ৰঙ্গরীতি চিতামণি (মূল, টীকা, হিন্দী অনুবাদ)

ও। শ্রীগোবিন্দ লীলামৃত (মূল, টীকা, হিন্দী অনুবাদ সর্গ ৫ হইতে ২৩ পর্যান্ত)

L'ESTES

আগামী প্রকাশন

১। অলম্বার কোস্তভ (মূল, টাকা, অমুবাদ)

২। ষট্সন্দর্ভ (মূল, টীকা, হিন্দী অন্নাদ)



প্রাপ্তিস্থান

সদ্ গ্রন্থ প্রকাশক শ্রীগদাধর গোরহরি প্রেস শ্রীহরিদাস নিবাস

কালিয়দহ, পোঃ - বৃন্দাবন, জেলা-মথুর। (উত্তর প্রদেশ)